বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা বৃহস্পতিবার ॥ বর্ষ-২ সংখ্যা-২৮৩ ॥ ৩০ জানুয়ারি ২০২৫ ॥ ১৬ মাঘ ১৪৩১ বাংলা ॥ ২৯ রজব ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## খুনিরা কোনো প্রতিবাদ-সমাবেশ করলে কঠিন জবাব দেবে জনগণ : প্রেস সচিব

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তীকালীন সরকার বাংলাদেশের জনগণের প্রতিনিধিত্ব করে। আমরা দেশকে সহিংসতার দিকে ঠেলে দেওয়ার কোনো ধরনের প্রচেষ্টাকে সুযোগ দেব না। খুনিরা কোনো প্রতিবাদ-সমাবেশ করলে তার বিরুদ্ধে কঠিন জবাব দেবে বাংলাদেশের জনগণ। বুধবার (২৯ জানুয়ারি) প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে এসব কথা লেখেন। প্রেস সচিব লেখেন, 'আগস্টে দায়িত্ব গ্রহণের পর থেকে অন্তর্বর্তীকালীন সরকার কোনো ন্যায্য বিক্ষোভ বন্ধ বা নিষিদ্ধ করেনি। ২-এর পাতায় দেখুন



## ভারতকে কোনো বিষয়ে ছাড় দেওয়া হবে না: বিজিবি প্রধান

**স্টাফ রিপোর্টার :** সীমান্তসহ ভারতকে কোনো বিষয়েই ছাড় দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকি। বুধবার (২৯ জানুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। বিজিবি প্রধান বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়কে বলেছি ভারতের সঙ্গে অসম ২-এর পাতায় দেখুন



## আ.লীগ কীভাবে কর্মসূচি দেয়, প্রশ্ন সারজিসের

**স্টাফ রিপোর্টার :** ফেব্রুয়ারিতে হরতালসহ ৫ কর্মসূচি ঘোষণা করেছে আওয়ামী লীগ। তাদের এ কর্মসূচি নিয়ে প্রশ্ন তুলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক ও জাতীয় নাগরিক কমিটির মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, সরকার পতনের ছয় মাস যেতে না যেতেই আওয়ামী লীগ কীভাবে কর্মসূচি দেয়? বুধবার (২৯ জানুয়ারি) সকালে কাকরাইলে উইলস লিটল ফ্লাওয়ার স্কুলে জুলাই গণঅভ্যুত্থান ২-এর পাতায় দেখুন

# নজিরবিহীন স্বাধীন গণমাধ্যম



**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের গণমাধ্যম এখন নজিরবিহীন স্বাধীনতা ভোগ করছে বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে ভুল তথ্যের বন্যা বয়ে গেছে বলে জানিয়েছেন তিনি। বুধবার (২৯ জানুয়ারি) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মার্কিন যুক্তরাষ্ট্রের ওপেন সোসাইটি ফাউন্ডেশনের প্রতিনিধিদল প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। ওপেন সোসাইটি ফাউন্ডেশনের চেয়ারম্যান অ্যালেক্স সোরোস এবং সভাপতি বিনাইফার নওরোজির নেতৃত্বে প্রতিনিধিদল প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে অন্তর্বর্তী সরকারের সংস্কারের প্রতি সমর্থন ব্যক্ত করে। ওপেন সোসাইটি ফাউন্ডেশন বাংলাদেশের গুরুত্বপূর্ণ স্বল্পোন্নত দেশ উত্তরণ প্রক্রিয়ায় সহায়তা করার আগ্রহ প্রকাশ করে, যা প্রধান উপদেষ্টা স্বাগত জানান। ড. মুহাম্মদ ইউনূস বলেন, আমাদের এই উত্তরণ প্রক্রিয়াটি কোনো সমস্যা ছাড়াই কীভাবে সম্পন্ন করা যায়, সে বিষয়ে ভাবতে হবে। সাক্ষাৎকালে অ্যালেক্স সোরোস ইতিহাসের এক জটিল সময়ে দেশকে নেতৃত্ব দেওয়া এবং দেশের প্রতিষ্ঠানগুলো ঠিক করা ও অর্থনীতি পুনর্গঠনে প্রয়োজনীয় সংস্কারের উদ্যোগ নেওয়ায় ড. ইউনূসের প্রশংসা করেন। প্রধান উপদেষ্টা বলেন, ছাত্রদের নেতৃত্বাধীন গণঅভ্যুত্থান দেশের জন্য একটি নতুন গতিপথ নির্ধারণের ২-এর পাতায় দেখুন

## আদেশ স্থগিত, কারিগরির সাড়ে ৩ হাজার জনের নিয়োগে বাধা নেই : হাইকোর্ট

**স্টাফ রিপোর্টার :** কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে দেশের বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) বা ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর (দশম গ্রেড) পদে সাড়ে ৩ হাজার জনের নিয়োগ স্থগিতসহ নিয়োগ প্রশ্নে গত ২৭ জানুয়ারি রুল জারি করেন হাইকোর্ট। এবার সেই আদেশ চার সপ্তাহের জন্য স্থগিত করেছেন আপিল বিভাগ। এর ফলে তাদের নিয়োগে বাধা নেই, এমনটাই জানিয়েছেন আইনজীবীরা। বুধবার (২৯ জানুয়ারি) প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন আপিল বিভাগ এ আদেশ দেন। একইসঙ্গে এ বিষয়ে জারি করা রুল ৬ সপ্তাহের মধ্যে নিষ্পত্তি করারও নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি নিয়োগ পরীক্ষায় জালিয়াতির অভিযোগ নিয়ে সিআইডিকে ৩ সপ্তাহের মধ্যে হাইকোর্টে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। এ সময় আদালতে রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার কায়সার কামাল। আর তাকে সহযোগিতা করেন ২-এর পাতায় দেখুন



## আগামীকাল থেকে শুরু বিশ্ব ইজতেমার প্রথম পর্ব

**স্টাফ রিপোর্টার :** আগামীকাল শুক্রবার থেকে শুরু হচ্ছে এ বছরের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। গাজীপুরের টঙ্গীর তুরাগ নদের তীরে দেশি-বিদেশি মুসলিম উম্মাহদের ইসলামি এই মহাসম্মেলন চলবে ২ ফেব্রুয়ারি পর্যন্ত। এদিন আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হবে প্রথম পর্ব। এবারের বিশ্ব ইজেতেমা হবে তিন পর্বে। এরই মধ্যে সম্পন্ন হয়েছে যাবতীয় প্রস্তুতি। প্রথম পর্বে অংশ নেবেন শোরায়ী নেজামের অনুসারীরা। ইজতেমার দ্বিতীয় পর্ব শুরু হবে ৩ ফেব্রুয়ারি। আখেরি মোনাজাতের মাধ্যমে শেষ হবে ৫ ফেব্রুয়ারি। এই দুই পর্বে অংশগ্রহণ করবেন মাওলানা জোবায়েরপন্থিরা। এরপর আট দিন বিরতি দিয়ে ১৪ ফেব্রুয়ারি শুরু হবে তৃতীয় পর্বের বিশ্ব ইজতেমা। সেখানে অংশগ্রহণ করবেন সাদপন্থিরা। ১৬ ফেব্রুয়ারি আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে এবারের বিশ্ব ইজতেমা। এবারের আয়োজনকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে মেট্রোপলিটন পুলিশ, জেলা প্রশাসন, সিটি করপোরেশনসহ ২-এর পাতায় দেখুন

## শীতের মধ্যেই ৪ বিভাগে বৃষ্টির পূর্বাভাস

**স্টাফ রিপোর্টার :** সারাদেশে কুয়াশার সঙ্গে রয়েছে শীতের অনুভূতি। এরই মধ্যে ঢাকাসহ দেশের ৪টি বিভাগের বেশকিছু অঞ্চলে দুদিন বৃষ্টি ঝরতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে এই সময়ে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলেও জানানো হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। তবে শুক্র ও শনিবার (৩১ জানুয়ারি-১ ফেব্রুয়ারি) ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগসহ কিশোরগঞ্জ ও কুমিল্লায় হালকা অথবা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হতে পারে। শুক্রবার (৩০ জানুয়ারি) সকাল ৯টা পর্যন্ত কুমিল্লা অঞ্চলসহ ময়মনসিংহ, ঢাকা ও ২-এর পাতায় দেখুন

## ভারতের সঙ্গে অসম চুক্তি নিয়ে আলোচনা হবে: স্বরাষ্ট্র উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** আওয়ামী লীগ সরকারের আমলে ভারতের সঙ্গে হওয়া সব ধরনের অসম চুক্তি নিয়ে আলোচনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। বুধবার (২৯ জানুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, সীমান্তবর্তী এলাকায় ভারতীয়রা অনেক সময় মাদক তৈরি করে, সেখানে তারা ফেন্সিডিল তৈরি করে আমাদের দেশে ঢুকিয়ে দেয়। তারা ফেন্সিডিলগুলো ওষুধ হিসেবে বানাচ্ছে বললেও আসলে এটা মাদক হিসেবেই বানানো হয়। তিনি আরও বলেন, সীমান্তে ১৫০ গজের মধ্যে কিছু কাজ করতে হলে দুই পক্ষে অনুমতি নিতে হয়। এগুলো একপক্ষে করার নিয়ম নাই। যদিও তারা এভাবেই করতে চায়। উন্নয়নমূলকভাবে একটা মসজিদ বা মন্দির করতে হলে দুই দেশের সম্মতি প্রয়োজন। আগামীতে কিছু করতে হলে যেন তারা সম্মতি নেয়, এ বিষয়ে গুরুত্ব দেওয়া হবে। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, বিএসএফ বা ভারতীয় নাগরিক/ভারতীয় দুষ্কৃতকারী কর্তৃক সীমান্ত হত্যা/সীমান্তে নিরস্ত্র বাংলাদেশি নাগরিকদের ওপর গুলি চালানো বা কাউকে আহত করা বন্ধ করার বিষয়ে আলোচনা হবে। সীমান্ত সম্মেলনে বিএসএফ বা ভারতীয় নাগরিক কর্তৃক বাংলাদেশি নাগরিকদের ধরে নিয়ে যাওয়া বা আটক করা বন্ধ করতে আলোচনা করা হবে। জাহাঙ্গীর আলম চৌধুরী আরও বলেন, বিএসএফ বা ভারতীয় নাগরিক কর্তৃক সীমানা লঙ্ঘন বা অবৈধ পারাপার অথবা অনুপ্রবেশ বন্ধে গুরুত্ব দেওয়া হবে। ভারত থেকে বাংলাদেশে ইয়াবা ও ফেন্সিডিলসহ বিভিন্ন প্রকার অবৈধ মাদকদ্রব্য, অস্ত্র ও গোলাবারুদ এবং বিস্ফোরক দ্রব্য চোরাচালান প্রতিরোধ করতে গুরুত্ব দেওয়া হবে। এ ছাড়া আগরতলা থেকে আখাউড়ার দিকে বর্জ্য পানি প্রবাহিত হয়, এমন চারটি খালে পানি শোধনাগার স্থাপন কারার বিষয়ে আলোচনা হবে।

বাংলাদেশ-ভারত সীমান্তবর্তী নদীগুলোর পানির সুষম বণ্টন, নদী থেকে পানি উত্তোলন, পানি চুক্তি বাস্তবায়ন এবং রহিমপুর খালের মুখ পুনঃউন্মুক্তকরণেও আলোচনা হবে বলে জানান স্বরাষ্ট্র উপদেষ্টা।

## তিন বিভাগীয় কমিশনারসহ ৮ জনকে হাইকোর্টে তলব

**স্টাফ রিপোর্টার :** অবৈধ ইটভাটা ও ইটভাটার জ্বালানি হিসেবে কাঠের ব্যবহার বন্ধে কার্যকর পদক্ষেপ না নেওয়ায় তার ব্যাখ্যা দিতে ঢাকা, চট্টগ্রাম ও খুলনার বিভাগীয় কমিশনারকে তলব করেছেন হাইকোর্ট। একইসঙ্গে নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাটের জেলা প্রশাসক (ডিসি) ও সাভার-ধামরাই উপজেলার নির্বা হী অফিসারকে (ইউএনও) তলব করা হয়েছে। আগামী ১২ ফেব্রুয়ারি তাদের আদালতে হাজির হয়ে ব্যাখ্যা দিতে বলা হয়। এ সংক্রান্ত এক আবেদনের শুনানি নিয়ে গতকাল বুধবার বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মনজিল মোরসেদ। রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ২-এর পাতায় দেখুন



## নির্বাচনসংক্রান্ত আইন পর্যালোচনাসহ ১১ বিষয় নিয়ে বসতে যাচ্ছে ইসি

**স্টাফ রিপোর্টার :** জাতীয় সংসদের নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণসহ নির্বাচনসংক্রান্ত বেশ কয়েকটি আইন পর্যালোচনা করবে নির্বাচন কমিশন (ইসি)। এসব আইন পর্যালোচনাসহ মোট ১১টি বিষয় নিয়ে বৈঠকে বসতে যাচ্ছে কমিশন। আজ বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) বর্তমান নির্বাচন কমিশনের তৃতীয় সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে হবে এ সভা।। এতে সভাপতিত্ব করবেন প্রধান নির্বানচ কমিশন (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। সভায় অন্য চার নির্বাচন কমিশনারসহ ইসি কর্মকর্মকর্তারা উপস্থিত থাকবেন। ইসি কর্মকর্তারা জানান, নবম জাতীয় সংসদ নির্বাচনে সারা দেশের ৩০০ সংসদীয় আসনের মধ্যে ১৩০টি আসনে ব্যাপক রদবদল এনেছিল বিগত এ টি এম শামসুল হুদা কমিশন। এরপর এ টি এম শামসুল হুদার আমলে আসন অবিকল বহাল রেখে টুকটাক আসন বিন্যাস করে দায়িত্ব ২-এর পাতায় দেখুন



## 'বিনিময়' প্লাটফর্ম ছিল শেখ হাসিনার ছেলে জয়ের শেল কোম্পানি: গভর্নর

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর বলেছেন, আন্তঃব্যাংক মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) এগোতে না পারার একটা বড় কারণ এটাকে আইসিটি মন্ত্রণালয়ের অধীনে দেওয়া হয়েছিল। আন্তঃব্যাংক এমএফএস পরিচালনার জন্য 'বিনিময়' নামে যে ২-এর পাতায় দেখুন

## রেল উপদেষ্টার আশ্বাসে রানিং স্টাফদের কর্মবিরতি প্রত্যাহার

**স্টাফ রিপোর্টার :** রানিং স্টাফদের মাইলেজ সমস্যা গতকাল বুধবারের মধ্যে সমাধান করা হবে, রেলপথ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খানের এমন আশ্বাসে গত মঙ্গলবার মধ্যরাতে কর্মবিরতি প্রত্যাহার করে নিয়েছেন রেলওয়ের রানিং স্টাফ। এর আগে গত সোমবার দিবাগত রাত ১২টা থেকে গত মঙ্গলবার রাত আড়াইটা পর্যন্ত মোট সাড়ে ২৬ ঘণ্টা সারা দেশে ট্রেন চলাচল সম্পূর্ণ বন্ধ রাখেন রেলওয়ের রানিং স্টাফরা। এ সময় দিনব্যাপী রানিং স্টাফরাদের সঙ্গে আলোচনার চালিয়ে যাওয়ার চেষ্টা করা হয় রেলওয়ে কর্তৃপক্ষের পক্ষ থেকে। পরে গত মঙ্গলবার দিবাগত রাতে রেলপথ উপদেষ্টার বাস ভবনে বৈঠকে বসেন বাংলাদেশ রেলওয়ের রানিং স্টাফ ও কর্মচারী শ্রমিক ২-এর পাতায় দেখুন



পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের সাথে আজ সচিবালয়ে তাঁর ফিসকক্ষে দ্য গ্লোবাল ফান্ডের সিনিয়র ফান্ড পোর্টফোলিও ম্যানেজার Gyongyyer Jakab সাক্ষাৎ করেন। -পিআইপি


## পবিত্র শবে বরাত কবে জানা যাবে আজ

**স্টাফ রিপোর্টার :** ১৪৪৬ হিজরি সনের পবিত্র শবে বরাতের তারিখ নির্ধারণ এবং পবিত্র শাবান মাসের চাঁদ দেখার লক্ষ্যে আজ বৃহস্পতিবার জাতীয় চাঁদ দেখা কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। ইসলামিক ফাউন্ডেশনের জনসংযোগ কর্মকর্তা বিল্লাল বিন কাশেমের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সন্ধ্যা পৌনে ৬টায় (বাদ মাগরিব) ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। বাংলাদেশের আকাশে কোথাও পবিত্র শাবান মাসের চাঁদ ২-এর পাতায় দেখুন

## বিশৃঙ্খলা এড়াতে ইজতেমায় নিরাপত্তা জোরদার করা হয়েছে: আইজিপি



**গাজীপুর পতিনিধি :** পুলিশের ইন্সপেক্টর জেনারেল (আইজিপি) বাহারুল আলম বলেছেন, এবার বিশ্ব ইজতেমায় আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা পূর্বের চাইতে অধিক জোরদার করা হয়েছে। এবার ইজতেমায় প্রায় ৭ হাজার আইনশৃঙ্খলা বাহিনী নিরাপত্তার দায়িত্ব পালন করবেন। এছাড়া ইজতেমার পক্ষ থেকে তাবলিগের কাজে নিয়োজিত ১০ হাজার স্বেচ্ছাসেবক নিয়োগ করা হয়েছে। বুধবার (২৯ জানুয়ারি) দুপুরে বিশ্ব ইজতেমা ময়দানের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। বাহারুল আলম বলেন, পুরো ইজতেমা ময়দানকে ৩৩৫টি সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। ইজতেমা এবার ড্রোন দিয়ে পর্যবেক্ষণ করা হবে। এছাড়া র‍্যাবের হেলিকপ্টার টহল এবং নৌ-পুলিশের সদস্যরা তুরাগ নদীতে স্পিডবোট দিয়ে টহল দেবে। ইজতেমা ময়দানের আশপাশে ২০টি চেকপোস্ট বসানো হয়েছে। ওয়াচ টাওয়ার থেকে বাইনোকুলারের মাধ্যমে গতিবিধি পর্যবেক্ষণ করা হবে। বিশ্ব ইজতেমা ময়দানের অভ্যন্তরে প্রতিটি খিত্তায় সাদা পোশাকে পুলিশ সদস্যরা দায়িত্ব পালন করবেন। তিনি জানান, বোম্ব ডিসপোজাল ইউনিট, সোয়াট টিম, ডগ স্কোয়াড, বিস্ফোরক টিম, ক্রাইম সিন ভ্যান, চুরি, ছিনতাই ও পকেটমার প্রতিরোধ টিম এবং নৌ টহল থাকবে। রেলওয়ে স্টেশনেও বিশেষ নিরাপত্তা ব্যবস্থা ২-এর পাতায় দেখুন



## সায়মা ওয়াজেদের সূচনা ফাউন্ডেশনের অস্তিত্ব খুঁজে পায়নি দুদক

**স্টাফ রিপোর্টার :** সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের প্রতিষ্ঠিত সূচনা ফাউন্ডেশনের ঠিকানায় অভিযান চালাতে গিয়ে প্রতিষ্ঠানটির অস্তিত্বই খুঁজে পায়নি দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (২৯ জানুয়ারি) দুপুরের দিকে সায়মা ওয়াজেদের সূচনা ফাউন্ডেশন অভিযান চালানোর কথা জানানো হয়েছিল ২-এর পাতায় দেখুন

## শিল্পে উৎপাদন খাতের অবদান ১১.৫ থেকে কমে ৮.৭৭ শতাংশে

**স্টাফ রিপোর্টার :** গত সাড়ে ১৫ বছরে গণতন্ত্র, মানবাধিকার, ব্যবসা-বাণিজ্যসহ দেশের অর্থনীতিকে ধ্বংস করেছে জুলাই অভ্যুত্থানে পতিত হাসিনা সরকার।



১৮ কোটি মানুষের রক্ত-ঘাম ঝরানো করের টাকার যথেচ্ছ অপব্যয়ে এবং প্রকল্পের নামে পকেট ভারী করেছে ফ্যাসিস্ট সরকার। দেশের অর্থনীতি বড় হবে, আসবে বড় দেশি-বিদেশি বিনিয়োগ, শিল্পপ্রতিষ্ঠান হবে, কর্মসংস্থান হবেড় এসব বুলি আওড়ে নেওয়া হয়েছে পদ্মা সেতু, মেট্রো রেল, কর্ণফুলী টানেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মতো মেগাপ্রকল্প। কিন্তু এসবের নাম করে তথ্যের গোঁজামিলে ফুলিয়ে-ফাঁপিয়ে দেখানো হয়েছে বৃহত্তর কাগুজে অর্থনীতি। প্রকৃতপক্ষে এর বেশির ভাগই মিছে। বাস্তবে হয়েছে লুটপাট; ধ্বংস করা হয়েছে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, করপোরেট সুশাসন তথা দেশের অর্থনীতি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) অর্থনৈতিক শুমারি ২০২৪-এর প্রতিবেদনে এই চিত্র ফুটে উঠেছে। এই শুমারির প্রাথমিক ফলাফল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে বুধবার (২৯ জানুয়ারি)। পরিসংখ্যান ভবনে অনুষ্ঠেয় এই আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সরকারের পরিকল্পনা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) হিসাবে, ২০১২-১৩ অর্থবছরে দেশে উৎপাদন খাতে মোট উৎপাদনের পরিমাণ ছিল এক লাখ ৯৭ হাজার ১২৭ কোটি টাকা। সর্বশেষ হিসাবে গত অর্থবছরে এর পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১১ লাখ ৩২ হাজার ৭৩৫ কোটি টাকায়। ১১ বছরে উৎপাদন খাতের মোট ২-এর পাতায় দেখুন

## সালমান-মামুন সৈকত রিমান্ডে

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর মিরপুর এলাকায় বৈষম্যবিরোধী আন্দোলনকেন্দ্রিক আসিফ হত্যা মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক উপদেষ্টা সালমান এফ রহমান ও পুলিশের সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল মামুনকে তিন দিনের রিমান্ড দিয়েছেন আদালত। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতকে চার দিনের রিমান্ডে পাঠানো হয়েছে। গতকাল বুধবার ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এম আজহারুল ইসলাম শুনানি শেষে সালমান এফ রহমান ও চৌধুরী আব্দুল্লাহ আল মামুনের রিমান্ডের আদেশ দেন। সৈকতের রিমান্ডের আদেশ দেন ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এম আজহারুল ইসলাম। এর আগে, মামলার তদন্ত কর্মকর্তা ও সিআইডির ঢাকা ২-এর পাতায় দেখুন




## গুম ও হত্যার নির্দেশ দিতেন হাসিনা এইচআরডব্লিউর প্রতিবেদন

**স্টাফ রিপোর্টার :** স্বৈরশাসক শেখ হাসিনা নিজেই গুম ও হত্যার নির্দেশদাতা ছিলেন। তার সরাসরি নির্দেশে গুম ও হত্যার মতো ঘটনা ঘটেছে। যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের (এইচআরডব্লিউ) এক প্রতিবেদনে মানবাধিকার লঙ্ঘনের এমন সব ভয়ংকর তথ্য উঠে এসেছে। মঙ্গলবার ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এইচআরডব্লিউর এশিয়া অঞ্চলের পরিচালক ইলেইন পিয়ারসনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল অধ্যাপক ইউনূসের সাথে সাক্ষাৎ করেন। এ সময় তারা প্রধান উপদেষ্টার কাছে জুলাই বিপ্লবের ওপর একটি প্রতিবেদন হস্তান্তর করেন। প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়েছে। এইচআরডব্লিউর প্রতিনিধিদলটি অন্তর্বর্তীকালীন ২-এর পাতায় দেখুন

## কর্মবিরতিতে কমলাপুর স্টেশনে লোকসান সোয়া কোটি

**স্টাফ রিপোর্টার :** রানিং স্টাফদের কর্মবিরতির ৩০ ঘণ্টায় রাজধানীর কমলাপুর স্টেশনে প্রায় এক কোটি ২০ লাখ টাকার মতো লোকসান হয়েছে। এছাড়া কোচ ব্যালান্সের কারণে জয়ন্তিকা ও বুড়িমারী এক্সপ্রেসের গতকাল বুধবার যাত্রা বাতিল করা হয়েছে। গতকাল বুধবার কমলাপুর রেলওয়ে স্টেশন ম্যানেজার শাহাদাত হোসেন এ তথ্য জানান। কমলাপুর রেলওয়ে স্টেশনে নিজ কার্যালয়ে শাহাদাত হোসেন বলেন, আমাদের (কমলাপুর) স্টেশন থেকে সাধারণত প্রতিদিন এক কোটি ১৫ লাখ থেকে এক কোটি ২০ লাখ টাকা আয় হয়। গত মঙ্গলবার বন্ধ থাকায় এই ক্ষতি হয়েছে। স্টেশন ম্যানেজার বলেন, যে দুটি ট্রেনযাত্রা বাতিল করা হয়েছে, সেগুলোর টাকা ২-এর পাতায় দেখুন

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
মানবিক বাংলাদেশ
ঢাকা বৃহস্পতিবার ॥ ৩০ জানুয়ারি ২০২৫ ॥ ১৬ মাঘ ১৪৩১ বাংলা



চার দেশের কূটনীতিকের পরিচয়পত্র পেশ

# বিনিয়োগ-বাণিজ্য বাড়াতে কাজ করার আহ্বান রাষ্ট্রপতির

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ থেকে ওষুধ, তৈরি পোশাক, হিমায়িত খাদ্যসহ বিভিন্ন আন্তর্জাতিক মানের পণ্যের আমদানি এবং বিভিন্ন খাতে বিনিয়োগ ও বাণিজ্য বাড়াতে কাজ করার জন্য চার দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বুধবার (২৯ জানুয়ারি) সকালে বঙ্গভবনে বাংলাদেশে নবনিযুক্ত লাওসের অনাবাসিক রাষ্ট্রদূত এবং জাম্বিয়া, কেনিয়া ও সাইপ্রাসের অনাবাসিক হাইকমিশনাররা রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। এর আগে বঙ্গভবনে পৌঁছালে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি চৌকস দল রাষ্ট্রদূত ও হাইকমিশনারদের গার্ড অব অনার প্রদান করে। প্রথমে লাওসের রাষ্ট্রদূত বাওমি ভ্যানমানি পরিচয়পত্র পেশ করেন। এরপর, কেনিয়ার হাইকমিশনার মুনিরি পিটার মাইনা, পরে জাম্বিয়ার নবনিযুক্ত হাইকমিশনার পার্সি চান্দা এবং সবশেষে সাইপ্রাসের নবনিযুক্ত হাইকমিশনার এভাগোরাস রায়োনাইডিস রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশ করেন। নতুন রাষ্ট্রদূত ও হাইকমিশনারদের স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, বিশ্বের সব দেশের সঙ্গেই দ্বিপাক্ষিক ও পারস্পরিক সম্পর্ক উন্নয়নকে অগ্রাধিকার দেয় বাংলাদেশ। পারস্পরিক সহাবস্থান ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশ সংকল্পবদ্ধ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের শান্তিরক্ষীরা জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের অংশ হিসেবে বিশ্বের বিভিন্ন দেশে সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছে। বাংলাদেশে বিরাজমান বাণিজ্য ও বিনিয়োগ বান্ধব পরিবেশের উল্লেখ করে রাষ্ট্রপতি কেনিয়া, সাইপ্রাস, জাম্বিয়া ও লাওসের বিনিয়োগকারীদের বিভিন্ন খাতে বিনিয়োগের আহ্বান জানান। এ সময় বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক জোরদার করতে রাষ্ট্রপতি দ্বিপাক্ষিক সরকারি ও বাণিজ্যিক প্রতিনিধিদলের সফর বিনিময়ের ওপর গুরুত্ব আরোপ করেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশসহ বিশ্বের উন্নয়নশীল দেশগুলো মারাত্মক ক্ষতির সম্মুখীন হচ্ছে। তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং টেকসই উন্নয়নে নবায়নযোগ্য জ্বালানি ও গ্রিন টেকনোলজিসহ বিভিন্ন ক্ষেত্রে যৌথ উদ্যোগ গ্রহণের আহ্বান জানান। সাক্ষাৎকালে হাইকমিশনার এবং রাষ্ট্রদূতরা বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি এবং নিজ নিজ দেশের জনগণের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও সম্পর্ক উন্নয়নে কাজ করবেন বলে জানান। তারা দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির কার্যালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## গাজীপুরের সাবেক ভারপ্রাপ্ত মেয়র কিরণ রিমান্ডে

**স্টাফ রিপোর্টার :** বৈষম্যবিরোধী আন্দোলন কেন্দ্রিক উত্তরা পশ্চিম থানার হত্যাচেষ্টা মামলায় গাজীপুর সিটি করপোরেশনের সাবেক ভারপ্রাপ্ত মেয়র ও গাজীপুর মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি আসাদুর রহমান কিরণের চার দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। গতকাল বুধবার তাকে আদালতে উপস্থিত করে সাত দিনের রিমান্ডে নিতে আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা ও উত্তরা পশ্চিম থানার উপ-পরিদর্শক নাজমুল আলম। রাষ্ট্রপক্ষ রিমান্ড মঞ্জুরের পক্ষে শুনানি করে।

৭-এর পাতায় দেখুন



# কারাগারে বসেই ঝাড়ফুঁক দিচ্ছেন দরবেশ: রিজভী

**স্টাফ রিপোর্টার :** বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, 'গত দেড় দশকে শেখ হাসিনা নিজে ও পরিবারের লোকজনের সমন্বয়ে দেশে গোষ্ঠীতন্ত্র কায়েম করেছিলেন। এখন শেখ হাসিনা পাশের দেশ থেকে কর্মসূচির ঘোষণা দিচ্ছেন।'রিজভী বলেন, 'যে কয়জন ধরা পড়ে জেলখানায় আছেন, তাদের মধ্যে একজন দরবেশ (সালমান এফ রহমান) তিনি কারাগার থেকে ঝাড়-ফুঁক দিচ্ছেন। তিনি মাঝেমধ্যে জেলখানা থেকে ঝাড়-ফুঁক পাঠাচ্ছেন। যে এতগুলো শ্রমিক নেমে গেলেই তো হয়। আমি জানি না তাদের বিচার প্রক্রিয়া কিভাবে চলছে? কিভাবে তারা সেখান থেকে বেরিয়ে এই কথাগুলো বলছে। নিশ্চয়ই তাদেরকে নানাভাবে সহায়তা দেওয়া হচ্ছে। তারা সেটির সুযোগ নিয়ে কথাবার্তা বলছে।' গতকাল বুধবার দুপুরে রাজধানীর রমনাস্থ ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) এর সেমিনার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৯তম জন্মবার্ষিকী উপলক্ষে এই আলোচনা সভার আয়োজন প্রকৌশলীদের সংগঠন এসোসিয়েশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (এ্যাব)। কারাগারে বিরোধী দলের নেতাকর্মীদের ওপর নির্যাতন প্রসঙ্গে রিজভী বলেন, অন্যদিকে আমাদেরকে কারাগারে নিয়ে মাদকসেবী ও ফাঁসির আসামিদের সঙ্গে রাখা হতো। আমাদের বিরুদ্ধে রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে নির্যাতন নিপীড়ন করা হয়েছে। শেখ হাসিনার নির্দেশে গুম খুন করা হয়েছে। যা গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। তিনি রাষ্ট্রীয়ভাবে পৃষ্ঠপোষকতা করেছে। অন্তর্বর্তী সরকারের সংস্কার কার্যক্রম প্রসঙ্গে তিনি বলেন, সরকার সংস্কারের কথা বলছে ভালো। কিন্তু সংস্কারের নামে আপনারা সময়ক্ষেপণ করবেন না। এমন সংস্কার আনুন যাতে ফ্যাসিবাদ পুনরায় প্রতিষ্ঠিত হতে না পারে। এমন সংস্কার নিয়ে আসুন যাতে মানুষ ন্যায়বিচার পায়। এমন সংস্কার আনুন যাতে ফ্যাসিবাদের কবর রচনা হয়। আর যাতে কোনো ফ্যাসিবাদের জন্ম না হয়। তা না হলে মানুষ ভালোভাবে নেবে না।'

বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সম্পর্কে রিজভী বলেন, জিয়াউর রহমান বহুমুখী প্রতিষ্ঠান। স্বল্প পরিসরে তাকে নিয়ে আলোচনা করা কঠিন। তার বিভিন্ন কর্মকাণ্ড বিরাট বিস্তৃত। তিনি একজন সফল রাষ্ট্রনায়ক। যথা সময়ে দেশের মানুষের প্রয়োজন বুঝতে পেরেছিলেন। তার গুণাবলী ছিল অপরিসীম। এ্যাবের সভাপতি ও আইইবির প্রেসিডেন্ট প্রকৌশলী রিয়াজুল ইসলাম রিজুর সভাপতিত্বে ও যুগ্ম মহাসচিব প্রকৌশলী একেএম আসাদুজ্জামান চুন্নুর সঞ্চালনায় সভায় বক্তব্য দেন এ্যাবের মহাসচিব প্রকৌশলী আলমগীর হাছিন

৭-এর পাতায় দেখুন

## আমন সংগ্রহে গতি না আসায় বাড়ছে না সরকারের খাদ্য মজুদ

**স্টাফ রিপোর্টার :** আমন সংগ্রহে গতি না আসায় বাড়ছে না সরকারের খাদ্য মজুদ। খাদ্য মন্ত্রণালয় থেকে চলতি আমন মৌসুমে ধান-চাল সংগ্রহের লক্ষ্য ১০ লাখ টন নির্ধারণ করা হয়েছে। গত ১৭ নভেম্বর থেকে আমন মৌসুমের সংগ্রহ অভিযান শুরু করা হয়। কিন্তু এখন পর্যন্ত ওই কর্মসূচির আওতায় সরকার মাত্র ৩ লাখ ২৩ হাজার ৩৫ টন ধান-চাল সংগ্রহ করতে পেরেছে। অর্থাৎ সরকার প্রায় দুই মাসে নির্ধারিত লক্ষ্যের এক-তৃতীয়াংশও সংগ্রহ করতে পারেনি। আর নির্ধারিত সূচি অনুযায়ী আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত এ অভিযান চলবে। ওই সময়ের মধ্যে বাকি ধান-চাল সংগ্রহ করা যাবে কিনা সে বিষয়ে খোদ খাদ্য অধিদপ্তরের কর্মকর্তারাও সন্দিহান। খাদ্য অধিদপ্তর সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, সরকারের চালের বাজার নিয়ন্ত্রণে মজুদ ব্যবস্থাপনা প্রধানতম হাতিয়ার। বাজারে অস্থিতিশীলতার মুহূর্তে সরকারি মজুদ থেকে

৭-এর পাতায় দেখুন

## আহসান উল্লাহ মাস্টার হত্যা মামলার আপিল শুনানি ২৬ ফেব্রুয়ারি

**স্টাফ রিপোর্টার :** আওয়ামী লীগ নেতা ও গাজীপুরের সাবেক সংসদ সদস্য আহসান উল্লাহ মাস্টার হত্যা মামলায় সাজাপ্রাপ্ত আসামিদের আপিল শুনানির জন্য আগামী ২৬ ফেব্রুয়ারি দিন নির্ধারণ করেছেন আপিল বিভাগ। গতকাল বুধবার প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন আপিল বিভাগ এ আদেশ দেন। আদালতে আসামিদের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী ব্যারিস্টার রুহুল কুদ্দস কাজল। ২০০৪ সালে স্থানীয় এক জনসভায় সন্ত্রাসীদের ব্রাশফায়ারে নিহত হন আওয়ামী লীগ নেতা ও গাজীপুরের সাবেক সংসদ সদস্য আহসান উল্লাহ মাস্টার। বিচারিক আদালতে রায়ের পর মামলাটি হাইকোর্টেও শুনানি হয়। শুনানি শেষে হাইকোর্ট রায় দেন। সে

৭-এর পাতায় দেখুন



## সরকারকে সঠিক পথে আনতে আন্দোলন করতে হতে পারে: সালাহউদ্দিন

**স্টাফ রিপোর্টার :** অন্তর্বর্তী সরকারকে সঠিক পথে আনতে আন্দোলন করতে হতে পারে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। বুধবার (২৯ জানুয়ারি) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় এমন মন্তব্য করেন তিনি। ফ্যাসিবাদী দল হিসেবে আওয়ামী লীগের বিচারের জন্য অন্তর্বর্তী সরকার দৃশ্যমান কোনো উদ্যোগ নেয়নি দাবি করে বিএনপির এই নেতা বলেন, বর্তমান সরকারকে সঠিক পথে নিয়ে আসার জন্য রাস্তায় আন্দোলন করতে হতে পারে। সরকারকে সঠিক পথে নিয়ে আসতে কিছু উদ্যোগ নেবে বিএনপি।

৭-এর পাতায় দেখুন



## শেয়ার কেলেঙ্কারির অভিযোগে শিবলী রুবাইয়াতসহ ৯ জনের পাসপোর্ট বাতিল

**স্টাফ রিপোর্টার :** শেয়ারবাজার কেলেঙ্কারিতে জড়িত থাকার অভিযোগে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান শিবলী রুবাইয়াত-উল-ইসলামসহ

৭-এর পাতায় দেখুন

## ঢাকা থেকে দেরিতে ট্রেন ছাড়ায় যাত্রীদের ভোগান্তি

**স্টাফ রিপোর্টার :** রেলওয়ের রানিং স্টাফদের কর্মবিরতি প্রত্যাহারের পর সারাদেশে ট্রেন চলাচল আবারো শুরু হয়েছে। তবে প্রায় ৩০ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকায় ঢাকা রেলওয়ে স্টেশন (কমলাপুর) থেকে প্রায় সবগুলো ট্রেনই বিলম্বে ছেড়ে যাচ্ছে। গতকাল বুধবার সকাল থেকে ট্রেন চলাচল শুরু হয়। জানা যায়, সকাল সাড়ে ৬টায় রাজশাহীর উদ্দেশে কমলাপুর স্টেশন ছেড়ে যায় ধুমকেতু এক্সপ্রেস। এরপর থেকে সকাল সাড়ে ১১টা পর্যন্ত দেশের বিভিন্ন প্রান্তের উদ্দেশে ছেড়ে যায় আরো ১২টি ট্রেন। তবে সবগুলো ট্রেনই ৩০ মিনিট থেকে এক ঘণ্টা বিলম্বে ছেড়ে যায়। সবচেয়ে বিলম্বে ছেড়ে যায় সিলেটগামী পারাবত এক্সপ্রেস।

৭-এর পাতায় দেখুন



রেলওয়ের রানিং স্টাফদের কর্মবিরতি প্রত্যাহারের ঘোষণার পর বুধবার ভোর থেকে ঢাকাসহ সারা দেশে ট্রেন চলাচল শুরু হয়েছে। কমলাপুর রেলস্টেশন থেকে তোলা ছবি।

## তদন্ত কর্মকর্তার ডেঙ্গু পেছালো নাইকো মামলার সাক্ষ্যগ্রহণ

**স্টাফ রিপোর্টার :** নাইকো দুর্নীতি মামলায় সাক্ষ্যগ্রহণের তারিখ পিছিয়ে আগামী ৫ ফেব্রুয়ারি ধার্য করেছেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-৫ এর বিচারক আব্দুল্লাহ আল মামুনের আদালতে তদন্ত কর্মকর্তা দুদকের তৎকালীন উপ-পরিচালক সাহেদুর রহমানের সাক্ষ্যগ্রহণের জন্য দিন ধার্য ছিল গতকাল বুধবার। তবে ডেঙ্গু আক্রান্ত হওয়ায় আদালতে হাজির হতে পারেননি দুদকের এ কর্মকর্তা। তাই আদালত সাক্ষ্যগ্রহণের নতুন দিন ঠিক করেন। এ মামলায় ৬৮ জন সাক্ষীর মধ্যে ৩৯ জনের সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে। এদিন মামলার প্রধান আসামি খালেদা জিয়া চিকিৎসার জন্য দেশের বাইরে থাকায় আদালতে হাজির হতে

৭-এর পাতায় দেখুন

## উদ্যোক্তাদের ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় করনীয় উদ্যোক্তা উন্নয়ন সেমিনার ২০২৫ অনুষ্ঠিত



**মোঃ শহিদুল ইসলাম রনি :** চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায় উদ্যোক্তাদের ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় উদ্যোক্তা উন্নয়ন সেমিনার ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ জেলার উদ্যোক্তা বৃন্দের আয়োজনে ও ম্যাংগো ফাউন্ডেশন এর সহযোগিতায় ২৯ জানুয়ারি ২০২৫ শিবগঞ্জ উপজেলা পরিষদ হল রুমে এই সেমিনার অনুষ্ঠিত হয়,উদ্যোক্তা ও গণমাধ্যম কর্মী মোহাম্মদ আহসান হাবিব এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আজাহার আলী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ নয়ন মিয়া,সমাজসেবা কর্মকর্তা কাঞ্চনকুমার দাস , মহিলা বিষয়ক কর্মকর্তা সুমাইয়া আক্তার আইটি বিশেষজ্ঞ, মার্কেটিং ও ব্যবসা শিক্ষাবিদ মোহাম্মদ কামাল উদ্দিন, অভিজ্ঞ উদ্যোক্তা মো. শামীম খান, ভার্চুয়ালি যুক্ত ছিলেন লন্ডন প্রবাসী উদ্যোক্তা ও কিডস ল্যান্ড পার্ক এমডি মো. মেসবাহুল হক বাবু , সফল উদ্যোক্তা ও উপজেলা

৭-এর পাতায় দেখুন

## তেজগাঁওয়ে কুতুববাগ দরবার শরিফের ওরস স্থগিত

**স্টাফ রিপোর্টার :** রাজধানীর তেজগাঁওয়ে কুতুববাগ দরবার শরিফের ওরস স্থগিত করা হয়েছে। স্থানীয় বাসিন্দা ও আলেম-ওলামাদের সঙ্গে কোনও ধরনের সংঘাত যাতে না হয়, সে জন্য এই সিদ্ধান্ত নিয়েছে দরবার কর্তৃপক্ষ। গত মঙ্গলবার রাতে দরবারের পীর ও শাহ সুফি হজরত সৈয়দ জাকির শাহের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় এ তথ্য জানানো হয়। গত ২৭ জানুয়ারি প্রায় শতাধিক আলেম-ওলামা ও স্থানীয় বাসিন্দা কুতুববাগ দরবার শরিফের ওরস বন্ধের দাবিতে ফার্মগেটে জড়ো হয়ে মানববন্ধন করেন। পরে তেজগাঁও কলেজের সামনে থেকে একটি মিছিল নিয়ে তারা দরবার শরিফের মূল ভবনের সামনের দিকে এগিয়ে যান। ওই সময় সড়কের পাশে ওরস উপলক্ষে তৈরি করা অস্থায়ী স্থাপনা ভাঙচুর করা হয়। একই সময় তারা নানা স্লোগান দেন। পরে উত্তেজিত ওরসের গেট ও প্যান্ডেলের সামনেও

৭-এর পাতায় দেখুন

## ইভ্যালির রাসেল-শামীমার ২ বছরের কারাদণ্ড

**স্টাফ রিপোর্টার :** প্রতারণার মামলায় ই-কমার্স প্রতিষ্ঠান ইভ্যালির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মোহাম্মদ রাসেল ও তার স্ত্রী চেয়ারম্যান শামীমা নাসরিনকে দুই বছর করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার (২৯ জানুয়ারি) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পার্থ ভদ্র এ রায় দেন। দণ্ডের পাশাপাশি তাদের ১০ হাজার টাকা করে অর্থদণ্ড, অনাদায়ে আরো দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। রায় ঘোষণার সময় আসামিরা পলাতক



ছিলেন। রায় ঘোষণার পর আদালত তাদের বিরুদ্ধে সাজা পরোয়ানাসহ গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন। বাদীপক্ষের আইনজীবী তৌসিফ মাহমুদ এ তথ্য নিশ্চিত করেছেন। জানা গেছে, ইভ্যালি ডটকম নামীয় ওয়েবসাইট, ফেসবুক পেজের মাধ্যমর চমকপ্রদ বিজ্ঞাপন দিয়ে বিভিন্ন পণ্য বিক্রি করে। এতে আকৃষ্ট হয়ে তৌফিক মাহমুদ তাদের প্রতিষ্ঠান থেকে ২০২১ সালের ২০ মার্চ ইয়ামাহা আর ওয়ান ফাইভ বাইক অর্ডার করেন। যার মূল্যবাবদ দুই লাখ ৪৫ হাজার টাকা পরিশোধ করেন। ওই বছর ৩ এপ্রিল তিনি আর ওয়ান ফাইভের আরও দুটি বাইক অর্ডার করেন। যার মূল্য বাবদ ৫ লাখ ৯০ হাজার টাকা পরিশোধ করেন। তবে কর্তৃপক্ষ ৪৫ দিনের মধ্যে বাইক তিনটি সরবরাহ করতে ব্যর্থ হয়। পরে বাদী ধানমন্ডি অফিসে যোগাযোগ করেন। কর্তৃপক্ষ দুটি চেক প্রদান করে। তবে ব্যাংক হিসেবে পর্যাপ্ত পরিমাণ অর্থ না থাকায় চেকটি নির্ধারিত তারিখে ব্যাংকে জমা না দিতে অনুরোধ করেন। আসামিদের কথা বিশ্বাস করে তিনি চেকটি ব্যাংকে জমা দেননি। পরবর্তীতে তৌফিক মাহমুদ ১৪ লাখ ১০

৭-এর পাতায় দেখুন



## হত্যাচেষ্টা মামলায় রিমান্ডে সাবেক আইনমন্ত্রী আনিসুল হক

**স্টাফ রিপোর্টার :** জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলন চলাকালীন রাজধানীর মোহাম্মদপুরে ভ্যানচালক ইনছান আলীকে হত্যাচেষ্টার অভিযোগে হওয়া মামলায় সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। গতকাল বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এম এ আজহারুল ইসলামের আদালত শুনানি শেষে এ আদেশ দেন। এদিন আনিসুল হককে আদালতে হাজির করে পাঁচ দিনের রিমান্ড চেয়ে আবেদন করে পুলিশ। এসময় রাষ্ট্রপক্ষে ঢাকা মহানগর

৭-এর পাতায় দেখুন

# রাজনৈতিক সংস্কার ছাড়া অর্থনৈতিক সংস্কার সম্ভব নয় : সিপিডি

**স্টাফ রিপোর্টার :** রাজনৈতিক সংস্কার ছাড়া অর্থনৈতিক সংস্কার সম্ভব নয় বলে মনে করে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সংস্থাটির মতে ক্ষমতার পালাবদল হলেও চলমান ২০২৪-২৫ অর্থবছরে সামষ্টিক অর্থনীতিতে উন্নতির লক্ষণ এখনো দেখা যাচ্ছে না। বুধবার (২৯ জানুয়ারি) রাজধানীর ধানমন্ডিতে সিপিডি কার্যালয়ে বাংলাদেশ অর্থনীতি ২০২৪-২৫: সংকটময় সময়ে প্রত্যাশা পূরণের চ্যালেঞ্জ শীর্ষক মিডিয়া ব্রিফিংয়ে মূল প্রবন্ধ উপস্থাপনের সময় সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন এই কথা বলেন। সিপিডির ফ্ল্যাগশিপ অনুষ্ঠান বাংলাদেশের উন্নয়নের স্বাধীন পর্যালোচনার (আইআরবিডি) আওতায় এই মিডিয়া ব্রিফিংয়ের আয়োজন করা হয়। সিপিডি বলছে, রাজনৈতিক প্রতিশ্রুতি ছাড়া শক্তিশালী স্বার্থান্বেষী মহলকে মোকাবিলা করে সংস্কার সম্ভব নয়। তাই প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, অভ্যন্তরীণ শৃঙ্খলা ও সুশাসন বৃদ্ধির পাশাপাশি রাজনৈতিক অঙ্গীকারের মাধ্যমে সংস্কার টেকসই করতে হবে। চলমান অর্থনৈতিক চ্যালেঞ্জগুলোর বহুমাত্রিকতা বিবেচনা করে একটি ত্রিমুখী পদ্ধতি নেওয়া যেতে পারে। জুলাই আন্দোলনের মূল কারণ ছিল কর্মসংস্থানের অভাব, যা বিগত সরকারের বৈষম্যমূলক নীতির কারণে হয়েছিল। ফাহমিদা খাতুন বলেন, অর্থ মন্ত্রণালয়ের তথ্যমতে, ২০২৫ অর্থবছরের অক্টোবর পর্যন্ত মোট রাজস্ব আহরণের প্রবৃদ্ধি ৩ দশমিক ৭ শতাংশ যা একই সময়ে আগের অর্থবছরে ছিল ১৭ দশমিক ৭ শতাংশ। পাশাপাশি বৈদেশিক বিনিয়োগে মন্দাকাল চলছে। আবার চলমান অনিশ্চয়তার কারণে ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলো ঋণ গ্রহণের মাধ্যমে বিনিয়োগের আত্মবিশ্বাস পাচ্ছে না। আবার সরকারের অভ্যন্তরীণ উৎসের ওপর নির্ভরতা বাড়ছে যা অর্থনীতিতে সার্বিকভাবে নেতিবাচক প্রভাব ফেলবে। সিপিডির নির্বাহী পরিচালক বলেন, বাংলাদেশের অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য সামনের মাসগুলোতে অন্তর্বর্তী সরকারকে একটি ভারসাম্যপূর্ণ এবং কার্যকরী কৌশল গ্রহণ করতে হবে যা একই সঙ্গে তাৎক্ষণিক সংকট মোকাবিলা করবে এবং পরবর্তী রাজনৈতিকভাবে

৭-এর পাতায় দেখুন



## দুদকের মামলায় সাধন চন্দ্র মজুমদারকে গ্রেপ্তার দেখিয়েছেন আদালত

**স্টাফ রিপোর্টার :** সাবেক খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদারকে দুর্নীতির মামলায় গ্রেপ্তার দেখিয়েছেন আদালত। গতকাল বুধবার ঢাকা মহানগর সিনিয়র বিশেষ জজ মো. জাকির হোসেন গালিব এ আদেশ দেন। এর আগে দুর্নীতির মামলায় গ্রেপ্তার দেখানোর বিষয়ে শুনানির জন্য ২৯ জানুয়ারি দিন ধার্য করেন আদালত। দুদকের পক্ষে কমিশনের সহকারী পরিচালক আফনান জান্নাত কেয়া গ্রেপ্তার দেখানোর আবেদন করেন। গত বছর ১৯ ডিসেম্বর

৭-এর পাতায় দেখুন

সম্পাদক ও প্রকাশক : মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
ফোন : ০৯৬৩৮-৩৬০৭৪৩, ই-মেইল : news.manabikbangladesh@gmail.com, ওয়েবসাইট : www.manabikbangladesh.com.

# সম্পাদকীয়

## অপরাধ দমনে সরকারকে আরও কঠোর হতে হবে

সাধারণ মানুষ তাদের জান মালের নিরাপত্তাজনিত কারণে অসহায় পড়েছে। বিশেষ করে শহরাঞ্চলের আপামর জনসাধারণ নিরাপত্তাহীন পরিস্থিতিতে উদ্বেগ, উৎকণ্ঠা ও শঙ্কিত অবস্থায় দিন কাটাচ্ছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অনেকটা দেখেও দেখেনা, শুনেও শুনে না বলে সাধারণ মানুষের অভিযোগ রয়েছে। অপরাধ বাড়ছে, অপরাধী সর্বদাই সক্রিয় রয়েছে। যাদের দায়িত্ব অপরাধ প্রতিহত করা, অপরাধীদের দমন করা, তারা তা যথাযথভাবে পালন করতে পারছে না। অপরাধ প্রবণতা এতই বৃদ্ধি পাচ্ছে যে, কে কখন কীভাবে আক্রান্ত হবে, কার সম্পত্তি কে দখল করবে, কে কখন লাঞ্ছিত হবে, কে কখন অপহরণ হবে এ আশঙ্কায় সাধারণ মানুষের উদ্বেগের শেষ নেই। অপরাধীদের এতটা বেপরোয়া হয়ে যাওয়ার কথা নয়। দেখা যায়, বারবার পুলিশকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে অপরাধীরা তাদের কাজ হাসিল করে পার পাচ্ছে। পুলিশ তাদের খোঁজও পাচ্ছে না। ছাত্র-জনতার অভ্যুত্থানের পর পুলিশের নিষ্ক্রিয়তার সুযোগে পেশাদার অপরাধী যেভাবে সক্রিয় হয়ে উঠেছে, তাতে আসলেই উদ্বিগ্নের বিষয়। তুলে নিয়ে মুক্তিপণ আদায়, চুরি-ডাকাতি, ব্যবসায়ীদের হুমকি প্রদান ও চাঁদার জন্য প্রকাশ্যে কোপানোর মতো ঘটনা ঘটতে দেখেছি। ছিনতাইয়ের মতো অপরাধ তো নগরবাসীর জন্য মূর্তিমান আতঙ্কের নাম হয়ে উঠেছে। সবচেয়ে উৎকণ্ঠার বিষয় হচ্ছে, খোদ পুলিশই বলছে, এসব অপরাধে পেশাদার অপরাধীদের সঙ্গে শীর্ষ সন্ত্রাসীদের জড়িত থাকার তথ্য তাঁরা পেয়েছেন। দেশের সার্বিক উন্নতি ও সমৃদ্ধির পূর্বশর্ত হচ্ছে, আইন-শৃঙ্খলাজনিত স্বাভাবিক পরিবেশ ও সুষ্ঠু পরিস্থিতি। অথচ সেরূপ পরিস্থিতির নিশ্চয়তার জন্য প্রচেষ্টা কি চালানো হচ্ছে? যদি হয়ে থাকে তবে ফলাফল কোথায়? দেশের জনগণকে সকল শক্তির-সকল ক্ষমতার উৎস বলা হলেও বেশিরভাগ ক্ষেত্রেই এই অস্ত্রধারী, সন্ত্রাসী, চাঁদাবাজদের আশ্রয় দেওয়া হয়।আমাদের মনে রাখতে হবে, ঐক্যবদ্ধ সামাজিক প্রতিরোধ আর শান্তির কঠোর বিধানই সন্ত্রাসের একমাত্র জবাব। একথা অবশ্য আমরা মাঝে মধ্যে বলে থাকলেও কার্যক্ষেত্রে তার প্রতিফলন ঘটাতে পারি না। ন্যায় ও নীতির অনুসরণে আইনের প্রতি আস্থাশীল জনসাধারণ সহযোগী শক্তিতে পরিণত হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে এবং ব্যবস্থা গ্রহণে সময়ক্ষেপণ করা হলে প্রতিকার পাওয়া যায় না। অপরাধীরা আরও দুঃসাহসী ও শক্তিশালী হয়। পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে যায়। তাই উপযুক্ত সময়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণই বুদ্ধিমত্তার পরিচায়ক। আইনশৃঙ্খলা রক্ষায় ও অপরাধ দমনে পুলিশ পুরোপুরি সক্ষম না হয়ে ওঠার সুযোগই নিচ্ছে অপরাধীরা। এ ছাড়া অভ্যুত্থানের সময় ঢাকাসহ সারা দেশে পুলিশের খোয়া যাওয়া অস্ত্র ও গোলাবারুদের বড় অংশ এখনো উদ্ধার করা যায়নি। নাগরিকের নিরাপত্তাবিধানের প্রশ্নে এটাও একটা বড় শঙ্কার কারণ। যেকোনো মূল্যেই পুলিশকে নিষ্ক্রিয় অবস্থান থেকে সক্রিয় হতে হবে।

## গাজায় যুদ্ধবিরতি চুক্তি
## শান্তির চেষ্টা কতটা সফল হবে?

গাজায় হামাসের সঙ্গে নতুন করা যুদ্ধবিরতি ও জিম্মি মুক্তি চুক্তি অনুমোদন করেছে ইসরায়েল সরকার। এই চুক্তি গাজায় মানবিক বিপর্যয় কাটিয়ে উঠতে সহায়তা করবে-এই আশায় বিশ্বের চোখ এখন এই অঞ্চলে। তবে চুক্তি বাস্তবায়ন কতটা সফল হবে, তা নিয়ে সন্দেহের অবকাশ রয়েছে। যুদ্ধবিরতি চুক্তির পরেও ইসরায়েল হামলা চালিয়েছে। হামলা অব্যাহত থাকার ফলে, এই চুক্তি টেকসই হওয়ার সম্ভাবনা নিয়ে প্রশ্ন উঠেছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু হুঁশিয়ারি দিয়ে বলেছেন, যুদ্ধবিরতির দ্বিতীয় ধাপ ব্যর্থ হলে আবার যুদ্ধ শুরু করতে প্রস্তুত তার দেশ। এই চুক্তিতে অনেক ফিলিস্তিনিও ভরসা করতে পারছেন না। আমরা মনে করি, ইসরায়েলের সরকারের পক্ষ থেকে এই ধরনের হুঁশিয়ারি শান্তি প্রতিষ্ঠার পথে প্রতিবন্ধকতা তৈরি করতে পারে। যে শান্তি চুক্তি শুরুতে আশা জাগিয়েছিল, তা যদি মূলত রাজনৈতিক খেলায় পরিণত হয়, তাহলে শান্তি প্রতিষ্ঠা কঠিন হতে পারে। গাজায় প্রকৃত শান্তি প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট শক্তিগুলোকে রাজনৈতিক উদ্দেশ্য বা স্বার্থের ঊর্ধ্বে উঠে দৃঢ় পদক্ষেপ নিতে হবে। গাজার পুনর্গঠন এবং স্থায়ী শান্তির জন্য কী ব্যবস্থা নেয়া হবে তা এখনও স্পষ্ট নয়। যুদ্ধবিরতি শুধু একটি সাময়িক সমাধান হতে পারে, তবে সত্যিকারের শান্তি স্থাপনের জন্য ব্যাপক রাজনৈতিক ও কূটনৈতিক উদ্যোগের প্রয়োজন। গাজার অবস্থা উন্নত করতে একাধিক আন্তর্জাতিক শক্তির সক্রিয় ভূমিকা গ্রহণ করা জরুরি। মানবাধিকার, শান্তিপূর্ণ সমাধান, এবং দীর্ঘমেয়াদি রাজনৈতিক শান্তি প্রতিষ্ঠার জন্য বিশেষ উদ্যোগ নেয়া প্রয়োজন। গাজার মানুষের পুনর্বাসন একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। সেখানে ব্যাপক ধ্বংসযজ্ঞ চালানো হয়েছে। অসংখ্য পরিবার নিঃস্ব হয়ে পড়েছে। সেখানে দ্রুত মানবিক সহায়তা পৌঁছানো এবং পুনর্গঠন কাজ শুরু করা খুবই জরুরি। এক্ষেত্রে আন্তর্জাতিক সম্প্রদায় এবং সাহায্য সংস্থাগুলোর বড় ভূমিকা থাকা উচিত। গাজায় যুদ্ধবিরতি চুক্তি শান্তির পথে একটি পদক্ষেপ। এটা টেকসই হবে কিনা সেটা সংশ্লিষ্ট সবার জন্য একটি বড় পরীক্ষা। আমরা বলতে চাই, শান্তি স্থায়ী করতে হলে, শর্তাবলী সঠিকভাবে মেনে চলতে হবে এবং সব পক্ষকে শান্তির পথে অঙ্গীকারবদ্ধ হতে হবে। শান্তি প্রতিষ্ঠায় আন্তর্জাতিকভাবে কূটনৈতিক ও মানবিক পদক্ষেপ নেয়া হলে এই যুদ্ধবিরতি চুক্তি সত্যিকার অর্থে শান্তি প্রতিষ্ঠার দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ হতে পারে।

## ওষুধের দাম বৃদ্ধি; বাজার নিয়ন্ত্রণে উদ্যোগী হোন

দেশে জীবন রক্ষাকারী বিভিন্ন ওষুধের দাম দফায় দফায় বাড়ছে। বিশেষ করে অসংক্রামক রোগের চিকিৎসায় ব্যবহৃত ওষুধের দাম বেশি বেড়েছে। কারণ এসব ওষুধ রোগীদের নিয়মিত সেবন করতে হয়। সেই সুযোগে কোম্পানিগুলো ওইসব ওষুধের দাম বাড়াচ্ছে। গত কয়েক দিনের মধ্যে তীব্র ব্যথানাশক ট্যাবলেট, অ্যান্টিবায়োটিক, ডায়াবেটিকস, ভিটামিন, গ্যাস্ট্রিকসহ বিভিন্ন ধরনের ওষুধ ও ইনজেকশনসহ কোনো কোনো কোম্পানির ওষুধ এক পাতার দাম ১২০ টাকা থেকে বাড়িয়ে ২০০ টাকা করা হয়েছে। অর্থাৎ ওষুধের দাম বেড়েছে ৬৭ শতাংশ পর্যন্ত। আর নিত্যপণ্যের দামের মতো লাগামহীনভাবে দাম বাড়ার ফলে জিম্মি হয়ে পড়ছেন রোগীরা। বিশেষ করে যাদের নিয়মিত ওষুধ খেতে হয়, তাদের অবস্থা বেশি শোচনীয় হয়ে পড়ছে। বিশেষ করে উচ্চ রক্তচাপ, ডায়াবেটিসসহ বিভিন্ন রোগে আক্রান্ত একেকজন রোগীর প্রতি মাসে ওষুধ খরচ দ্বিগুণ বেড়েছে। ফলে অনেক সময় কাটছাঁট করে ওষুধ কিনতে হচ্ছে। গত বছর ডেঙ্গুর ঊর্ধ্বমুখী সংক্রমণের সময় বেড়েছিল নাপা, ফেক্সো-ফেনাডিন, ডক্সিভা, সেকলো, অমিডন, মন্টিয়ার-মোনাস, এমকাস, রিভার্সএয়ারের মতো বহুল ব্যবহৃত ওষুধগুলোর। তবে সবচেয়ে বেশি বেড়েছিল অ্যান্টিবায়োটিক জাতীয় ওষুধের দাম। চলতি বছরের শুরু থেকে আবারও ওষুধের বাজারে তৈরি হয়েছে অস্থিরতা। এমন পরিস্থিতিতে অন্যান্য খরচ কাটছাঁট করে চিকিৎসার খরচ চালাতে হচ্ছে সাধারণ মানুষকে। সেইসঙ্গে কারও কারও প্রশ্ন- নিত্যপ্রয়োজনীয় অনেক দ্রব্যের খরচ চাইলে কাটছাঁট করা যায়, কিন্তু ওষুধের বিকল্প কি? স্বাস্থ্য বিভাগের তথ্যমতে, দেশের মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবার জন্য তালিকাভুক্ত ১১৭টি ওষুধের দাম বাড়ানোর ক্ষমতা সরকারের হাতে রয়েছে। আর এই ক্ষমতাবলে সেগুলোর দাম বাড়ানো হয়। ফলে কিছু কিছু ওষুধের দাম যৌক্তিকভাবে বেড়েছে। কিন্তু এর সুবিধা নিচ্ছে মধ্যস্বত্বভোগীরা। মাঠ পর্যায়ে অনেক অসাধু ওষুধ বিক্রেতা অধিক মুনাফার লোভে নির্ধারিত ওষুধের বদলে অন্যান্য ওষুধেরও দাম বাড়িয়ে দিয়েছে। এতে করে ভোগান্তিতে পড়তে হচ্ছে সাধারণ মানুষকে। ওষুধ কিংবা অন্য কোনো পণ্য হোক, দাম বাড়াতে ব্যবসায়ীদের কখনোই যেন যুক্তির অভাব হয় না। তারা ওষুধের দাম বৃদ্ধির জন্য গত বছরের মতো এ বছরও ডলারের দাম বৃদ্ধিকেই দায়ী করছেন। এমনকি অনেক বিক্রেতার দাবি, ওষুধ বিক্রি করে লভ্যাংশের সামান্যই তারা পান, বেশিরভাগ যায় কোম্পানিগুলো। ওষুধের দাম ক্রমেই বাড়তে থাকলে সাধারণ রোগী ও স্বল্প আয়ের মানুষের দুর্ভোগ চরমে পৌঁছতে পারে। তাই সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ওষুধ ও চিকিৎসাসামগ্রীর মূল্য যেন অযৌক্তিকভাবে না বাড়ে এ বিষয়ে যথাযথ ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সাধারণ মানুষের কল্যাণ নিশ্চিত করা আবশ্যক।

# ধৈর্যশীলদেরকে আল্লাহ পছন্দ করেন

**মাহমুদ আহমদ**

একজন মুমিনের সবচেয়ে বড় গুণ হলো সে সর্বাবস্থায় আল্লাহর ভয়ে ভীত থাকে আর সব বিষয়ে ধৈর্য ধারণ করে। আমরা লক্ষ্য করি সামান্য সামান্য বিষয়কে কেন্দ্র করে সমাজ ও দেশে প্রতিনিয়ত কতই না নৈরাজ্য আর বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। সামান্য কোনো বিষয়ে উত্তেজিত না হয়ে ধৈর্য প্রদর্শন করলে লাভ ছাড়া ক্ষতি হয় এমনটি আমরা দেখতে পাই না। মূলত ধৈর্যশীল ব্যক্তিরাই যে সফলতার চরম শিখরে আরোহণ করতে পারে এটা শতভাগ সত্য।

আল্লাহতায়ালা পবিত্র কুরআনে ইরশাদ করেছেন, 'হে যারা ইমান এনেছ! তোমরা ধৈর্য ও নামাজের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সাথে আছেন।' (সুরা বাকারা, আয়াত: ১৫৩) এই আয়াত অনুযায়ী আল্লাহর বান্দার উচিত, তার চেষ্টা-প্রচেষ্টায় সে যেন লেগে থাকে এবং তার অধ্যবসায়ে যে কখনো ভাটা না পড়ে, উদ্দেশ্য সাধনের পথে কখনো যেন মনে নৈরাশ্য সৃষ্টি না হয়, যা কিছু মন্দ ও ক্ষতিকর তা যেন সে বর্জন করে এবং যা ভাল তা যেন সে আঁকড়ে ধরে এবং সব বিষয়ে সব সময় ধৈর্য ধারণ করে। হাদিসে উল্লেখ রয়েছে, হজরত আনাস (রা.) বর্ণনা করেন, 'মহানবি (সা.) একবার এক মহিলার পাশ দিয়ে যাচ্ছিলেন, মহিলাটি এক কবরের পাশে বসে মাতম করছিল। তিনি (সা.) তাকে উদ্দেশ্য করে বলেন, আল্লাহতায়ালাকে ভয় কর এবং ধৈর্য ধারণ কর। ঐ মহিলা বললো, সরে যাও, নিজের রাস্তায় চলো, যে বিপদ আমার ওপর পরেছে সেই বিপদ তোমার ওপর পরে নাই। প্রকৃতপক্ষে, ঐ মহিলা তাকে (সা.) চিন্তে পারে নাই (সেজন্যই রাগান্বিত এমন কথা তার মুখ দিয়ে বেরিয়ে গেছে) তাকে যখন বলা হল যে, ইনি ছিলেন রাসুলুল্লাহ (সা.), তখন সে অস্থির হয়ে রাসুলুল্লাহ (সা.)-এর দরজায় উপস্থিত হলো আর সেখানে তাকে বাধা দেয়ার মত কোনো দারোয়ান না থাকায় সোজা সে অন্দর মহলে চলে গেল আর সবিনয়ে নিবেদন করলো, হুজুর (সা.) আমি আপনাকে চিন্তে পারি নাই। তখন তিনি (সা.) বললেন, প্রকৃত ধৈর্য তো দুঃখ আঘাত হানা কালেই ধারণ করতে হয় (নইলে কান্না কাটি করে ব্যথিত-ক্লান্ত হয়ে শেষ পর্যন্ত সবাই তো ধৈর্যেরই পথ ধরে)।' (বুখারি, কিতাবুল জানায়েজ) এ প্রসঙ্গে মহানবির (সা.) অত্যন্ত গুরুত্বপূর্ণ উপদেশ রয়েছে, হজরত ইবনে আব্বাস (রা.) বর্ণনা করেন, একবার যখন আমি মহানবির (সা.) পিছনে (উটের পিঠে) ছোয়ারি হয়ে বসে ছিলাম, তিনি (সা.) বললেন, 'হে স্নেহাস্পদ! আমি তোমাকে কয়েকটি কথা বলছি। প্রথম কথা হলো, আল্লাহর কথা স্মরণ রেখ, তিনি তোমাকে নিরাপদ রাখবেন, আল্লাহর প্রতি ভরসা রাখলে তুমি তাঁকে নিকটেই পাবে, কোনো কিছুর প্রয়োজন হলে আল্লাহতায়ালার কাছেই চাও, তোমার সাহায্যের প্রয়োজন হলে আল্লাহতায়ালার সাহায্য যাচনা কর। জেনে রাখ, সমস্ত লোক একত্রিত হয়ে তোমার ভালো করতে চাইলেও তারা তোমার কোনোই মঙ্গল সাধন করতে পারবে না যদি আল্লাহতায়ালা তা না চান আর তোমার কপালে তা না লিখেন। আর যদি তারা তোমার ক্ষতি করতে একাত্ম হয়ে যায় তবুও তোমার কোনোই ক্ষতি করতে পারবে না যদি না আল্লাহতায়ালা তোমার কপালে সেই ক্ষতি লিখে রাখেন, কলম তুলে নেন, আর কালিও যায় ফুরিয়ে।' অন্য এক বর্ণনায় আছে, মহানবি (সা.) বলেন, 'আল্লাহতায়ালার প্রতি দৃষ্টি নিবদ্ধ রাখ তুমি তাঁকে সামনে পাবে, স্বাচ্ছন্দ্য কালেও তুমি তাকে স্মরণ করো, তাহলে দুঃসময়েও তিনি তোমাকে মনে রাখবেন। আর জেনে রাখ, তুমি যা হারিয়েছ বা যা তুমি লাভ করতে পার নাই তা তোমার জন্য ছিল না আর যা তুমি পেয়ে গিয়েছ তা তোমারই, প্রাপ্তির বাইরে তা থাকতে পারে না, কেননা, অবধারিত নিয়তির লিখন এটাই ছিল। বুঝে নাও আল্লাহতায়ালার সাহায্য ধৈর্য ধারণকারীদের সাথে থাকে। সুখ-আনন্দ উদ্বেগ উৎকণ্ঠার সাথে, হাসি-আনন্দ দুঃখ-বেদনার সাথে একীভূত হয়ে থাকে আর প্রত্যেক অভাব-অনটনের পর রয়েছে সুখ স্বাচ্ছন্দ্য'। (সুনান তিরমিযি) হাদিসে এসেছে, একবার কিছু আনসার সাহাবি হজরত নবি করিম (সা.)-এর কাছে সাহায্য চাইলেন। তাদের যে যাই চাইলেন, তিনি তাই দিলেন। এক পর্যায়ে তাঁর কাছে যা ছিল তা শেষ হয়ে যায়। সবকিছু দান করার পর তিনি বললেন, আমার কাছে যা কিছু থাকে তা থেকে আমি কিছুই সঞ্চয় করি না। অবশ্য যে ব্যক্তি নিজেকে অন্যের কাছে চাওয়া থেকে পরিত্রাণ চায় আল্লাহ তাকে তা দান করেন। আর যে ব্যক্তি ধৈর্য ধারণের চেষ্টা করে তিনি তাকে ধৈর্য দান করেন। আর যে অমুখাপেক্ষী হতে চায়, আল্লাহ তাকে অভাবমুক্ত রাখেন। ধৈর্যের চেয়ে বেশি প্রশস্ত ও কল্যাণকর কিছু কখনো তোমাদের দেওয়া হবে না। (বুখারি) অপর এক হাদিসে মহানবি (সা.) বলেন, যে ব্যক্তি ধৈর্যধারণ করে, আল্লাহ তাকে ধৈর্যশীলতা দান করেন। ধৈর্যের চেয়ে উত্তম ও ব্যাপক কোনো নিয়ামত কাউকে দেওয়া হয়নি।' (বুখারি) তাই যারা সর্বাবস্থায় ধৈর্যধারণ করেন তাদের সাথেই আল্লাহ থাকেন, কেননা ধৈর্যশীলদের তিনি ভালোবাসেন। আল্লাহপাক আমাদেরকে সব বিষয়ে ধৈর্য ধারণ করার তৌফিক দান করুন এবং তার ক্ষমার চাদরে আবৃত করে রাখুন, আমিন।

# জ্বালানিবিদ্যার মৌলিক তাৎপর্য

**ড. ফারসীম মান্নান মোহাম্মদী**

জ্বালানি ব্যবসায়ে আমরা সবসময়েই জ্বালানির অর্থমূল্য বিচার করে থাকি। কয়লার মূল্য টনপ্রতি কত টাকা পড়ছে, ব্রেন্ট তেলের দাম আন্তর্জাতিক বাজারে গত সপ্তাহের চেয়ে এই সপ্তাহে বাড়ল কিনা, এলএনজি'র দাম ওমানের বাজারে কত হলো ইত্যাদি। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রেও আমরা শক্তি-উৎস বিচারে কিলোওয়াট-ঘণ্টা প্রতি বিদ্যুৎ উৎপাদনে কোন উৎসের জন্য কত টাকা লাগছে সেটা বিচার করি। অর্থনৈতিক এবং অর্থমূল্যের বিচারে, ইকোনমিক, ফিনান্সিয়াল প্ল্যানিং এবং ফোরকাস্টের কাজে এই হিসাব অবশ্য-প্রয়োজনীয়। ফিস্কাল প্ল্যানিং বা বাজেট প্রণয়নের ক্ষেত্রেও ইউনিট প্রতি উৎপাদন মূল্য অথবা আমদানি মূল্য আমাদের উল্লেখ করতে হয় এবং বাজেট বিশ্লেষণের কাজে বিভিন্ন গবেষণা-প্রতিষ্ঠানের সংবাদ-সম্মেলনেও আমরা বিদ্যুতের ইউনিট প্রতি মূল্য নিয়ে ব্যাপক আলোচনা শুনি এবং দেখি। তবে জ্বালানিবিদ্যায় আরও একটি প্যারামিটার আছে যার বৈজ্ঞানিক মূল্য কম নয়। এবং অনেক মৌলিক বিশ্লেষণের কাজে আলোচনার পেছনে কিন্তু এই প্যারামিটারটি রয়েই যায়। এটি হলো শক্তি-ঘনত্ব বা এনার্জি ডেনসিটি। শক্তি ও জ্বালানি গবেষণার অনেক মৌলিক বিষয় বুঝতে হলে এই শক্তি ঘনত্বের ব্যাপারটা মাথায় রাখতে হয়। এটি যত না অর্থনৈতিক টার্ম, তারও চেয়ে বেশি বৈজ্ঞানিক শব্দ এবং প্রকৌশল পরিভাষা। যেজন্য সচরাচর আমরা এই শব্দটি শুনি না, এর অর্থও বুঝি না। আমাদের কালেকটিভ কনশাসনেস বা সামগ্রিক চেতনা যেহেতু নির্মিত হয় জনপ্রিয় সংবাদ সম্মেলন থেকে রসদ জুগিয়ে, তাই বৈজ্ঞানিক গুরুত্বপূর্ণ টার্ম বাদ পড়ে যায় বোধের সীমানা থেকে। এর ফল খুব সহজে দৃষ্টিগোচর হয় না, কেননা সাধারণ মৌখিক আলাপচারিতায় অর্থনৈতিক টার্ম যতটা আবেদন সৃষ্টি করে, বৈজ্ঞানিক টার্ম ততটা করে না। জ্বালানিবিদ্যার আলাপচারিতা সর্বদাই টাকাকড়ির আলোচনায় ঘোরাফেরা করার ফলে জ্বালানিখাতের গবেষণাজনিত অসুবিধাগুলো বা শক্তি-উৎসের টেকনোফিজিবিলিটি কিংবা সরল প্রকৌশলগত হিসাব আমলে নেওয়া হয় না। অনেক সময় বিশেষজ্ঞরাও ভুলে যান, জনপ্রিয় টার্মের ভিড়ে প্রকৃত প্যারামিটার হারিয়ে যায়। এটাকে আপনি বিজ্ঞান চেতনার কলোনিয়াল হ্যাঙওভারও বলতে পারেন, তবে এর মূল কারণ হলো মৌলিক গবেষণা যেহেতু আমাদের দেশে হয় না এবং যেহেতু নীতিগত কিংবা সিদ্ধান্তের জায়গাগুলো নির্ধারিত হয় দাতাদের টেবিলে বা আমলাদের বৈঠকে এবং কখনো কখনো সংবাদ সম্মেলনে বা সামাজিক যোগাযোগ মাধ্যমে। যা বলছিলাম, শক্তি ঘনত্বের কথা একটা খুব জরুরি প্যারামিটার। শক্তি-ঘনত্বের তুলনা করলেই বোঝা যায়, ফসিল ফুয়েল বা জীবাশ্ম-জ্বালানি কেন বেশি ব্যবহৃত হচ্ছে। জীবাশ্ম-জ্বালানির পুরোটাই হাইড্রোকার্বন-উদ্ভূত কেননা তেল-গ্যাস-কয়লার সবটাই কার্বন-ভিত্তিক জৈবযৌগ। এসব জৈবযৌগের দহনের ফলে কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন হয়। যদিও তাদের দহনে গ্রিনহাউস গ্যাস নির্গত হয়, তবু কিন্তু আমরা গণহারে এদের ত্যাগ করতে পারছি না। কেন পারছি না, সেটার একটি প্রধান কারণ শক্তি-ঘনত্ব। প্রথমত, এটা স্পষ্ট যে জীবাশ্ম জ্বালানির শক্তি-ঘনত্ব অনেক বেশি। দ্বিতীয়ত, হাইড্রোকার্বনের আরেকটি সুবিধা হলো এর সহজে বহনযোগ্যতা ও স্থানান্তর যোগ্যতা। খুব সহজেই গ্যাস বা তেলকে আমরা আন্তঃমহাদেশীয় পাইপলাইন বা সমুদ্রগামী বিশাল ট্যাংকারের সাহায্যে স্থানান্তর করতে পারি। পুরো ব্যাপারটির নিয়ন্ত্রণও খুব ভালো-লস কম, দক্ষতা বেশি, প্রবাহ সুনিয়ন্ত্রিত, নিরাপত্তা পর্যাপ্ত। একক ওজনে শক্তির মাপ অনুযায়ী শুকনো কাঠ খুব কম শক্তি দেয় (১৬ গিগাজুল/টন), এরপর আছে প্রায় দ্বিগুণ ঘনত্বের বিটুমিন কয়লা (২৪-৩০ গিগাজুল/টন)। এদের সাথে যদি কেরোসিন ও ডিজেলের (৪৬ গিগাজুল/টন) তুলনা করা হয় তবে দেখা যাবে শেষোক্ত উৎসের ঘনত্ব কাঠের অন্তত তিনগুণ বেশি। আয়তন অনুপাতে শক্তি ঘনত্ব যদি তুলনা করা যায় তবে দেখা যাবেড়কাঠ (১০ গিগাজুল/ঘনমিটার), কয়লা (২৬ গিগাজুল/ঘনমিটার), কেরোসিন (৩৮ গিগাজুল/ঘনমিটার), প্রাকৃতিক গ্যাস (০.০৩৫ গিগাজুল/ঘনমিটার)। দেখা যাচ্ছে, একক আয়তনে কেরোসিন কাঠের প্রায় ৪ গুণ শক্তিধর। তবে গ্যাসের ক্ষেত্রে দেখা যায় গ্যাসীয় দশার কারণে এর ঘনত্ব খুবই কম। [ভাক্লাভ স্মিলের সূত্রমতে] দুটো ব্যাপার লক্ষণীয়ড়ওজন হিসাবে ঘনত্ব এবং একক আয়তন হিসাবে ঘনত্ব। ওজন হিসাবে শক্তি-ঘনত্বের তাৎপর্য হলো একক ওজনের জ্বালানি কী পরিমাণ শক্তি দিচ্ছে। যে উৎসের শক্তি-ঘনত্ব বেশি, তার সামান্য একটু নিলেই কাজ হয়ে যাবে, যার ঘনত্ব কম তার বেশি আয়তনের নিতে হবে। জাহাজ বা প্লেন চালনায় ওজনের ব্যাপারটা খুব দরকারি। আটলান্টিক পাড়ি দিতে জাহাজে যদি কাঠ দিয়ে জ্বালানি সরবরাহের কাজ করতে হতো, তবে বিশাল ওজনের কাঠ বহন করতে হতো। কিন্তু ডিজেল দিয়ে চালালে ওজনের একটা বড় অংশ সাশ্রয় হয়, আয়তনও কম লাগে (আড়াইগুণ কম!)। তুলনায় যদি ব্যাটারির কথা ভাবেন, তাহলে সহজেই বোঝা যাবে কেন ব্যাটারি দিয়ে প্লেন চালানো যাচ্ছে না। কারণ, দূর-পাল্লার প্লেন উড়তে যে পরিমাণ শক্তি প্রয়োজন হবে সেটুকু দিতে যতটুকু ব্যাটারি লাগবে তার ফলে যাত্রীদের আর বসার জায়গা থাকবে না! এজন্য ইলেকট্রিক প্লেনের কথা ভাবা সুদূর পরাহত, যদি না অবশ্য খুব আধুনিক যুগান্তকারী কোনো আবিষ্কার হচ্ছে যা ব্যাটারির শক্তি-ঘনত্বকে কয়েক গুণ বাড়িয়ে দেবে, সেইসাথে তার ওজনকে ততটুকু কমিয়ে দেবে। আবার একক আয়তনের শক্তি-ঘনত্বের ব্যাপারটাও জরুরি। প্লেনের ক্ষেত্রে বিশেষ করে, ওজন যত কম হয় তত ভালো। ফলে প্লেনের জন্য এভিয়েশন-গ্রেড কেরোসিন বেশি পছন্দনীয়, কেননা প্রাকৃতিক গ্যাসের তুলনায় তা অনেক কম আয়তনের কিন্তু উচ্চ শক্তি-ঘনত্বের (১০০০ গুণ!) হয়ে থাকে। আবার একই শক্তি দিতে কয়লার তুলনায় গ্যাস ৭০০ গুণের বেশি জায়গা নেবে। কিন্তু কয়লার তুলনায় গ্যাস অনেক অনেক পরিচ্ছন্ন একটি জ্বালানি। আবার দূরের কূপ থেকে শিল্পাঞ্চলে পাইপলাইনের মাধ্যমে গ্যাস টেনে আনা অনেক সহজ; তুলনায় কয়লা আনতে হতো ট্রাক বা ট্রেনে করে এবং পুরো যাত্রাপথ কয়লার দূষণে দূষিত হয়ে যেত। তাই শিল্প-কারখানায় জ্বালানি হিসেবে গ্যাস অনেক বেশি কাঙ্ক্ষিত। প্রতি বর্গমিটারে জ্বালানি-উৎসের ঘনত্ব আরেকটি প্যারামিটার যা চিন্তার উদ্রেক করে। বর্গমিটারে শক্তি-ঘনত্বের বিচারে জীবাশ্ম-জ্বালানির অগ্রগণ্যতা অনস্বীকার্য, জীবাশ্ম জ্বালানি (৫০০ ১০,০০০ ওয়াট / বর্গমিটার), পরমাণু বিদ্যুৎ (৫০০ ১,০০০ ওয়াট / বর্গমিটার), সোলার (৫ ২০ ওয়াট / বর্গমিটার), জলবিদ্যুৎ (৫ ৫০ ওয়াট / বর্গমিটার), বায়ু-বিদ্যুৎ (১ ২ ওয়াট / বর্গমিটার), কাঠ ও অন্যান্য বায়োগ্যাস (<১ ওয়াট / বর্গমিটার) [বিল গেইটসের সূত্রমতে]। সামান্য ক্ষেত্রফল থেকে সুপ্রচুর ওয়াট কেবল ফসিলই দিতে পারে। এইদিক বিবেচনায় ভূতাত্ত্বিক প্রক্রিয়া থেকে উদ্ভূত এই উপহারটি অসীম সম্ভাবনার। কোনো সন্দেহ নেই কেন ফসিল ফুয়েল নিয়ে দুনিয়া-জোড়া এই মাতামাতি। সেই তুলনায় জৈব উৎস অনেক ম্রিয়মাণ। ঐতিহাসিক কালে কেন সভ্যতা শ্লথগতির ছিল তা এই হিসাব দেখলেই বোঝা যায়। সোলারের ক্ষমতা আরও একটুখানি ভালো, তবে এক বর্গমিটারে তার বৈদ্যুতিক দক্ষতা কম বিধায় যে শক্তিটুকু পাওয়া যায় তা বিদ্যুতে রূপান্তর হয় কম। তদুপরি গড় হিসাব নিলে এটা আরও কমে যায়, কারণ দিনের অর্ধেক সময়েই কিন্তু সূর্য থাকে না, উপরন্তু মেঘের আনাগোনা একটা বড় অনবচ্ছিন্নতার কারণ। নবায়নযোগ্য জ্বালানির ক্ষেত্রে অনবচ্ছিন্নতা বা ইন্টারমিটেন্সি একটি বড় সমস্যা। এটি বৈদ্যুতিক গ্রিডের সুস্থিতির জন্য বড় সমস্যা করবে, যখন নবায়নযোগ্য উৎস থেকে অনেক বেশি পরিমাণে বিদ্যুৎ আসা শুরু করবে। প্রায়োগিক ক্ষেত্রে জ্বালানির মৌলিক সমস্যা নিরূপণে তাই শক্তি-ঘনত্বের মতো প্যারামিটার আমাদের বোধকে সাহায্য করবে। শক্তি-ঘনত্বের এই প্যারামিটার দেখে জ্বালানি খাত নিয়ে নতুনভাবে ভাবা দরকার।

# সংস্কারে দরকার রাজনৈতিক সায়

**রিন্টু আনোয়ার**

শেষতক সংস্কার কতটুকু হবে, না হবে তা এখনো ভবিষ্যৎ। প্রস্তাব বা সুপারিশ মোটেই সিদ্ধান্ত নয়। তবে প্রধান উপদেষ্টার কাছে জমা পড়া সংস্কার প্রস্তাবগুলো জাতির কাছে সনদ হয়ে থাকল। এ রেকর্ড থেকে সরে যাওয়া সহজ হবে না। সংবিধান, নির্বাচনব্যবস্থা, দুর্নীতি দমন ও পুলিশ সংস্কার কমিশনের প্রতিবেদন তৈরিতে যুক্ত ব্যক্তিরা নিজ নিজ ক্ষেত্রে খ্যাতিমান। দেশবরেণ্য। কারো কারো কাজের জ্যোতি দেশের সীমানা ছাড়িয়ে বিশ্বেও আলোচিত। এরই মধ্যে তাদের দেয়া প্রস্তাবনা নিয়ে নানা মহলে ব্যাপক আলোচনা চলছে। চুলচেরা বিশ্লেষণও হচ্ছে। কিছু বিষয় নিয়ে রয়েছে সমালোচনাও। আর এ ধরনের ঐতিহাসিক বিষয় নিয়ে আলোচনা-সমালোচনা, মতামত, ভিন্নমত খুব জরুরি। যা সিদ্ধান্তগ্রহণে সহায়ক হবে। বিভিন্ন কমিশনের দেয়া সুপারিশগুলো নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে গুরুত্বপূর্ণ আলোচনার পরই আসবে পদক্ষেপ। তখন অন্তর্বর্তী সরকার কাঙ্ক্ষিত সংস্কার শুরু করবে। আর সেগুলোর পূর্ণ বাস্তবায়ন হবে রাজনৈতিক তথা নির্বাচিত সরকারের মাধ্যমে। ভবিষ্যতে যে নির্বাচন হবে, সেই নির্বাচনের মাধ্যমে যে সরকার আসবে, তাও হবে সনদের মাধ্যমে। ইতিহাসের এ অংশ মেনে নিয়েই এগোতে হবে সবাইকে। প্রধান উপদেষ্টা ড. ইউনূসের অন্তর্বর্তী সরকারের অংশীজনরা খুব বুঝেশুনেই নতুন বাংলাদেশের কাঠামো গড়ার প্রত্যয়ে সংস্কার কমিশনের সদস্যদের নিযুক্ত করেছে। কমিশন প্রধান ও সদস্যরাও তাদের জীবনের অভিজ্ঞতা তথা চব্বিশের বিজয়ের স্পিরিট ধারণ করে এসব প্রতিবেদন চূড়ান্ত করেছেন। আবার এই প্রতিবেদনই শেষ বা চূড়ান্ত নয়। একটি অধ্যায়ের শুরু মাত্র। স্বপ্ন ও অভ্যুত্থান-পরবর্তী তার যে যাত্রা, সেটা শুরু হলো। এর বড় একটি অংশ এই প্রতিবেদনের প্রতিফলন। এটি অবশ্যই বাইরে থেকে চাপানো কোনো জিনিস নয়, ভেতর থেকে উদ্ভূত। জুলাই গণ-অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় আসা অন্তর্বর্তী সরকার বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের কথা বলছে। এর অংশ হিসেবে দুই ধাপে মোট ১১টি সংস্কার কমিশন গঠন করা হয়। এর মধ্যে গত অক্টোবরের প্রথম সপ্তাহে গঠন করা হয় নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ প্রশাসন সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, দুর্নীতি দমন সংস্কার কমিশন, জনপ্রশাসন সংস্কার কমিশন ও সংবিধান সংস্কার কমিশন। এর মধ্যে বিচার বিভাগ সংস্কার ও জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রতিবেদন জমা দেয়ার সময় বাড়ানো হয়েছে। সংবিধান, নির্বাচনব্যবস্থা, দুর্নীতি দমন কমিশন ও পুলিশ সংস্কার কমিশনসহ কমিশনগুলোতে সমন্বয়সহ আনুষঙ্গিক কাজের জন্য এক মাস সময় দেয়া হয়েছে। তবে জানুয়ারির মধ্যেই এই চার কমিশনসহ মোট ছয়টি সংস্কার কমিশনের পূর্ণাঙ্গ প্রতিবেদন জানিয়ে দেয়া হবে। বাকি থাকবে বিচার বিভাগ সংস্কার ও জনপ্রশাসন সংস্কার কমিশন। সরকারের পক্ষ থেকে আগেই বলা হয়েছে, সংস্কার কমিশনগুলোর প্রতিবেদন পাওয়ার পর প্রস্তাবগুলো নিয়ে সরকার রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করবে। আলোচনার মধ্য দিয়ে যেসব প্রস্তাব নিয়ে ঐকমত্য তৈরি হবে, সেগুলো বাস্তবায়ন করা হবে। প্রস্তাবগুলো কবে কোন প্রক্রিয়ায় বাস্তবায়ন করা হবে, তার একটি রূপরেখা আসতে পারে দলগুলোর সঙ্গে সরকারের আলোচনার মাধ্যমে। ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার গঠিত হয়। রাষ্ট্র সংস্কারের অংশ হিসেবে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস ১১ সেপ্টেম্বর জাতির উদ্দেশে দেয়া ভাষণে সংবিধান, নির্বাচনব্যবস্থা, বিচার বিভাগ, জনপ্রশাসন, পুলিশ ও দুর্নীতি দমন বিষয়ে সংস্কারের জন্য ছয়টি কমিশন গঠনের কথা জানান। এরই ধারাবাহিকতায় ৭ অক্টোবর অধ্যাপক আলী রীয়াজকে প্রধান করে সংবিধান সংস্কার কমিশন গঠন করা হয়েছিল। তাদের সংস্কার প্রতিবেদনে বাংলাদেশের সাংবিধানিক নাম 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' পরিবর্তন করে 'জনগণতন্ত্রী বাংলাদেশ' করার সুপারিশ করেছে সংবিধান সংস্কার কমিশন। আর প্রজাতন্ত্রের পরিবর্তে 'নাগরিকতন্ত্র' করার প্রস্তাবও করেছে কমিশন। বর্তমানে বাংলাদেশের সংবিধানের নাম হিসেবে উল্লেখ আছে, 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান'। সংবিধান সংস্কার কমিশনের সুপারিশে সংবিধানের প্রস্তাব হিসেবে বলা হয়েছে, 'জনগণের সম্মতি নিয়ে আমরা এই সংবিধান জনগণতন্ত্রী বাংলাদেশের সংবিধান হিসেবে গ্রহণ করছি।' দেশের বিদ্যমান সংবিধানে আছে বাংলাদেশ একটি একক, স্বাধীন ও সার্বভৌম প্রজাতন্ত্র, যা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' নামে পরিচিত হবে। এ বিষয়ে কমিশনের সুপারিশ, সংবিধানের প্রযোজ্য সব ক্ষেত্রে 'প্রজাতন্ত্র' এবং 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' শব্দের পরিবর্তে 'নাগরিকতন্ত্র' এবং 'জনগণতন্ত্রী বাংলাদেশ' শব্দ ব্যবহৃত হবে। তবে ইংরেজি সংস্করণে 'রিপাবলিক' ও 'পিপলস রিপাবলিক অব বাংলাদেশ' শব্দগুলো থাকছে। এ ছাড়া নাগরিকত্ব হিসেবে 'বাঙালি' বাদ দিয়ে 'বাংলাদেশী' করার সুপারিশ করেছে সংবিধান সংস্কার কমিশন। কমিশন 'বাংলাদেশের জনগণ জাতি হিসেবে বাঙালি...' এই বিধান বিলুপ্ত করার সুপারিশ করেছে। তারা বর্তমান অনুচ্ছেদ ৬(২) "বাংলাদেশের নাগরিকগণ 'বাংলাদেশী' বলে পরিচিত হবেন"হিসেবে প্রতিস্থাপন করার সুপারিশ করেছে। এগুলোর প্রতিটিই সংবিধানে বড় পরিবর্তনের সুপারিশ। ক্ষমতার প্রাতিষ্ঠানিক ভারসাম্য প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রীর একচ্ছত্র ক্ষমতা কমানোসহ সংবিধানে আমূল পরিবর্তনের সুপারিশ করেছে সংবিধান সংস্কার কমিশন। একজন দুবারের বেশি প্রধানমন্ত্রী হতে পারবেন না। প্রধানমন্ত্রী থাকা অবস্থায় তিনি কোনো রাজনৈতিক দলের প্রধান এবং সংসদ নেতাও হতে পারবেন না। সংবিধানের মূলনীতি ও সংসদের কাঠামোতে পরিবর্তন, অন্তর্বর্তী সরকারের কাঠামো, মৌলিক অধিকারের পরিসর বাড়ানো, বিচার বিভাগের বিকেন্দ্রীকরণ, স্থানীয় সরকারকে শক্তিশালী করা, জাতীয় সাংবিধানিক কাউন্সিলসহ সংবিধানের নানা ক্ষেত্রে পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। বর্তমানে সংবিধানে রাষ্ট্র পরিচালনার জন্য রয়েছে চার মূলনীতি-জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। এবারের সুপারিশ করা পাঁচ মূলনীতি হলো সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ ও গণতন্ত্র। সংবিধানের মূলনীতি ও রাষ্ট্র পরিচালনার মূলনীতি হিসেবে ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র ও জাতীয়তাবাদ এবং সংশ্লিষ্ট সংবিধানের ৮, ৯, ১০ ও ১২ অনুচ্ছেদ বাদ দেয়ার সুপারিশ করছে। দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার কথা তো রয়েছেই। বিদ্যমানে ৩৫০ জন সংসদ সদস্য নিয়ে জাতীয় সংসদ গঠিত হয়। এর মধ্যে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে ৩০০ জন সংসদ সদস্য নির্বাচিত হন। সংরক্ষিত নারী আসনের ৫০ জন সদস্য নির্বাচিত হন নির্বাচিত সংসদ সদস্যদের ভোটে। সংবিধান সংস্কার কমিশন দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার সুপারিশ করেছে। আইনসভার নিম্নকক্ষ গঠিত হবে সংখ্যাগরিষ্ঠ ভোটে সরাসরি নির্বাচিত সদস্যদের সমন্বয়ে। ৪০০ আসন নিয়ে হবে নিম্নকক্ষ। এর মধ্যে ৩০০ জন সদস্য নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। আর ১০০ জন নারী সদস্য সারা দেশের সব জেলা থেকে নির্ধারিত ১০০ নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। রাজনৈতিক দলগুলো নিম্নকক্ষের মোট আসনের ন্যূনতম ১০ শতাংশ আসনে তরুণ-তরুণীদের মধ্য থেকে প্রার্থী মনোনীত করবে। এ ছাড়া সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ন্যূনতম বয়স চার বছর কমিয়ে ২১ বছর করা, দু'জন ডেপুটি স্পিকার রাখা; যাদের মধ্যে একজন বিরোধী দল থেকে মনোনীত হবেন। একজন সংসদ সদস্য একই সাথে প্রধানমন্ত্রী, সংসদ নেতা এবং রাজনৈতিক দলের প্রধানের যেকোনো একটির বেশি পদে থাকতে পারবেন না। আরেকটি বড় সুপারিশে অর্থবিল ছাড়া নিম্নকক্ষের সদস্যদের মনোনয়নকারী দলের বিপক্ষে ভোট দেয়ার পূর্ণ ক্ষমতার কথা বলা হয়েছে। আইন সভার স্থায়ী কমিটিগুলোর সভাপতি সব সময় বিরোধীদলীয় সদস্যদের মধ্য থেকে মনোনীত হবেন। রাজনৈতিক দলগুলো সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির ভিত্তিতে উচ্চকক্ষের মনোনয়নের জন্য সর্বোচ্চ ১০০ জন প্রার্থী মনোনয়ন দিতে পারবে। তাদের মধ্যে কমপক্ষে ৫ জন সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবেন। বাকি ৫টি আসন রাষ্ট্রপতি মনোনীত করবেন। যারা কোনো কক্ষেরই সদস্য ও রাজনৈতিক দলের সদস্য নন। উচ্চকক্ষের স্পিকার সাধারণ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে উচ্চকক্ষের সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন। আর উচ্চকক্ষের একজন ডেপুটি স্পিকার থাকবেন, যিনি সরকারদলীয় সদস্য ব্যতীত উচ্চকক্ষের অন্য সব সদস্যের মধ্য থেকে নির্বাচিত হবেন। বর্তমান সংবিধান অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতির মেয়াদ পাঁচ বছর। সংবিধান সংস্কার কমিশন সুপারিশ করেছে, রাষ্ট্রপতির মেয়াদ হবে চার বছর। রাষ্ট্রপতি সর্বোচ্চ দুবারের বেশি অধিষ্ঠিত থাকবেন না। রাষ্ট্রপতি নির্বাচকমণ্ডলীর (ইলেকটোরাল কলেজ) সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্বাচিত হবেন। রাষ্ট্রদ্রোহ, গুরুতর অসদাচরণ বা সংবিধান লঙ্ঘনের জন্য রাষ্ট্রপতিকে অভিশংসন করা যাবে। নিম্নকক্ষ থেকে অভিশংসন প্রক্রিয়া শুরু হবে। একজন ব্যক্তি প্রধানমন্ত্রী হিসেবে সর্বোচ্চ দুবার দায়িত্ব পালন করতে পারবেন। তিনি একাদিক্রমে দুই বা অন্য যেকোনোভাবেই এই পদে আসীন হন না কেন, তার জন্য এ বিধান সমভাবে প্রযোজ্য হবে। প্রধানমন্ত্রী থাকা অবস্থায় তিনি কোনো রাজনৈতিক দলের প্রধান এবং সংসদ নেতা হিসেবে অধিষ্ঠিত থাকতে পারবেন না। অন্তর্বর্তী সরকারের মেয়াদ, বিচার বিভাগের বিকেন্দ্রীকরণ, জামিনে মুক্তির অধিকার অন্তর্ভুক্তির সুপারিশ, শক্তিশালী স্থানীয় সরকারের কথাও রয়েছে। পুলিশ, দুর্নীতি দমন কমিশনসহ নানা বিষয়ে বিস্তারিত রয়েছে কমিশনগুলোর সুপারিশে। সরকারের পক্ষ থেকে আগেই বলা হয়েছে, সংস্কার কমিশনগুলোর প্রতিবেদন পাওয়ার পর প্রস্তাবগুলো নিয়ে সরকার রাজনৈতিক দলগুলোর সাথে আলোচনা করবে।

সংরক্ষিত নারী আসনের ৫০ জন সদস্য নির্বাচিত হন নির্বাচিত সংসদ সদস্যদের ভোটে। সংবিধান সংস্কার কমিশন দ্বিকক্ষবিশিষ্ট আইনসভার সুপারিশ করেছে। আইনসভার নিম্নকক্ষ গঠিত হবে সংখ্যাগরিষ্ঠ ভোটে সরাসরি নির্বাচিত সদস্যদের সমন্বয়ে। ৪০০ আসন নিয়ে হবে নিম্নকক্ষ। এর মধ্যে ৩০০ জন সদস্য নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। আর ১০০ জন নারী সদস্য সারা দেশের সব জেলা থেকে নির্ধারিত ১০০ নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। রাজনৈতিক দলগুলো নিম্নকক্ষের মোট আসনের ন্যূনতম ১০ শতাংশ আসনে তরুণ-তরুণীদের মধ্য থেকে প্রার্থী মনোনীত করবে। এ ছাড়া সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ন্যূনতম বয়স চার বছর কমিয়ে ২১ বছর করা, দু'জন ডেপুটি স্পিকার রাখা; যাদের মধ্যে একজন বিরোধী দল থেকে মনোনীত হবেন। একজন সংসদ সদস্য একই সাথে প্রধানমন্ত্রী, সংসদ নেতা এবং রাজনৈতিক দলের প্রধানের যেকোনো একটির বেশি পদে থাকতে পারবেন না। আরেকটি বড় সুপারিশে অর্থবিল ছাড়া নিম্নকক্ষের সদস্যদের মনোনয়নকারী দলের বিপক্ষে ভোট দেয়ার পূর্ণ ক্ষমতার কথা বলা হয়েছে। আইন সভার স্থায়ী কমিটিগুলোর সভাপতি সব সময় বিরোধীদলীয় সদস্যদের মধ্য থেকে মনোনীত হবেন। রাজনৈতিক দলগুলো সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির ভিত্তিতে উচ্চকক্ষের মনোনয়নের জন্য সর্বোচ্চ ১০০ জন প্রার্থী মনোনয়ন দিতে পারবে। তাদের মধ্যে কমপক্ষে ৫ জন সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবেন। বাকি ৫টি আসন রাষ্ট্রপতি মনোনীত করবেন। যারা কোনো কক্ষেরই সদস্য ও রাজনৈতিক দলের সদস্য নন। উচ্চকক্ষের স্পিকার সাধারণ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে উচ্চকক্ষের সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন। আর উচ্চকক্ষের একজন ডেপুটি স্পিকার থাকবেন, যিনি সরকারদলীয় সদস্য ব্যতীত উচ্চকক্ষের অন্য সব সদস্যের মধ্য থেকে নির্বাচিত হবেন। বর্তমান সংবিধান অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতির মেয়াদ পাঁচ বছর। সংবিধান সংস্কার কমিশন সুপারিশ করেছে, রাষ্ট্রপতির মেয়াদ হবে চার বছর। রাষ্ট্রপতি সর্বোচ্চ দুবারের বেশি অধিষ্ঠিত থাকবেন না। রাষ্ট্রপতি নির্বাচকমণ্ডলীর (ইলেকটোরাল কলেজ) সংখ্যাগরিষ্ঠ ভোটে নির্বাচিত হবেন। রাষ্ট্রদ্রোহ, গুরুতর অসদাচরণ বা সংবিধান লঙ্ঘনের জন্য রাষ্ট্রপতিকে অভিশংসন করা যাবে। নিম্নকক্ষ থেকে অভিশংসন প্রক্রিয়া শুরু হবে। একজন ব্যক্তি প্রধানমন্ত্রী হিসেবে সর্বোচ্চ দুবার দায়িত্ব পালন করতে পারবেন। তিনি একাদিক্রমে দুই বা অন্য যেকোনোভাবেই এই পদে আসীন হন না কেন, তার জন্য এ বিধান সমভাবে প্রযোজ্য হবে



# সুদানে হাসপাতালে ড্রোন হামলা, নিহত ৩০

**আন্তর্জাতিক ডেস্ক :** সুদানের দারফুর অঞ্চলের এল-ফাশারে সর্বশেষ সচল হাসপাতালগুলোর একটিড় সৌদি হাসপাতালে ড্রোন হামলায় ৩০ জন নিহত ও বহু মানুষ আহত হয়েছে। একটি চিকিৎসা সূত্র গতকাল শনিবার এই তথ্য জানিয়েছে। নিরাপত্তাজনিত কারণে নাম প্রকাশে অনিচ্ছুক ওই সূত্র জানিয়েছে, স্থানীয় সময় শুক্রবার সন্ধ্যায় হওয়া এই বোমা হামলায় জরুরি চিকিৎসার জন্য ব্যবহৃত হাসপাতালের ভবনটি সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। তাৎক্ষণিকভাবে এই হামলা সুদানের যুদ্ধরত কোন পক্ষ চালিয়েছে, তা স্পষ্ট হয়নি। ২০২৩ সালের এপ্রিল থেকে সুদানের সেনাবাহিনী ও আধাসামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসের (আরএসএফ) মধ্যে যুদ্ধ চলছে। আরএসএফ বিস্তীর্ণ পশ্চিমাঞ্চলীয় দারফুরের প্রায় পুরোটা দখল করেছে এবং মে মাস থেকে এল-ফাশার শহরটি অবরোধ করে রেখেছে। তবে শহরটি এখনো তারা দখল করতে পারেনি। কারণ সেনাবাহিনী সমর্থিত মিলিশিয়ারা তাদের বারবার প্রতিহত করছে। চিকিৎসা সূত্র জানিয়েছে, কয়েক সপ্তাহ আগে একই ভবনটি আরএসএফের একটি ড্রোন হামলার লক্ষ্যবস্তু হয়েছিল। এল-ফাশারে স্বাস্থ্যসেবার ওপর আক্রমণ একটি স্বাভাবিক ঘটনায় পরিণত হয়েছে। চিকিৎসা সংস্থা ডক্টরস উইদাউট বর্ডার্স এ মাসে জানিয়েছে, সৌদি হাসপাতালটিই শহরের একমাত্র সরকারি হাসপাতাল, যেখানে অস্ত্রোপচারের সুযোগ রয়েছে। এ ছাড়া সরকারি পরিসংখ্যান অনুসারে, দেশজুড়ে ৮০ শতাংশের বেশি স্বাস্থ্যসেবাকেন্দ্র বন্ধ হয়ে গেছে। এই যুদ্ধে এখন পর্যন্ত হাজার হাজার মানুষ নিহত হয়েছে, এক কোটি ২০ লাখের বেশি মানুষ তাদের বাড়িঘর ছেড়ে পালাতে বাধ্য হয়েছে এবং লাখ লাখ মানুষ দুর্ভিক্ষের মুখে পড়েছে। এল-ফাশার অঞ্চলের আশপাশে তিনটি শরণার্থী শিবিরেড়জামজাম, আবু শউক ও আল-সালামে ইতিমধ্যে দুর্ভিক্ষ শুরু হয়েছে। জাতিসংঘ সমর্থিত একটি মূল্যায়নে বলা হয়েছে, আগামী মে মাসের মধ্যে এই দুর্ভিক্ষ আরো পাঁচটি এলাকায় ছড়িয়ে পড়তে পারে, যার মধ্যে এল-ফাশার শহরও রয়েছে।

# চার ইসরায়েলি নারী সেনাকে মুক্তি দিলো হামাস

**আন্তর্জাতিক ডেস্ক :** যুদ্ধবিরতি চুক্তির অংশ হিসেবে চার ইসরায়েলি নারী সেনাকে মুক্তি দিয়েছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। গতকাল শনিবার তাদের মুক্তি দেওয়া হয়েছে বলে জানিয়েছে বিবিসি। ২০২৩ সালে গাজা সীমান্ত থেকে প্রায় এক কিলোমিটার দূরে নাহাল ওজ সামরিক ঘাঁটি থেকে এই চারজনকে বন্দি করা হয়েছিল। সংবাদমাধ্যমটি জানিয়েছে, জিম্মি চারজনকে তাদের সামরিক পোশাক পরিয়ে আনা হয়েছিল। তাদের রেড ক্রস সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। চার নারীকে বহনকারী গাড়িটি গাজা ছেড়ে গেছে। গত শুক্রবার হামাস জানিয়েছিল, তারা ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে জিম্মি থাকা চার ইসরায়েলি নারী সেনাকে মুক্তি দেবে। ইসরায়েল ও গাজার মধ্যে যুদ্ধবিরতি চুক্তির অধীনে এটি দ্বিতীয় দফার জিম্মি মুক্তি। পরের পদক্ষেপ হিসেবে এখন ফিলিস্তিনি বন্দিদের মুক্তি দেওয়ার কথা ইসরায়েলের। তিন দেশের মধ্যস্থতায় চলতি মাসে ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরিত হয়। যুদ্ধবিরতি চুক্তির প্রথম ৪২ দিনের পর্ব অনুসারে, ইসরায়েলি কারাগারে বন্দি এক হাজার ৯০০ ফিলিস্তিনি বন্দির বিনিময়ে ৩৩ জন ইসরায়েলি জিম্মিকে মুক্তি দেওয়ার কথা হামাসের।

# সমুদ্রের নিচে ১২০ দিন অবস্থান করে জার্মান নাগরিকের বিশ্ব রেকর্ড

**আন্তর্জাতিক ডেস্ক :** একজন জার্মান নাগরিক পানামা উপকূলে সমুদ্রের নিচে ১২০ দিন অবস্থান করে বিশ্ব রেকর্ড গড়েছেন, খবর এএফপি'র। জার্মান নাগরিক মহাকাশ ইঞ্জিনিয়ার রুডিগার কোচ, ৫৯, গত শুক্রবার তার সমুদ্রের নিচের ৩০ মিটারের ক্যাপসুল (বাসা) থেকে বের হয়ে আসেন। এসময় সেখানে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডের বিচারক সুজানা রেয়েস উপস্থিত ছিলেন। সুজানা এটা নিশ্চিত করেছেন যে, রুডিগার কোচ আমেরিকান জোসেফ দিতুরির রেকর্ড ভেঙ্গে ফেলেছেন। জোসেফ দিতুরি এর আগে ফ্লোরিডার লেকে পানির নিচে একটি লজে ১০০ দিন পার করেছিলেন। সমুদ্রের নিচে ৩৬ ফুট গভীরে অবস্থিত ক্যাপসুল থেকে বের হয়ে কোচ এএফপিকে বলেছেন, এটা ছিল একটা দু:সাহসিক কাজ, যা শেষ হয়েছে। এটা দারুন, যেখানে সবকিছু শান্ত এবং অন্ধকারময়। সমুদ্র যেখানে জ্বলজ্বল করে।

# ভারতে বাংলাদেশি নারীকে ধর্ষণের পর হত্যা: পুলিশের তদন্তে নতুন তথ্য

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের কর্নাটক রাজ্যের বেঙ্গালুরুতে এক বাংলাদেশি নারীকে ধর্ষণের পর হত্যার অভিযোগ উঠেছে। রামমূর্তি নগরের কালকেরে লেকের পাশে ২৮ বছর বয়সী নাজমা নামের ওই নারীর লাশ উদ্ধার করে স্থানীয় পুলিশ। পুলিশ জানিয়েছে, নিহত নাজমা স্থানীয় একটি অ্যাপার্টমেন্টে গৃহকর্মী হিসেবে কাজ করতেন এবং তার স্বামী পৌরসভার পরিচ্ছন্নতা কর্মী হিসেবে কর্মরত ছিলেন। তাদের তিন সন্তান রয়েছে, যারা বাংলাদেশে অবস্থান করছে। প্রাথমিক তদন্তের ভিত্তিতে পুলিশ ধারণা করছে, বৃহস্পতিবার রাতে কাজ শেষে ফেরার পথে তিনি আক্রান্ত হন। তার লাশ কর্মস্থল থেকে প্রায় এক কিলোমিটার দূরে পাওয়া যায়। পুলিশের এক কর্মকর্তা বলেন, "প্রাথমিক তদন্তে দেখা গেছে, হত্যার আগে ওই নারীকে যৌন নির্যাতন করা হয়েছে এবং মাথায় ভারী কোনো বস্তুর আঘাতের চিহ্ন রয়েছে।চ স্থানীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমস ও ডেকান হেরাল্ড জানিয়েছে, নাজমার কাছে কোনো বৈধ ভিসা বা পাসপোর্ট পাওয়া যায়নি, তবে তার স্বামীর বৈধ পাসপোর্ট রয়েছে এবং তিনি মেডিকেল ভিসায় ভারতে এসেছিলেন। পুলিশের এক জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন, "নাজমা তার সহকর্মীকে জানিয়েছিলেন, ব্যক্তিগত কাজে দেরি হতে পারে এবং তিনি একাই ফিরে যাবেন। এরপর থেকেই তিনি নিখোঁজ ছিলেন।চ পুলিশের ধারণা, তিনি পূর্ব পরিচিত কারও সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, যেখানে কোনো বিবাদের জেরে তার ওপর হামলা হয়। ফরেনসিক বিশেষজ্ঞ ও ডগ স্কোয়াড ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং আশপাশের সিসিটিভি ফুটেজ পরীক্ষা করা হচ্ছে। পুলিশ ভারতীয় দণ্ডবিধির ৬৩ (ধর্ষণ) এবং ১০৩ (হত্যা) ধারায় মামলা করেছে এবং ময়নাতদন্তের প্রতিবেদন আসার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছে। পূর্ব বিভাগের উপপুলিশ কমিশনার দেবরাজ ঘটনাস্থল পরিদর্শন শেষে বলেন, "এটি একটি নৃশংস ঘটনা এবং আমরা অপরাধীদের খুঁজে বের করতে সর্বাত্মক চেষ্টা চালাচ্ছি।চ এই ঘটনার পর বেঙ্গালুরুতে অভিবাসীদের নিরাপত্তা এবং অবৈধভাবে বসবাসরত বিদেশি নাগরিকদের পরিস্থিতি নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। পুলিশ তদন্ত অব্যাহত রেখেছে এবং দ্রুতই অভিযুক্তদের শনাক্ত করে আইনের আওতায় আনার আশ্বাস দিয়েছে।

# বায়ুদূষণে বন্ধ হয়ে গেল ব্যাংককের ৩৫২ স্কুল

**আন্তর্জাতিক ডেস্ক :** কয়েক বছর ধরেই থাইল্যান্ডে আশঙ্কাজনক হারে বাড়ছে বায়ুদূষণ। এ বছর দেশটিতে দূষণের মাত্রা এতটাই মারাত্মক পর্যায়ে পৌঁছেছে যে দেশটির রাজধানীর ব্যাংককের প্রায় সব স্কুল বন্ধ করে দেওয়া হয়েছে। ২০২০ সালের পর এবারই সবচেয়ে বেশি বিপর্যয়কর পরিস্থিতি পার করছে ব্যাংকক। গত শুক্রবার ব্যাংকক নগর কর্তৃপক্ষ এক ঘোষণায় জানিয়েছে, বায়ুদূষণের কারণে ৩৫০টি স্কুল বন্ধ থাকবে। এর আগে ২০২২ সালেও বায়ুদূষণের কারণে ব্যাংককে সব স্কুল বন্ধ করে দেওয়া হয়েছিল। খবর এএফপির। বাসিন্দাদের জন্য দেওয়া এক বার্তায় ব্যাংকক নগর কর্তৃপক্ষ বলেছে, ব্যাংকক মেট্রোপলিটন প্রশাসন বায়ুদূষণের কারণে ৩১টি জেলার ৩৫২টি স্কুল বন্ধ করে দিয়েছে। এছাড়া ব্যাংককবাসীকে দাপ্তরিক সব কাজ বাড়িতে বসে করার অনুরোধ জানিয়েছে কর্তৃপক্ষ। পাশাপাশি রাজধানীতে ভারী যানবাহন চলাচলও সীমিত করা হয়েছে।

### অভিবাসন ইস্যুতে নতুন উত্তেজনা

# অভিবাসীবাহী মার্কিন সামরিক বিমানকে অবতরণের অনুমতি দেয়নি মেক্সিকো

**আন্তর্জাতিক ডেস্ক :** মেক্সিকো যুক্তরাষ্ট্রের একটি সামরিক বিমানের অবতরণ অনুমোদন না দেওয়ায় দুই দেশের মধ্যে অভিবাসন ইস্যুতে উত্তেজনা নতুন মাত্রা পেয়েছে। গত শুক্রবার যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর দুটি বিমান প্রায় ১৫০ অবৈধ অভিবাসীকে গুয়াতেমালায় নামিয়ে এলেও মেক্সিকোতে নামার অনুমতি না পাওয়ায় বিমানটি বিকল্প ব্যবস্থা নিতে বাধ্য হয়। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তা ও মেক্সিকোর এক কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন। প্রথমবারের মতো এই খবর প্রকাশ করে এনবিসি নিউজ। তবে মেক্সিকোর পক্ষ থেকে কেন অবতরণের অনুমতি দেওয়া হয়নি, সে বিষয়ে কোনো ব্যাখ্যা দেওয়া হয়নি। শুক্রবার রাতে মেক্সিকোর পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, যুক্তরাষ্ট্রের সঙ্গে তাদের 'উৎকৃষ্ট সম্পর্ক' বিদ্যমান এবং তারা অভিবাসন সংক্রান্ত ইস্যুতে পারস্পরিক সহযোগিতা বজায় রাখছে। বিবৃতিতে আরও বলা হয়, "যখন প্রত্যাবাসনের বিষয় আসে, আমরা সবসময় আমাদের ভূখণ্ডে আগত মেক্সিকানদের দুই হাতে গ্রহণ করব।চ মেক্সিকোর বামপন্থি প্রেসিডেন্ট ক্লদিয়া শিনবাউম কিছুদিন আগে জানান, যুক্তরাষ্ট্রের 'রিমেইন ইন মেক্সিকো' কর্মসূচি পুনরায় চালুর জন্য মেক্সিকোর সম্মতি প্রয়োজন। তবে এখন পর্যন্ত তার সরকার এমন কোনো অনুমতি দেয়নি। এদিকে, ট্রাম্প প্রশাসনের দ্বিতীয় দফায় অভিবাসন নীতির কড়াকড়ি আরও বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ট্রাম্প মেক্সিকোর সাথে সীমান্ত সমস্যা মোকাবেলায় ১,৫০০ অতিরিক্ত মার্কিন সেনা মোতায়েনের নির্দেশ দেন এবং মেক্সিকো থেকে আমদানিকৃত পণ্যের ওপর ২৫% শুল্ক আরোপের হুমকি দেন। এই ঘটনায় মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় ও



পেন্টাগনের কাছে মন্তব্য চাওয়া হলেও তাৎক্ষণিকভাবে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে সামরিক বিমান ব্যবহার করে অভিবাসীদের বহন করা অভিবাসন নীতির নতুন দৃষ্টান্ত হিসেবে দেখা হচ্ছে। বিশেষজ্ঞরা বলছেন, এই পদক্ষেপ দুই দেশের সম্পর্ককে আরও জটিল করে তুলতে পারে।

# সৌদি আরব চাইলে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থামাতে পারে: ট্রাম্প

**আন্তর্জাতিক ডেস্ক :** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, সৌদি আরব চাইলে এক নিমেষে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে পারে। মধ্যপ্রাচ্যের দেশটি ও তেল রপ্তানিকারী অন্যান্য রাষ্ট্র যদি তেলের দাম কমিয়ে দেয়, তাহলে যুদ্ধ থেমে যাবে বলে মন্তব্য করেছেন তিনি। সুইজারল্যান্ডের দাভোস শহরে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সম্মেলনে বৃহস্পতিবার ভার্চুয়াল মাধ্যমে যুক্ত হয়ে এ বক্তব্য দেন ট্রাম্প। আল জাজিরার উদ্ধৃতি দিয়ে ওয়াশিংটন থেকে এএফপি এই খবর জানায়। তিনি বলেন, "আমি অবাক হয়েছি যে এখনও সৌদি আরবসহ ওপেকভুক্ত দেশগুলো তেলের দাম কমায়নি। এটি অনেক আগেই করা উচিত ছিল। যদি তেলের দাম কমানো হয়, তাহলে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ সঙ্গে সঙ্গে বন্ধ হয়ে যাবে।চ ট্রাম্প আরও বলেন, "খনিজ তেলের উচ্চমূল্যের কারণেই এই যুদ্ধ দীর্ঘায়িত হচ্ছে। যুদ্ধ থামাতে হলে তেলের দাম কমাতে হবে। যারা এখনো এই সিদ্ধান্ত নেয়নি, তারাও অনেকাংশে দায়ী। হাজার হাজার মানুষ প্রাণ হারাচ্ছে, অথচ এই সমস্যার সমাধান একেবারে আমাদের হাতের নাগালে।চ ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে রাশিয়া, যা প্রায় তিন বছর ধরে চলমান। এই সময়ে লক্ষাধিক মানুষের মৃত্যু হয়েছে এবং বহু মানুষ বাস্তুচ্যুত হয়েছে। ট্রাম্প দাবি করেছেন, তিনি ক্ষমতায় থাকলে ২৪ ঘণ্টার মধ্যেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সমাধান করে ফেলতেন। প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণের পর তিনি জানিয়েছেন, রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে আলোচনা করে এই সংকট সমাধানের উদ্যোগ নেবেন। এর আগে, রাশিয়ার বিরুদ্ধে কঠোর নিষেধাজ্ঞার হুঁশিয়ারিও দিয়েছেন ট্রাম্প। তিনি বলেন, "যদি যুদ্ধ বন্ধ না হয়, তাহলে রাশিয়া আরও কঠোর অর্থনৈতিক নিষেধাজ্ঞার সম্মুখীন হবে।চ বিশ্ব রাজনীতিতে সৌদি আরব ও ওপেকভুক্ত দেশগুলোর ভূমিকা বরাবরই গুরুত্বপূর্ণ। ট্রাম্পের মন্তব্যের পর আন্তর্জাতিক বিশ্লেষকরা বলছেন, তেলের দাম কমানো আসলেই যুদ্ধ বন্ধ করতে পারবে কি না, সেটি নিয়ে বিতর্ক থাকলেও এই ইস্যুটি নতুন করে আলোচনায় এসেছে।

## বিনোদন

# ৩১ জানুয়ারি 'ইত্যাদি' এবার নাতির সঙ্গে নেই নানি

**বিনোদন ডেস্ক :** নব্বই দশক থেকেই শিকড়ের সন্ধানে ইত্যাদি স্টুডিওর চার দেয়াল থেকে বের হয়ে যাচ্ছে দেশের বিভিন্ন প্রান্তে। তুলে ধরছে আমাদের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, প্রত্ননিদর্শন, আকর্ষণীয় পর্যটনকেন্দ্রসহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থাপনা। তারই ধারাবাহিকতায় এবারের পর্ব ধারণ করা হয়েছে ঐতিহ্য ও আর্থসামাজিক সম্ভাবনার জেলা ঠাকুরগাঁওয়ে। মঞ্চ নির্মাণ করা হয়েছে ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল উপজেলার রাজা টংকনাথের রাজবাড়ির সামনে। ইত্যাদির এ পর্বটি ৩১ জানুয়ারি শুক্রবার রাত আটটার বাংলা সংবাদের পর প্রচারিত হবে বাংলাদেশ টেলিভিশনে। ইত্যাদি রচনা, পরিচালনা ও উপস্থাপনা করেছেন হানিফ সংকেত। নির্মাণ করেছে ফাগুন অডিও ভিশন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এবারের ইত্যাদির বিস্তারিত তথ্য জানিয়েছে নির্মাতা প্রতিষ্ঠান ফাগুন অডিও ভিশন। সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ইত্যাদির ধারণ উপলক্ষে পুরো ঠাকুরগাঁও জেলায় ছিল উৎসবের আমেজ। অনুষ্ঠানস্থল ঘিরে বসে জমজমাট মেলা। বিভিন্ন পণ্যের পসরা সাজিয়ে বসেন দোকানিরা, ছিল নাগরদোলাও। রানীশংকৈলে ধারণ হলেও দর্শকেরা আসেন ঠাকুরগাঁওয়ের বিভিন্ন উপজেলাসহ পার্শ্ববর্তী জেলা পঞ্চগড় এবং দিনাজপুর থেকেও। বেলা তিনটা থেকেই আমন্ত্রিত অতিথিরা অনুষ্ঠানস্থলে আসতে শুরু করেন। কিছুক্ষণের মধ্যেই কানায় কানায় পূর্ণ হয়ে যায় অনুষ্ঠানস্থল। আমন্ত্রিত দর্শক ছাড়াও অনুষ্ঠানস্থলের বাইরে লক্ষাধিক মানুষ উপস্থিত হন অনুষ্ঠান দেখার জন্য। ফলে দুই কিলোমিটার যানজটের সৃষ্টি হয়। একপর্যায়ে দর্শকেরা হানিফ সংকেতকে দেখার জন্য বাঁধভাঙা জোয়ারের মতো অনুষ্ঠানস্থলে ঢুকে পড়েন। ফলে অনুষ্ঠান ধারণের সুবিধার্থে কিছু সময়ের জন্য অনুষ্ঠান ধারণ স্থগিত করা হয়, স্থানীয় প্রশাসন ও সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত সহযোগিতায় কিছুক্ষণ পরেই আবার ধারণ শুরু হয়। অনুষ্ঠানস্থলে ধারণক্ষমতার কয়েক গুণ লোক বেশি হওয়ার কারণে স্থানাভাবে অনেক দর্শকই আশপাশের বিভিন্ন স্থাপনার ছাদ, রাস্তা, দেয়াল ও গাছের ওপর উঠে তীব্র শীত উপেক্ষা করে দীর্ঘ সময় ধরে উপভোগ করেছেন তাঁদের প্রিয় অনুষ্ঠানের ধারণ।



# এ আর রহমানের সমালোচনায় সোনু নিগম

**বিনোদন ডেস্ক :** অস্কারজয়ী এ আর রহমানের গান ও ব্যক্তিজীবন নিয়ে সমালোচনা করলেন বলিউডের জনপ্রিয় সংগীতশিল্পী সোনু নিগম। সম্প্রতি এক সাক্ষাৎকারে এ আর রহমান প্রসঙ্গে উঠতেই তিনি সাফ জানিয়ে দিয়েছেন তার গান 'বেকার' (কোনো কাজের নয়)। ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়, সম্প্রতি জিরো টু ইন্ডিয়ার একটি সাক্ষাৎকারে অংশ নেন সোনু নিগম। সেখানে আলাপচারিতায় বলিউড মেগাস্টার সালমান খান ও ক্যাটরিনা কাইফ অভিনীত সিনেমা 'যুবরাজ' প্রসঙ্গ ওঠে। এ সিনেমার প্রসঙ্গ উঠতেই সোনু জানান, 'যুবরাজ'-এ বেশ কয়েকটি গান গেয়েছেন তিনি। এ সিনেমার গানে সোনুর সঙ্গে এ আর রহমানও কাজ করেছিলেন। সোনুকে তাই রহমান প্রসঙ্গে মন্তব্য করতে বলা হলে সোনু বলেন, 'যুবরাজ' সিনেমার গানে আমি আর রহমান দুজনেই কাজ করেছি। এ সিনেমার গান সবগুলোই মোটামুটি, ভালো গান বলা যাবে না। সোনু আরও বলেন, এ প্রসঙ্গ নিয়ে আমি আর বেশি কিছু বলতে চাই না। কারণ আমি মিথ্যা বলতে পারব না। আমি বাজে গানের প্রশংসা করতে পারব না। ব্যক্তি এ আর রহমান প্রসঙ্গে বলতে গিয়ে সোনু বলেন, নিজের কাজকে ইবাদত ভাবেন রহমান। কাউকে কখনোই মনে ব্যথা দিয়ে কথা বলেন না। কিন্তু এটিও সত্যি তিনি কাউকে তার খুব ঘনিষ্ঠ করতে চান না। যে কারণে পরিবারসহ অনেকের সাথেই তার দূরত্ব তৈরি হয়েছে। ক্যারিয়ারে একসঙ্গে দীর্ঘ সময় কাজ করেছেন এ আর রহমান ও সোনু নিগম। তাদের যৌথভাবে তৈরি জনপ্রিয় গান হলো সাতরঙ্গি রে (দিল সে), আয়ো রে সখি (ওয়াটার)। 'যুবরাজ' সিনেমার জন্য রহমান 'জয়হো' গানটি তৈরি করেন। কিন্তু সেটি সিনেমায় ব্যবহার করা হয়নি। যা পরে 'স্লামডগ মিলিয়েনিয়র' সিনেমায় ব্যবহার করা হয়। এ গানের জন্য অস্কারও জেতেন এ রহমান।

# ১৫ হাজার কোটি রুপির সম্পত্তি হারাতে যাচ্ছেন সাইফ

**বিনোদন ডেস্ক :** ডাকাতি এবং ছুরিকাঘাতে আহত হওয়ার পর লীলাবতি হাসপাতাল থেকে চিকিৎসা শেষে নিরাপদে বান্দ্রার বাসায় ফিরেছেন অভিনেতা সাইফ আলী খান। একদিকে অভিনেতার পরিবার তার ফেরাকে উদ্যাপন করছে; অন্যদিকে একটি খবর রয়েছে, যা তাদের এ উদযাপনে ভাটা ফেলতে পারে। পতৌদি পরিবারের ১৫ হাজার কোটি রুপির ঐতিহাসিক সম্পত্তির ওপর দেশটির মধ্য প্রদেশের উচ্চ আদালত কর্তৃক দেওয়া স্থগিতাদেশ তুলে নেওয়া হয়েছে। আদালতের এমন সিদ্ধান্তের ফলে, ১৯৬৮ সালের 'শত্রু সম্পত্তি আইনে'র অধীনে সাইফের পরিবার এসব সম্পত্তি হারাতে পারে। এনডিটিভির খবরে বলা হয়, এসব সম্পত্তির মধ্যে সাইফের শৈশব কাটানো 'ফ্ল্যাগ স্টাফ হাউজ', 'নূর-উস-সাবাহ প্যালেস', 'দার-উস-সালাম, এবং অন্যান্য সম্পত্তি রয়েছে। বিচারপতি বিবেক আগারওয়াল 'শত্রু সম্পত্তি আইন-২০১৭' এর সংশোধিত ধারার বিষয়টি তুলে ধরে এর বিধিবদ্ধ প্রতিকারের বিষয়ে বলেছেন। তিনি উল্লেখ করেছেন, রায়ের বিপক্ষে সংক্ষুব্ধ পক্ষ ৩০ দিনের মধ্যে তাদের পক্ষাবলম্বন করতে পারবেন। শত্রু সম্পত্তি আইন অনুযায়ী, দেশভাগের পর পাকিস্তান চলে যাওয়া ব্যক্তিদের সম্পত্তি দখলের অনুমতি পায় কেন্দ্রীয় সরকার।



**পতৌদি পরিবারের সম্পত্তির সঙ্গে সম্পর্ক**

ভোপালের শেষ নবাব হামিদুল্লাহ খানের তিন কন্যা ছিলেন। তার ছোট মেয়ে আবিদা সুলতানা ১৯৫০ সালে পাকিস্তান চলে যান। এর মধ্যে তার দ্বিতীয় মেয়ে সাজিদা সুলতানা ভারতে থাকার কারণে সম্পত্তির মালিক হন এবং নবাব ইফতিখার আলী খান পতৌদিকে বিয়ে করেন। সাইফ আলী খান সাজিদা সুলতানার নাতি হিসেবে উত্তরাধিকার সূত্রে সম্পত্তির একটি অংশের মালিক। তবে সরকার আবিদা সুলতানার পাকিস্তান চলে যাওয়ার বিষয়টি নিয়ে মামলা করেছে এবং এ সম্পত্তিকে 'শত্রু সম্পত্তি' হিসেবে ঘোষণা করেছে।

# যুক্তরাষ্ট্রের উৎসবে যাচ্ছে নুহাশের '২ষ'

**বিনোদন ডেস্ক :** তরুণ পরিচালক নুহাশ হুমায়ূনের ওটিটি সিরিজ 'পেট কাটা ষ'র দ্বিতীয় মৌসুম '২ষ' এবার যাচ্ছে আন্তর্জাতিক উৎসবে। চার পর্বের এই সিরিজটি সাউথ বাই সাউথ ওয়েস্ট (এসএক্সএসডব্লিউ) চলচ্চিত্র উৎসবে জায়গা করে নিয়েছে। বিজ্ঞপ্তিতে সিরিজটির প্রযোজনা প্রতিষ্ঠান চরকি জানিয়েছে, মার্চের ৭ তারিখ থেকে শুরু হয়ে এই উৎসব চলবে ওই মাসের ১৫ তারিখ পর্যন্ত।উৎসবের এপিসোডিক ক্যাটাগরিতে '২ষ' সিরিজের প্রিমিয়ার হবে। নুহাশ জানিয়েছেন, '২ষ' সিরিজের এই প্রাপ্তিতে তিনি খুবই 'আনন্দিত'। নুহাশ বলেন, "সিরিজের কলাকুশলী, অভিনয়শিল্পীসহ পুরো ইউনিটের সবার প্রতি কৃতজ্ঞ। তারা ছাড়া সম্পূর্ণ স্থানীয় গল্প ও ঢংয়ে এমন আন্তর্জাতিক মানের কাজ করা সম্ভব ছিল না।চ '২ষ' র গল্পগুলো ফ্যান্টাসি, হরর ও মিস্ট্রি ঘরানার। যেখানে প্রচলিত ভৌতিক ধারণার বাইরে গিয়ে নুহাশ গল্পে দেখিয়েছেন মানুষের অন্তর্গত লালসা ও ক্রোধকে। এই গল্পগুলো লিখেছেন নুহাশ ও তার মা গুলতেকিন খান। এই প্রথমবারের মত কোনো সিরিজের জন্য গল্প লিখেছেন কবি গুলতেকিন। সিরিজের গল্পগুলো হলো 'ওয়াক্ত', 'ভাগ্য ভালো', 'অন্তরা' ও 'বেসুরা'। প্রতিটি গল্পের রয়েছে ভিন্ন ভিন্ন ব্যাখ্যা। প্রথম পর্ব 'ওয়াক্ত' এ দেখা গেছে পাঁচ জন বন্ধুর পাঁচটি ভিন্ন সময়ে পাঁচ ধরনের পরিণতির গল্প । 'ভাগ্য ভালো' এই পর্বটি নুহাশ তৈরি করেছে ভাইরাল হওয়া এক জ্যোতিষীর নানা ঘটনা নিয়ে। যেখানে জ্যোতিষীর চরিত্রে অভিনয় করেছেন মোশাররফ করিম। অতিপ্রাকৃতিক বিবাহিত জীবন নিয়ে গড়ে উঠেছে 'অন্তরা'র গল্প। এই পর্বে অভিনয় করেছেন আফজাল হোসেন ও কাজী নওশাবা আহমেদ। সুর-ছন্দ ছাড়া জন্মানো এক শিল্পীর গল্প উঠে এসেছে 'বেসুরা' পর্বে। যেখানে অভিনয় করেছেন অভিনেত্রী জয়া আহসান, সুমাইয়া শিমু। 'বেসুরা' দিয়ে অভিনয়ে নাম লেখালেন সংগীতশিল্পী ইসলাম উদ্দিন পালাকারও। ওটিটি প্ল্যাটফর্ম চরকিতে গত বছরের ১৮ ডিসেম্বর থেকে প্রচার শুরু হয় সিরিজটি শেষ হয় গত ৯ জানুয়ারি। সিরিজের বিভিন্ন পর্বে অভিনয় করেছেন অ্যালেন শুভ্র, রিজভী রিজু, রেফাত হাসান সৈকত, আবদুল্লাহ আল সেন্টু, রাফায়াতুল্লাহ সোহান, টুনটুনি হামিদ, আদনান আদীব খান, সামিয়া অথৈ, অনিমেষ দাস, স্নিগ্ধা দেবী, আর্নিকা দেবী অর্থি, এরফান মৃধা শিবলুসহ অনেকে।

# অধ্যবসায় ও সততার বিকল্প নেই: নাদিয়া

**বিনোদন ডেস্ক :** দেশের নাট্যাঙ্গনের জনপ্রিয় অভিনেত্রী নাদিয়া আহমেদ। অভিনয়ের পাশাপাশি তিনি একজন নৃত্যশিল্পী। ছোটবেলায় 'নতুন কুঁড়ি'তে তিনি নাচেন এবং অভিনয়ে পুরস্কৃত হয়েছিলেন। অভিনয় শেখার আগেই নাদিয়ার নাচ শেখা। নাদিয়ার নাচের গুরু প্রয়াত হাবিবুল চৌধুরী। এরপর শিশু একাডেমিতে নাচ শেখার পর সাত বছরের ডিপ্লোমা কোর্স করেন 'বাফা' থেকে। প্রথম শ্রেণীতে প্রথম হন তিনি। এরপর রাইজা খানম ঝুনু, সোহেল রহমান, শিবলী মহম্মদ, শামীম আরা নীপা ও দীপা খন্দকারের কাছেও নাচ শিখেছেন অভিনয়ে নাদিয়ার গুরু এডওয়ার্ড বাড়ই। রবীন্দ্রনাথ ঠাকুরের 'পোস্টমাস্টার'র রতন চরিত্রে বাড়ইয়ের লেখা স্ক্রিপ্টে অভিনয় করেই নতুন কুঁড়িতে পুরস্কৃত হয়েছিলেন তিনি। এর পর পরই নাদিয়া বিটিভির 'বারো রকমের মানুষ' নাটকে অভিনয়ের সুযোগ পান। মাঝে বিরতির পর ২০০০ সাল থেকে নাদিয়া অভিনয়ে নিয়মিত হতে শুরু করেন। প্রথম প্রচারে আসে রেজানুর রহমানের 'ছায়াকায়া' নাটকটি। এতে অভিনয় করে সম্ভাবনাময়ী অভিনেত্রী হিসেবে 'বাচসাস' পুরস্কারে ভূষিত হন। তবে তার আগে তিনি মোহন খানের 'দূরের মানুষ' নাটকে অভিনয় করেছিলেন। অভিনয় জীবনের দীর্ঘ পথ চলতে চলতে তিনি এরই মাঝে অভিনয় জীবনের 'রজতজয়ন্তী'তে (২৫ বছরে) পদার্পণ করেছেন। নাদিয়া সাম্প্রতিক সময়ে দীপ্ত টিভিতে প্রচার শেষ হওয়া 'বকুলপুর' নাটকে অভিনয় করেছেন। এ ধারাবাহিক নাটকে 'প্রিন্সেস দিবা' ও পরবর্তী সময়ে চেয়ারম্যান দিবা চরিত্রে দুর্দান্ত অভিনয় করে দর্শকের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছেন। অভিনয় জীবনের রজতজয়ন্তী প্রসঙ্গে নাদিয়া আহমেদ বলেন, অভিনয় জীবনের দীর্ঘদিনের এ পথচলায় দিনের পর দিন দেশে কিংবা দেশের বাইরে মানুষের এই যে অকৃত্রিম ভালোবাসা, এটাই তো আসলে জীবনের বড় প্রাপ্তি। আমি খুব সাধারণ একজন মানুষ। ভীষণ আনন্দ নিয়েই পরিবার, বন্ধু-বান্ধবদের সঙ্গে জীবন উদযাপন করতে ভালোবাসি। আমি আমার শিক্ষকদের ভীষণ ভালোবাসি, শ্রদ্ধা করি। নাদিয়া আরও বলেন, একটা কথা বিশেষভাবে বলতে চাই, জীবনে বড় হতে গেলে অধ্যবসায় ও সততার বিকল্প নেই। আমি আমার সব সহশিল্পী, পরিচালক, প্রযোজক, নাট্যকারসহ নাচের সঙ্গে সংশ্লিষ্ট সবার প্রতি, সর্বোপরি দর্শকের প্রতি কৃতজ্ঞ। কারণ সবার সহযোগিতা ও ভালোবাসায় আমি আজকের নাদিয়া।



# সাহসী চরিত্রের 'করণ অর্জুন'র নায়িকা এখন সন্ন্যাসী

**বিনোদন ডেস্ক :** বলিউডের অক্ষয় কুমার, আমির খান, সালমান খান, গোবিন্দ, সঞ্জয় দত্তের মতো অভিনেতাদের সঙ্গে জুটি বেঁধে কাজ করছেন মমতা কুলকার্নি। নব্বইয়ের দশকের লাস্যময়ী বলিউড অভিনেত্রী এখন ধর্মে মন দিয়েছেন। ভারতীয় একাধিক গণমাধ্যমের প্রতিবেদন, গত শুক্রবার মহাকুম্ভের কিন্নর আখড়ায় সন্ন্যাস নিয়েছেন মমতা। 'মহামণ্ডলেশ্বর' রীতির মাধ্যমে সন্ন্যাস গ্রহণ করেছেন তিনি। এ দিন তিনি পিণ্ডদানও করেন। এই রীতির মাধ্যমে নতুন নামকরণও হয়েছে-শ্রী ইয়মাই মমতা নন্দ গিরি। এ দিন তিনি কিন্নর আখড়ার আচার্য মহামণ্ডলেশ্বর, অর্থাৎ লক্ষ্মী নারায়ণ ত্রিপাঠী ও জুনা আখড়ার আচার্য স্বামী জয় অম্বানন্দ গিরির সঙ্গেও দেখা করেন। নায়িকার জীবনে এমন রদবদলের মুহূর্তের বেশ কিছু ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে দেখা গেছে, মমতাকে গেরুয়া বেশে নিয়েছেন। গলায় রুদ্রাক্ষের মালা। একেবারে অচেনা রূপে তাঁকে দেখে অবাক ভক্তরা। জানা গেছে, মহামণ্ডলেশ্বর রীতিতে ধর্মগুরুরা সনাতন ধর্ম নিয়ে নানা কথা বলে থাকেন। আরও সুন্দর সমাজ গড়ে তোলা ও ইতিবাচক জীবনযাপনের বার্তা দেন তাঁরা। সেই দিকেই এখন মনোনিবেশ করলেন নব্বই দশকের নায়িকা। নব্বইয়ের দশকে একাধিক সাহসী চরিত্রে দেখা গেছে মমতাকে। 'করণ অর্জুন', 'চায়না গেট', 'তিরঙ্গা', 'আশিক আওয়ারা', 'ক্রান্তিবীর', 'বাজি?', 'সাবসে বড়া খিলাড়ি', 'পুলিশওয়ালা গুন্ডা'র মতো সিনেমাতে অভিনয় করার জন্য আজও তাঁর কথা স্মরণ করে দর্শক। বেশ কিছু দিন ভারতের বাইরে ছিলেন মমতা। কেনিয়ায় মাদক চক্রের সঙ্গে নাম জড়িয়েছিল তাঁর। অবশেষে ছাড়পত্র পেয়ে ২৫ বছর পরে দেশে ফেরেন তিনি।

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
মানবিক বাংলাদেশ




সুপারির নার্সারিতে কাজ করছেন পাহাড়ি এক তরুণ। দীর্ঘ সময় পানিতে ডুবিয়ে রাখার পর মাটিভর্তি পলিব্যাগে সুপারি ভরছেন তিনি। রাঙ্গাপানি, রাঙামাটি।

# লোহার টুকরোয় চলে বৃদ্ধ শেফালীর জীবন

**চাটমোহর, পাবনা প্রতিনিধি :** মাঝারী আকৃতির একট াচুম্বকের সাথে রশি বাঁধা। চুম্বকটি পথে ফেলে রশির অপর প্রান্ত ধরে চুম্বকটিকে পথে পথে টেনে হেঁটে চলেন বৃদ্ধ শেফালী (৬৫)। শ্যামাবর্ণের এ মানুষটিকে দেখে অপরিচিতরা হয়তো তাকে পাগলি ভাববেন। কিন্তু যারা তাকে চেনেন তারা জানেন শেফালী পাগলি নন। চুম্বকের আকর্ষণে চুম্বকের সাথে আটকে আসে লোহার টুকরো,পুরাতন ব্লেড ও অন্যান্য লৌহজাত দ্রব্য। বিক্রি হয়না বলে ধারালো ব্লেডগুলো চুম্বক থেকে টেনে খুলে ফেলে দেন তিনি। লোহার টুকরোগুলো সংগ্রহ করে বিক্রি করে যে টাকা পান তাতেই চলে শেফালীর জীবন-জীবিকা, প্রাণের স্পন্দন। বেঁচে থাকার জন্য এ কাজটাকেই তিনি বেছে নিয়েছেন পেশা হিসেবে। শেফালী জানান, তার পৈত্রিক নিবাস চাটমোহরের হরিপুর ইউনিয়নের লাউতিয়া গ্রামে। পিতা মৃত আব্দুর রহমান প্রাং। শেফালীরা ছিলেন চার ভাই আর দুই বোন। বাবা-মাসহ বড় পরিবার পরিচালনা করতে হিমশিম খেতেন শেফালীর মৎস্যজীবি বাবা আব্দুর রহমান। শেফালী যখন ছোট তখন তার বাবা মারা যায়। তাই অভাবের সংসারে পড়ালেখার সুযোগ হয়নি শেফালীর। যৌবনের অনেকটা সময় কাটিয়েছেন পাবনার ঈশ্বরদীতে। সেও প্রায় ৪৫ বছরআগের কথা। শেফালী তখন ঈশ্বরদী রেলওয়ে জংশনের পাশে থাকতেন । জিআরপি থানার তৎকালীন পুলিশেরা আলম নামক রংপুরের এক যুবকের সাথে বিয়ে দিয়ে দেন শেফালীকে। নতুন সংসার হয় শেফালীর। স্বামীর সাথে ভাড়া বাড়িতে বাস করতে থাকেন ঈশ্বরদীতে। সুখে দুঃখে ভালই দিন কাটছিল তার। প্রায় পনেরো বছর পর এক দিন শেফালীকে ছেড়ে পালিয়ে যায় আলম। এখানে ওখানে খুঁজে স্বামীকে আর ফিরে পাননি তিনি। পরে শুনেছেন অন্য কাউকে বিয়ে করে তার সাথে সংসার করছে আলম। কি করবেন, কিভাবে চলবেন এ নিয়ে ভাবনায় পড়ে যান শেফালী। ঈশ্বরদীর মায়া ত্যাগ করে ফিরে আসেন জন্মভূমি চাটমোহরে। সুলতান হোসেন নামক এক ব্যক্তির সহানুভুতিতে তার জায়াগায় একটি ঝুপড়ি ঘর তুলে বসবাস করতে থাকেন চাটমোহর পৌরসদরে। এরপর পৌরসদরের নিমতলা এলাকায় বড়াল নদীর পাড়ে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের পাশে সরকারি ভাঙন জায়গায় মাথা গোঁজার ঠাই হয় শেফালীর। কয়েক বছর পর সেখান থেকেও সরে যেতে হয় তাকে। সর্বশেষ গত প্রায় দশ বছর যাবত বসবাস করছেন পরিত্যক্ত চাটমোহর পুরাতন বাজার দাতব্য চিকিৎসালয়ের উত্তর পাশে বড়াল নদী পাড়ের ভাঙ্গন সংলগ্ন এক শুকরের ঘরের পাশে। সেখানে ছোট্ট ভাঙ্গাচোরা এক ঝুপড়ি ঘরে বসবাস করছেন তিনি। খেয়েপড়ে জীবন চালানোর জন্য কিছুনা কিছুতো করতেই হবে। চেয়ে চিন্তে পেট না চলায় পেশা হিসেবে বেছে নেন চুম্বকের সাহায্যে লোহা সংগ্রহের কাজ। ভোর থেকে প্রায় সারাদিন চলে লোহা ও প্লাস্টিকের বোতল সংগ্রহের কাজ। লোহা প্লাস্টিকের বোতল কুড়িয়েই জীবিকা নির্বাহ করছেন তিনি। সংগৃহীত লোহা,প্লাস্টিকের বোতল চাটমোহর দাতব্য চিকিৎসালয়ের বারান্দায় জমান। কিছুদিন পর পর বিক্রি করেন। যে টাকা পান তাতেই জীবন চলে তার। শেফালী আরো জানান,বাড়িঘর,ছেলে মেয়ে কেউ নাই তার। বয়স হয়ে যাওয়ায় এখন কাজ করা কঠিন হয়ে গেছে। অসুখ বিসুখ হয়। পেটের ভাত কাপড়ের পাশাপাশি লাগে ওষুধপত্রও। তাই জীবন চালাতে কাজ করতে হচ্ছে। ভাঙ্গা ঘরে শেয়াল কুকুর ঢোকে। রান্না করা ভাত কুকুরে খেয়ে যায়।

## আগৈলঝাড়ার শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

**আগৈলঝাড়া, বরিশাল প্রতিনিধি :** 'মানুষ মানুষের জন্য আর্ত মানবতার সেবায় আমরা' এই শ্লোগানকে সামনে রেখে ঢাকাস্থ নতুন প্রজন্ম আগৈলঝাড়ার উদ্যোগে গতকাল শনিবার সকালে বরিশার জেলার আগৈলঝাড়া উপজেলা মডেল মসজিদের হলরুমে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শীতবস্ত্র বিতরণ পূর্বক আলোচনা সভায় সভাপতিত্বকরেন ঢাকাস্থ নতুন প্রজন্ম আগৈলঝাড়ার স্থায়ীয় কমিটির চেয়ারম্যান মো.মাহবুব আলম। এসময় আগৈলঝাড়া উপজেলার ৫টি ইউনিয়নের ২শত শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। আলোচনা সভায় বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি'র সদস্য সচিব মোল্লা বশির আহামেদ পান্না, সাবেক উপজেলা চেয়ারম্যান ভেগাই হালদার পাবলিক একাডেমীর প্রধান শিক্ষক যতীন্দ্রনাথ মিস্ত্রী, উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওলানা মো. ফজলুল হক, ঢাকাস্থ নতুন প্রজন্ম আগৈলঝাড়ার প্রতিষ্ঠা মো.আজিজুল ইসলাম ইমন, স্থায়ী কমির্টির ভাইস চেয়ারম্যান মুরাদুল ইসলাম, স্থায়ী কমির্টির মহাসচিব জিএম ফারুক, স্থায়ী কমির্টির সমন্বয়ক বাহাদুর রইচুর রহমান, স্থায়ী কমির্টির সদস্য মো. আক্তারুজ্জামান, কার্যনির্বাহী কমির্টির সিনিয়র সহ সভাপতি বিএম রাসেল, সাংগঠনিক সম্পাদক সাইফুর রহমান টিটু, কোষাধক্ষ্য মাহিদুল ইসলাম মুহিত, ধর্ম বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান নূর, দূর্যোগ ও ত্রান বিষয়ক সম্পাদক মিলন রায় সহ পাঁচ ইউনিয়ন কমিটির সভাপতিগণ।



ফুটপাতে বিক্রির জন্য মাটির তৈরি গৃহস্থালির তৈজসপত্র সাজাচ্ছেন বিক্রেতা। কাচারিবাজার, রংপুর।

## গজারিয়ায় শীতার্তদের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ

**গজারিয়া, মুন্সীগঞ্জ প্রতিনিধি :** মুন্সিগঞ্জ জেলা বিএনপ্পির সিনিয়র যুগ্ম আহ্বায় মহিউদ্দিন আহমেদ এর অর্থায়নে প্রায় শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ। উল্লেখ্য থাকে যে, মহিউদ্দিন আহম্মদের পক্ষ থেকে গজারিয়া উপজেলার স্বীতার্ত মানুষের জন্য প্রায় শতাধিক কম্বল বিতরণ করেন তারই ধারাবাহিকত পুরান বাউশিয়া জামে মসজিদ মাঠ প্রাঙ্গনে কম্বল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন আলহাজ্ব মজিবুর রহমান ইমামপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও সাবেক সহ-সভাপতি বাংলাদেশ জাতীয়বাদী যুবদল কেন্দ্রীয় কমিটি। শনিবার (২৫ জানুয়ারি ) সকাল ১১ টায় পুরান বাউশিয়া জামে মসজিদ মাঠে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন গজারিয়া থানা বিএনপির আহবায়ক সৈয়দ সিদ্দিকুল্লাহ ফরিদ , সাবেক বিএনপির সভাপতি প্রফেসর গিয়াস উদ্দিন, গজারিয়া থানা বিএনপির যুগ্ম আহবায়ক আহসান উল্লাহ, গজারিয়া বিএনপির যুগ্ন আহবায়ক ইঞ্জিনিয়ার মকবুল আহমেদ রতন, প্রমুখ, অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাউশিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আহাদ মাস্টার, অনুষ্ঠানটি সঞ্চালনা করেছেন।

## রাণীনগরে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

**রাণীনগর, নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর রাণীনগর উপজেলার কালীগ্রাম কসবাপাড়া সূর্য তরুণ ক্লাবের উদ্যোগে প্রীতি ফুটবল ম্যাচ এবং আহত খেলোয়ারকে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে কসবাপাড়া পশ্চিম মাঠে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। খেলায় গ্রামের বিবাহিত বনাম অবিবাহিতদের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। এতে ৪-০১গোলে বিবাহিতদলকে পরাজিত করে অবিবাহিত দল। কালীগ্রাম কসবাপাড়া সূর্য তরুণ ক্লাবের সভাপতি মো: ওহেদুল ইসলাম মিলন (সাংবাদিক) এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইষ্ট এ্যান্ড ক্লাবের ফুটবলার আবু হাসান মিন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,রাণীনগর থানার ইন্সপেক্টর (তদন্ত) মসলেম উদ্দীন। অন্যদের মধ্যে কালীগ্রাম ইউনিয়নের ৯নং ওয়ার্ডের সাবেক মেম্বার আল হাজ্ব মোহাম্মদ আলী খাঁনসহ ক্লাবের সদস্যবৃন্দ এবং গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। আয়োজকরা জানান,গত ১৮জানুয়ারী উপজেলার গুয়াতা মাঠে মোসারব হোসেন গোল্ড কাপ ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এতে কালীগ্রাম কসবাপাড়া সূর্য তরুণ ক্লাব এবং কালীগ্রাম বড়িয়া-কয়াপাড়া মিলন সমিতি অংশ গ্রহন করে। খেলা চলাকালে কসবাপাড়া সূর্য তরুণ ক্লাবের খেলোয়ার ঢাকা ইষ্ট এ্যান্ড ক্লাবের ফুটবলার আবু হাসান মিন্টু গুরুত্বর আহত হন। শনিবার আহত মিন্টুর আগমনে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করে কালীগ্রাম কসবাপাড়া সূর্য তরুণ ক্লাব। খেলা শেষে অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হয় এবং আহত খেলোয়ার আবু হাসান মিন্টুকে চিকিৎসার জন্য ক্লাবের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

## মরে ভেসে উঠছে নদীর মাছ

**চাঁদপুর প্রতিনিধি :** চাঁদপুরের মতলব উত্তর উপজেলার মেঘনা নদীতে মাছ মরে ভেসে উঠছে। মেঘনা নদীর চাঁদপুর সীমানার মতলব ষাটনলের কাছাকাছি পার্শ্ববর্তী জেলা মুন্সীগঞ্জের গজারিয়া, নারায়ণগঞ্জের মেঘনা ঘাট ।এখানে বহু শিল্প কলকারখানা অবস্থিত। ঢাকার বুড়িগঙ্গা নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা, মুন্সীগঞ্জের ধলেশ্বর নদী ।এসব নদীর পানি বহু বছর আগে থেকেই দূষিত। কলকারখানার দূষিত কেমিক্যালযুক্ত পানি মেঘনা নদীর তলদেশ দিয়ে আসায় এখন ক্রমান্বয়ে চাঁদপুর মেঘনা নদীর পানিও দূষণের মধ্য পড়েছে। এর প্রভাবে এখন মতলব উত্তর উপজেলার নদ নদীর দেশিয় জাতের মাছ মরে ভেসে উঠছে। এতে নদীর তীর এলাকায় দুর্গন্ধে পরিবেশ দূষিত হচ্ছে। শনিবার সকালে উপজেলার মেঘনা নদীর বিভিন্ন এলাকা ঘুরে, দশানী, ষাটনল, জেলেপাড়া, বাবু বাজার, এলাকায় নদীতে মরা মাছ ভাসতে দেখেছেন স্থানীয়রা। তারা জানান, বুড়িগঙ্গা, ধলেশ্বরী ও শীতলক্ষ্যা নদীর তীরে গড়ে ওঠা বিভিন্ন কলকারখানার দূষিত কেমিক্যালযুক্ত পানি মেঘনা নদীর তলদেশ দিয়ে আসছে। সেখানে নদীর পরিবেশ দূষিত হয়ে দেশিয় ছোট-বড় মাছ মরে ভেসে উঠছে। পচা মাছের দুর্গন্ধে নদী পাড়ের মানুষের জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। উপজেলা মৎস্য বিভাগ জানায়, ঢাকা, মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার নদীর দূষিত পানি চাঁদপুর মেঘনা নদীর দিকে অগ্রসর হচ্ছে। দূষিত এই পানি এখানে প্রবেশ করেছে। শহরের বিভিন্ন কারখানার দূষিত বর্জ্য ও ময়লা-আবর্জনা নদীতে ফেলা হচ্ছে। ফলে এক সপ্তাহ ধরে নদীর পানির রং বদলে যাচ্ছে। দূষিত পানির কারণে পানির পিএইচ ও অ্যামোনিয়া মাত্রার চেয়ে কয়েক গুণ বেড়ে গেছে। দ্রবীভূত অক্সিজেন প্রায় শূন্য হয়ে যাওয়ায় নদীতে থাকা বিভিন্ন জাতের বড় মাছ, মাছের পোনা ও জলজ প্রাণী মারা যাচ্ছে। মাছগুলো মরে ভেসে গেছে এবং নদীর পাড়ে জমাট হয়ে পচে এলাকায় দুর্গন্ধ ছড়াচ্ছে। উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা বিজয় কুমার দাস জানান, মাছ মারা যাওয়ার কারণ অনুসন্ধান করা হবে।

## গফরগাঁওয়ে বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনের ইন্তেকাল

**গফরগাঁও, ময়মনসিংহ প্রতিনিধি :** ময়মনসিংহের গফরগাঁওয়ে বীর মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত রেলওয়ে কর্মকর্তা (টি টি ই) আলহাজ্ব মকবুল হোসেন (৭৮) আর নেই। তিনি উপজেলার গফরগাঁও ইউনিয়নের মহির খারুয়া গ্রামের কৃতি সন্তান। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তিনি স্ত্রী, দুই ছেলে ও চার মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বাদ জোহর ময়মনসিংহ ব্রিজ সংলগ্ন মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধে সামনে বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনের রাষ্ট্রীয় মর্যাদায় সম্মান প্রদর্শন করা হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আরিফুল ইসলাম প্রিন্স এর নেতৃত্বে পুলিশের চৌকস দল বীর মুক্তিযোদ্ধাকে গার্ড অব অনার প্রদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা, রেলওয়ে কর্মকর্তা - কর্মচারী, স্বজনসহ অসংখ্য মুসল্লিগণ। পরে মরহুমের মহিরখারুয়া গ্রামে বাড়ি সংলগ্ন দ্বিতীয় জানাজায় নামাজ শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়।

## রংপুরে জেলা যুবদলের শীতবস্ত্র বিতরণ

**রংপুর প্রতিনিধি :** বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি আবদুল মোনায়েম মুন্না এবং সাধারণ সম্পাদক মোঃ নুরুল ইসলাম নয়ন এর নির্দেশে ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে রংপুরের বিভিন্নস্থানে জেলা যুবদলের উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়। শুক্রবার রাতে রংপুর নগরীর গুলাল বুদাই বৃদ্ধাশ্রম সহ।

## কালীগঞ্জে ডে-নাইট মিনি ফুটবল টুর্নামেন্টে অনুষ্ঠিত

**কালীগঞ্জ, গাজীপুর প্রতিনিধি :** গাজীপুরের কালীগঞ্জে ক্রীড়ানুরাগী প্রয়াত আরাফাত রহমান কোকোর স্মরণে স্থাণীয় সোমবাজার মাঠে ডে-নাইট মিনি ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। উক্ত টুর্নামেন্টে সোমবাজার ইয়াং ষ্টার ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। উপজেলার তুমলিয়া ইউনিয়নাধীন সোমবাজার শীতলক্ষ্যা স্পোটিং ক্লাবের আয়োজনে সোমবাজার মাঠে আটটি দল নিয়ে ডে-নাইট মিনি ফুটবল টুর্নামেন্ট খেলা শুরু হয়। ইয়াং ষ্টার ক্লাব বনাম আর এস কিং অংশগ্রহণ করেন। নির্ধারিত সময়ে খেলাটি গোল শূন্য ড্র হয়। পরে টাইব্রেকারের মাধ্যমে ২-০ গোলে ইয়াং ষ্টার ক্লাব চ্যাম্পিয়ন হয়। তুমলিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি মো. সিরাজ উদ্দিন এর সভাপতিত্বে খেলায় ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক গাজীপুর জেলা বিএনপির সভাপতি সাবেক সংসদ সদস্য একেএম ফজলুল হক মিলন। সোমবাজারস্থ শীতলক্ষ্যা স্পোটিং ক্লাবের প্রতিষ্ঠাতা সুলতান আহাম্মেদ আরমান এর সঞ্চালনায় বিশেষ অতিথি গাজীপুর জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা। খেলার উদ্বোধনী ঘোষণা করেন বিশিষ্ট রাজনীতিবীদ ও সমাজ সেবক মো. নাজমুল হাই মামুন।

## আমতলীতে আগুনে পুড়ে ১৩ ব্যবসা প্রতিষ্ঠান ছাই

**আমতলী, বরগুনা প্রতিনিধি :** আমতলী উপজেলার আড়পাঙ্গাশিয়া বাজারে আগুনে ১৩ টি ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে ছাই হয়ে গেছে। এতে অন্তত ৫৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী করেন ক্ষতিগ্রস্থরা। ঘটনা ঘটেছে শুক্রবার রাত সাড়ে ১১ টার দিকে। জানাগেছে, উপজেলার আড়পাঙ্গাশিয়া বাজারের ফারুক মিয়ার চায়ের দোকান থেকে আগুনের সুত্রপাত হয়। মুহুর্তের মধ্যে আগুন চারিদিকে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে আমতলী ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে আসে। পরে স্থানীয়দের নিয়ে দুই ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষনে বাজারের অলি উল্লাহ, মহসিন গাজী, ফারুক গাজী, অনিল দাশ, সবুজ, রমেশ, সাইদুল, নাশির, রিপন, খলিল, সাত্তার ও নিজাম বিশ্বাসের বসত ঘরসহ ১৩ টি ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে ছাই হয়ে যায়। এতে অন্তত ৫৫ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী করেন ক্ষতিগ্রস্থরা। তবে আগুনের সুত্রপাত সনাক্ত করতে পারেনি আমতলী ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ। কসমেটিক্স ব্যবসায়ী অলি উল্লাহ বলেন, আমার দোকান পুড়ে ছাই হয়ে গেছে। এ বাজারের নিজাম বিশ্বাসের বসতঘরসহ ১৩ টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। তিনি আরো বলেন, আমার দোকানের অন্তত ১০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্থ নিজাম বিশ্বাস বলেন, আমার সব শেষ হয়ে গেছে। বসতঘরসহ দোকান পুড়ে ছাই হয়ে গেছে। আমার এখন পথে বসা ছাড়া উপায় নেই। স্থানীয় ইউপি সদস্য মোঃ বশির মিয়া বলেন, রাত সাড়ে ১১ টার দিকে ফারুক মিয়ার চায়ের দোকান থেকে আগুনের সুত্রপাত হয়েছে। এতে বসতঘরসহ ১৩ টি ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে ছাই হয়ে গেছে। আমতলী ফায়ার সার্ভিসের লিডার গোলাম মোস্তফা বলেন, দুই ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে।

## বিরলে তাঁতীদলের দোয়া ও আলোকচিত্র প্রদর্শনী

**বিরল, দিনাজপুর প্রতিনিধি :**শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর ৮৯তম জন্মবার্ষিকী এবং তাঁর ছেলে আরাফাত রহমান কোকো এর ১০ম মৃত্যুবার্ষিকীতে গভীর শ্রদ্ধাঞ্জলী জানিয়ে উপজেলার বিভিন্ন মসজিদে দোয়া খায়েরের আয়োজন করে বিরল উপজেলা তাঁতীদল। শহীদ জিয়া ও খালেদা জিয়ার পুত্র মরহুম আরাফাত রহমান কোকো এর ২৪ জানুয়ারী ২০২৫ শুক্রবার ১০ম মৃত্যুবার্ষিকী ও ১৯ জানুয়ারি ২০২৫ শহীদ জিয়াউর রহমান এর ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে ১২ টি ইউনিয়ন ও বিরল পৌর এলাকার বিভিন্ন মসজিদে দোয়া মাহফিল, আলোচনা সভা এবং তাঁদের জীবনের বিভিন্ন ভিত্তিক আলোক চিত্র প্রদর্শনী প্রদর্শন করা হয়।

# টাঙ্গাইলে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

**টাঙ্গাইল প্রতিনিধি :** জিয়াউর রহমানের ৮৯তম জন্মবার্ষিকী উপলক্ষে জেলা বিএনপির সাধারন সম্পাদক এডভোকেট ফরহাদ ইকবাল এর পক্ষ থেকে সুবিধা বঞ্চিত শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। ৩নং ঘারিন্দা ইউনিয়নের ইউনিয়ন পরিষদের সামনে সুবিধা বঞ্চিতদের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করা হয়। এসময় প্রায় চার শতাধিক শীতার্তদের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাবেক সহসভাপতি আতাউর রহমান জিন্নাহ, শহর বিএনপির সভাপতি মেহেদী হাসান আলিম, সাধারন সম্পাদক ইজাজুল হক সবুজ, সদর থানা বিএনপির সহসভাপতি হাদিউজ্জামান সোহেল, মামুন সরকার, জেলা তাঁতীদল সম্পাদক হাবিবুর রহমান, স্বেচ্ছাসেবকদল নেতা রিপন চৌধুরী, জেলা মহিলাদলের সাধারন সম্পাদক রক্সি মেহেদী, সাংগঠনিক সম্পাদক খালেদা আক্তার স্বপ্না, কৃষকদল নেতা রুহুল, ছাত্রদল নেতা আরেফিন রানা ও আল হেলাল প্রমূখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ছাত্রদল নেতা আল আমিন। এসময় বিএনপি ও এর অঙ্গ সংগঠনের সকল পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। মিথ্যা অপপ্রচারের প্রতিবাদে বিএনপির সাংবাদিক সম্মেলন

**এফএনএস** (বাজিতপুর, কিশোরগঞ্জ) :কিশোরগঞ্জ বাজিতপুর উপজেলা বিএনপির তথাকথিক নামদারি বহিষ্কৃত দল ছুট ও আওয়ামী দালাল কর্তৃক বাজিতপুর উপজেলা বিএনপির কমিটির সম্পর্কে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন অপপ্রচারের প্রতিবাদে শনিবার বিকাল ৪ টার দিকে উপজেলা বিএনপির আহ্বায়কের কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক সম্মেলনের বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির ১নং যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মনির। বক্তব্যে তিনি বলেন, হালিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান কাজল ভূইয়া ২০১৭ইং সালে ফ্যাসিবাদ সরকারের সাবেক এমপি আফজাল ও প্রয়াত সাবেক উপজেলা চেয়ারম্যান ছারোয়ার আলমের ছবি সংযুক্ত তোরন নিমার্ণ করার কারণে দলীয় শৃঙ্খলা পরিপন্থী কাজের জন্য দল থেকে কারণ দর্শানের নোটিশ দেওয়া হয়। কারণ দর্শানোর নোটিশের সঠিক জবাব না দেওয়ায় দল থেকে বহিষ্কার করা হয়। কাইয়ুম খান হেলাল বাজিতপুরে নদী দখল, ভূমি দুসর হিসেবে পরিচিত এবং ইসলামী আন্দোলন দল থেকে বাজিতপুর নিকলী আসনের মনোনয়ন নিয়েছিলেন। তিনি বাজিতপুর-নিকলীর কোন মামলার আসামী হন নি। বিএনপির আরেক নেতা মোস্তাফিজুর রহমান মামুন আমেরিকান প্রবাসী, ৫ই আগষ্ট এর পরে তাকে এলাকায় দেখা যায়।

জেলা যুবদলের সহ-সভাপতি এডভোকেট শাহ আলম জাতীয় দলের একজন নেতার ব্যানারে কাজ করে যাচ্ছেন। তিনি তো বিএনপির কেউ না। পৌর বিএনপির সভাপতি এহেসান কুফিয়ার পিতা আব্দুল্লাহ বোরহান কুফিয়া তার ছেলেকে সাবেক আওয়ামীলীগের এমপির কাছে তোলে দেন। অন্যদিকে মীর জলিল বিএনপির কেউ না বলেও সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়। এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মোস্তফা আমিনুল হক, সাবেক চেয়ারম্যান ও যুগ্ম আহ্বায়ক আবুল ফজল হোসেন, মোহাম্মদ আলী, সাবেক চেয়ারম্যান আলে মোহাম্মদ আলম, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মজতুবা আলী জাহাঙ্গীর, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ কবীর হোসেন ও উপজেলা ছাত্রদলের আহ্বায়ক শাহরিয়ার শামীম সহ ছাত্রদল, কৃষকদল, যুবদল, স্বেচ্ছাসবকদল ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।



শীতের সকালে খেত থেকে লাউ এনে বিক্রির জন্য সড়কের পাশে বসেছেন খুচরা বিক্রেতা। মেজরটিলা, সিলেট।

## ক্ষেতলালে পুলিশ ও ডাকাতের গোলাগুলিতে আহত ২

**ক্ষেতলাল, জয়পুর হাট প্রতিনিধি :** জয়পুরহাটের ক্ষেতলালে গভির রাতে ডাকাতির প্রস্তুতির সময় পুলিশ ও ডাকাত দলের গোলাগুলির ঘটনায় পুলিশসহ আহত-২। উপজেলার আলামপুর গ্রামে আবুল হায়াতের বাড়ি থেকে দেশীয় অস্ত্রসহ পাঁচ ডাকাত সদস্যকে আটক করেছে পুলিশ। থানা পুলিশ সূত্রে জানা গেছে, উপজেলার আলমপুর ইউনিয়নের ডাকাতি করার জন্য ওই গ্রামে আবুল হায়াতের বাড়িতে একত্রিত হচ্ছিল ডাকাত দল। গোপন সংবাদের ভিত্তিতে জেলা গোয়েন্দা শাখা ডিবি পুলিশের অফিসার ইনচার্জ আসাদুজ্জামান এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে আবুল হায়াতের বাড়ী ঘেরাও করে। ডাকাত দলের সকল সদস্যদেরকে আত্মসমর্পনের আহবান জানানো হলে ডাকাতদল পুলিশের উপস্থিতি টের পেয়ে এলোপাথারী গুলি বর্ষণ শুরু করে। এক পর্যায়ে পুলিশ পিছু হটিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে। বেতার যন্ত্রের মাধ্যমে কন্ট্রোল থেকে আরও অতিরিক্ত ফোর্সের সহায়তা চায়। ওই সময় জয়পুরহাট সদর, পাঁচবিবি, কালাই ও ক্ষেতলালের অতিরিক্ত পুলিশ ফোর্স ঘটনাস্থলে পাঠানো হয়। পুলিশ পাল্টা ১২ রাউন্ড কার্তুজ গুলি ছুরলে পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে ঘটনারস্থল থেকে ওই ডাকাত দলের পাঁচ সদস্যকে আটক করে। এতে ডাকাত দলের এক সদস্য রবিদাশ পালানোর চেষ্টা করলে তাকে ধরতে গিয়ে ডিবি পুলিশের একজন সদস্য গুরুতর আহত হয়। এঘটনায় পৃথক দুইটি মামলা হয়েছে। আটককৃতরা হলেন, বগুড়া দুপচাঁচিয়া কোল গ্রামের মজিবর উদ্দীনের ছেলে মাঝের আলী ওরফে খোকা (৪৮ ), ক্ষেতলাল উপজেলার দেওগ্রামের জাহাঙ্গীর আলমের ছেলে আঃ মাজেদ (২৬), আক্কেলপুর উপজেলার আলী মাহমুদপুর গ্রামের মোহন রবিদাসের ছেলে শ্রী প্রশান্ত রবিদাশ(২৭), ওই বাড়ীর মালিক আবুল হায়াতের স্ত্রী মোমেনা খাতুন,(২৩), ফরিদপুর জেলার কোতোয়ালি থানার টেপাখোলা গ্রামের মোতালেব মল্লিকের মেয়ে সিনথীয়া আক্তার (২০)। পলাতক রয়েছে, ক্ষেতলাল উপজেলার দেওগ্রামের খাজামুদ্দিনের ছেলে হাসান আলী (২৩), আলমপুর গ্রামের আজিজুর রহমানের ছেলে আবুল হায়াত (৩১)। ওই সময় ঘটনাস্থল থেকে উদ্ধার করেন ১টি কুড়াল, ১টি কোদাল, ১টি বটি, দুইটি মোটর সাইকেল সহ নগদ ৪১ হাজার টাকা। ডাকাত দলের একজন সক্রিয় সদস্য গুরুতর আহত হলে তিনি জয়পুরহাট জেলা আধুনিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এঘটনায় জেলা গোয়েন্দা শাখা ডিবি পুলিশের অফিসার ইনচার্জ আসাদুজ্জামান বলেন, ক্ষেতলালে ডাকাতির প্রস্তুতিকালে যাদের আটক করা হয়েছে। তাদের সংশ্লিষ্ট থানায় সোপর্দ করা হয়েছে। তারা আইন-নানুগ ব্যবস্থা গ্রহণ করবে। ক্ষেতলাল থানা অফিসার ইনচার্জ ওসি আরিফুল ইসলাম জানান, গ্রেফতারকৃত ব্যক্তিরা পেশাদার ডাকাত ও ছিনতাইকারী দলের সদস্য। তারা ডাকাতির উদ্দেশে একত্রিত হয়েছিল বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে কারাগারে পাঠানো হয়েছে।

## তালায় খড় গাদা থেকে সদ্য নবজাতক শিশু উদ্ধার

**তালা, সাতক্ষীরা প্রতিনিধি :** সাতক্ষীরার তালা উপজেলার পল্লীর এক খড় গাদা থেকে সদ্য নবজাতক শিশুকন্যা উদ্ধার করা হয়েছে। এখন পর্যান্ত নবজাতক শিশুটি যে কার তা নিয়ে চলছে এলাকায় গুজ্জন। শুক্রবার রাতে উপজেলার সুজন শাহ গ্রামের মাহাবুবুর রহমানের বাড়ির পাশের খড় গাদা থেকে শিশুটি উদ্ধার করা হয়। বর্তমানে ওই বাড়িতে শিশুটি সুস্থ এবং কন্যার আদরে রয়েছে বলে জানা গেছে। ইসলামকাটি ইউনিয়নের ৬নং ওয়ার্ড ইউপি সদস্য মো খোশরুল আলম জানান, শুক্রবার রাতে কে বা কারা মাহাবুর রহমানের বাড়ির পাশে শিশুটিকে বিচালির গাদার উপর রেখে চলে যায়। এশার নামাজের পরে ফুটফুটে নবজাতক কন্যা শিশুটি কাঁদাতে দেখে ওই পরিবারের লোকজন তাকে উদ্ধার করে। বর্তমানে শিশুটি মাহাবুর রহমানের বড় ছেলে শেখ মোস্তফার কাছে রয়েছে। তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মোহাম্মদ রাসেল জানান, শিশুটি বর্তমানে শেখ মোস্তাফা নামে এক ব্যাক্তির কাছে রয়েছে। তারাই বর্তমানে দেখভাল করছে। যিনি দত্তক নিতে চান তাকে আইনগত প্রক্রিয়ার মাধ্যমে শিশুটি হস্তান্তর করা হবে।

## পীরগাছায় হিতৈষীর যুগপূর্তি উৎসব পালন

**পীরগাছা, রংপুর প্রতিনিধি :** রংপুরের পীরগাছায় স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠন হিতৈষী'র পথচলার এক যুগবর্তি উপলক্ষে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করা হয়েছে। পীরগাছা মডেল সরকারি প্রাথমিক বিদালয় মাঠে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠান মালার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার নাজমুল হক সুমন। এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন, সংগঠনের সভাপতি দেলোয়ার হোসেন সুমন ও সাধারন সম্পাদক মোস্তাফিজার রহমান।



ভোর থেকে জমে ওঠে বরইয়ের পাইকারি বাজার। রংপুর জেলার বিভিন্ন এলাকা থেকে বরই নিয়ে আসেন চাষিরা। রংপুর সিটি বাজার, রংপুর।



# বিশ্বকাপ বাছাই পর্বে কঠিন চ্যালেঞ্জ অপেক্ষা করছে বাংলাদেশের জন্য

**স্পোর্টস ডেস্ক :** ২০২২ সালের নারীদের ওয়ানডে বিশ্বকাপে র‍্যাংকিংয়ের ভিত্তিতে সরাসরি খেলেছিল বাংলাদেশ। তবে ভারতে অনুষ্ঠিত হতে যাওয়া এবারের বিশ্বকাপে সরাসরি খেলার টিকিট কাটতে পারেনি টাইগ্রেসরা। তাই বিশ্বকাপের টিকিট পেতে পাড়ি দিতে হবে বাছাই পর্ব। ভারতীয় মাটিতে অনুষ্ঠেয় নারীদের ওয়ানডে বিশ্বকাপে অংশ নিতে ৮টি দল অংশ নিবে। এর মধ্যে অস্ট্রেলিয়া, ভারত, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা এবং নিউজিল্যান্ড সরাসরি জায়গা করে নিয়েছে। বাকি দুটি দল আসবে বাছাই পর্ব থেকে। সেখানে ৬টি দল অংশ নেবে, যার মধ্যে থাকবে বাংলাদেশ, পাকিস্তান, ওয়েস্ট ইন্ডিজ, আয়ারল্যান্ড, স্কটল্যান্ড এবং থাইল্যান্ড। বাছাইপর্বে সব দল রাউন্ড রবিন লিগ পদ্ধতিতে খেলার সুযোগ পাবে, যেখানে প্রতিটি দল একে অপরের বিপক্ষে খেলে। বাংলাদেশকে এই বাছাই পর্বে ৫টি ম্যাচ খেলতে হবে। এই ম্যাচগুলোতে বাংলাদেশের কঠিন প্রতিপক্ষ হতে পারে ওয়েস্ট ইন্ডিজ এবং পাকিস্তান। এছাড়াও আয়ারল্যান্ড, স্কটল্যান্ড এবং থাইল্যান্ডের বিপক্ষে সতর্ক থাকতে হবে টাইগ্রেসদের। প্রসঙ্গত, বাংলাদেশ যদি তৃতীয় ওয়ানডেতে ওয়েস্ট ইন্ডিজকে হারাতো তাহলে সরাসরি বিশ্বকাপে খেলার সুযোগ পেত। কিন্তু শেষ ওয়ানডেতে ক্যারিয়াবিয়ানদের কাছে ৮ উইকেটের বড় ব্যবধানে হেরেছে নিগার সুলতানা জ্যোতির দল।

# জিম্বাবুয়ের টেস্ট স্কয়াডে দুই নতুন মুখ, নেই সিকান্দার রাজা


**স্পোর্টস ডেস্ক :** আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজের জন্য দল ঘোষণা করেছে জিম্বাবুয়ে ক্রিকেট (জেডসি)। ফেব্রুয়ারিতে ৩ ফরম্যাটের সিরিজ খেলবে দল দুটি। বুলাওয়ের কুইন্স স্পোর্টস ক্লাবে ৬ ফেব্রুয়ারি একটি টেস্ট ম্যাচ দিয়ে সিরিজটি শুরু হবে। ১৪,১৬ ও ১৮ ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হবে ৩ ম্যাচের ওয়ানডে সিরিজ। এবং ২২,২৩ এবং ২৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে ৩ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। জিম্বাবুয়ের টেস্ট স্কোয়াডে দুটি নতুন মুখ রয়েছে। তারা হলেন ২৭ বছর বয়সী লেগ-স্পিনার ভিনসেন্ট মাসেকেসা এবং ২৬ বছর বয়সী টপ-অর্ডার ব্যাটার নিকোলাস ওয়েলচ। এদিকে, ডিওন মায়ার্স এবং তাদিওয়ানাশে মারুমনি লাল বলের দল থেকে বাদ পড়েছেন। অভিজ্ঞ অলরাউন্ডার সিকান্দার রাজাও টেস্ট ম্যাচ মিস করবেন। কারণ সফরসূচি নিশ্চিত হওয়ার আগেই তিনি ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট খেলার জন্য চুক্তি করে ফেলেছিলেন। ওয়ানডে স্কোয়াডে দুটি পরিবর্তন




করেছে জিম্বাবুয়ে। দলে জায়গা পেয়েছেন ওয়েসলি মাধভেরে এবং নিয়াশা মায়াভো মায়ার্স। এবং টি-টোয়েন্টি দলে জায়গা পেয়েছেন জোনাথন ক্যাম্পবেল, টনি মুনিওঙ্গা এবং মায়াভো। অন্যদিকে ফারাজ আকরাম এবং তাকুদজওয়ানাশে কাইতানো এবারের টি-টোয়েন্টি ফরম্যাটে বাদ পড়েছেন।

**জিম্বাবুয়ে টেস্ট স্কোয়াড:**
ক্রেইগ আরভিন (অধিনায়ক), ব্রায়ান বেনেট, জোনাথন ক্যাম্পবেল, বেন কারান, জয়লর্ড গাম্বি, ট্রেভর গোয়ান্ডু, তাকুদজওয়ানাশে কাইতানো, ভিনসেন্ট মাসেকেসা, নিয়াশা মায়াভো, ব্লেসিং মুজারাবানি, রিচার্ড এনগারাভা, নিউম্যান ন্যামহুরি, ভিক্টর নিয়াউচি, উইলিয়ান নিয়াউচি।

**জিম্বাবুয়ে ওয়ানডে স্কোয়াড:**
ক্রেইগ এরভিন (অধিনায়ক), ব্রায়ান বেনেট, জোনাথন ক্যাম্পবেল, বেন কারান, ট্রেভর গোয়ান্ডু, ওয়েসলি মাধভেরে, তিনোতেন্ডা মাপোসা, তাদিওয়ানাশে মারুমনি, ওয়েলিংটন মাসাকাদজা, নিয়াশা মায়াভো।



# আইসিসির বর্ষসেরা টেস্ট দলের অধিনায়ক কামিন্স

স্পোর্টস ডেস্ক : দুর্দান্ত পারফরম্যান্স করে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়ন শিপের ফাইনালের টিকিট নিশ্চিত করেছে অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকা। তবে আইসিসির বর্ষসেরা টেস্ট স্কোয়াডে জায়গা পায়নি কোনো প্রোটিয়া ক্রিকেটার। একমাত্র অস্ট্রেলিয়ান হিসেবে রয়েছেন প্যাট কামিন্স। ২০২৪ সালের সেরা পারফরম্যান্সের ভিত্তিতে ২০২৪ সালের সেরা টেস্ট একাদশ ঘোষণা করেছে আইসিসি। যেখানে অস্ট্রেলিয়ার প্যাট কামিন্সকে অধিনায়কত্ব দেওয়া হয়েছে। ধারাবাহিক পারফরম্যান্সে অস্ট্রেলিয়াকে বর্ডার-গাভাস্কার ট্রফিতে ৩-১ ব্যবধানে জয়ী করেছেন তিনি। দুই ফাইনালিস্ট থেকে একজন সুযোগ পেলেও একাদশে আধিপত্য দেখিয়েছে ভারত ও ইংল্যান্ডের ক্রিকেটাররা। এবারের একাদশে ভারত থেকে তিনজন খেলোয়াড় জায়গা পেয়েছেন যশস্বী জয়সওয়াল, রবীন্দ্র জাদেজা এবং জসপ্রিত বুমরাহ। আর ইংল্যান্ডের চারজন খেলোয়াড় বেন ডাকেট, জো রুট, হ্যারি ব্রুক এবং জেমি স্মিথ দলে নিজেদের স্থান নিশ্চিত করেছেন।

# সিটির দুঃসময়ে এসি মিলানে যোগ দিলেন কাইল ওয়াকার

**স্পোর্টস ডেস্ক :** সময়টা ভালো যাচ্ছে না ইংলিশ ক্লাব ম্যানচেস্টার সিটির। লিগে শিরোপা জয়ের রেস থেকে অনেকটা ছিটকে গেছে পেপ গার্দিওলার দল। এমন সময় সিটি ছেড়ে ধারে ইতালিয়ান ক্লাব এসি মিলানে যোগ দিয়েছেন ইংল্যান্ডের রাইট-ব্যাক কাইল ওয়াকার। দুই ক্লাবের পক্ষ থেকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ২০১৭ সালে টটেনহ্যাম হটস্পার ছেড়ে ম্যানসিটিতে যোগ দেন ওয়াকার। ক্লাবটির হয়ে ছয়টি ইংলিশ প্রিমিয়ার লিগ জয়ে ভূমিকা ছিলো তার। এছাড়া ২০২৩ সালে সিটির হয়ে চ্যাম্পিয়নস লিগও জেতেন তিনি।

# লজ্জার ইতিহাস গড়ে আর্জেন্টিনার বিপক্ষে ব্রাজিলের সবচেয়ে বড় পরাজয়!

**স্পোর্টস ডেস্ক :** আর্জেন্টিনা আরেকটা গোল দিতে পারলে, ভ্যালেন্সিয়ায় মিসায়েল দেলগাদো স্টেডিয়ামে পরিণত হতো ২০১৪ সালের বিভীষিকাময় মারাকানায়! কী এমন হয়েছে মিসায়েল দেলগাদোতে? দক্ষিণ আমেরিকার অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার বিপক্ষে ৬-০ গোলে হেরেছে ব্রাজিল! না, আপনি ভুল পড়ছেন না। লিওনেল মেসির উত্তরসূরিরা গুনে গুনে ৬ বার ব্রাজিলের যুবাদের জালে বল জড়িয়েছে। তাতে সৃষ্টি হয়েছে রেকর্ড, তবে সেটা লজ্জার! ম্যাচের অবস্থা এমন ছিল যে, ব্রাজিলিয়ান অনূর্ধ্ব-২০ ফুটবলাররা বলতে পারছিল না- 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি'। আরেকটা গোল হজম করলেই ফিরে আসত ১১ বছর আগের সেই 'সেভেন-আপে'র দুঃস্বপ্ন। ঘরের মাঠে ২০১৪ বিশ্বকাপ সেমিফাইনালে জার্মানির বিপক্ষে ৭-১ ব্যবধানের হারটা আজও হজম করতে পারেনি ব্রাজিল। তবে ব্রাজিলের কি আসলেই হাঁপ ছেড়ে বাঁচার উপায় আছে? আর্জেন্টিনার বিপক্ষে এই হারও তাদেরকে ভালোই বেকায়দায় ফেলবে। কারণ জাতীয় দলের যে কোনো স্তর কিংবা পর্যায়েই (অনূর্ধ্ব-১৫ থেকে সিনিয়র দল) আর্জেন্টিনার বিপক্ষে এটাই ব্রাজিলের সবচেয়ে বড় ব্যবধানের পরাজয়। ম্যাচ শুরুর পর কিছু বুঝে ওঠার আগেই ব্রাজিল রীতিমত খেলা থেকে ছিটকে গিয়েছিল । ১১ মিনিটের মধ্যেই সেলেসাওদের জালে ৩ বার বল জড়িয়ে দেয় আর্জেন্টিনা। ম্যাচের ৬ মিনিটে রিভার প্লেটের ইয়ার সুবিয়াব্রে গোল করেন। মিনিট দুয়েক পর আলবিসেলেস্তাদের দ্বিতীয় গোলটি এনে দেন ম্যানচেস্টার সিটির ১৯ বছর বয়সী স্ট্রাইকার এচেভেরি। গোল দুটার উৎসই ছিলেন ভ্যালেন্তিনো আকুনা। পরের গোলটা আত্মঘাতী। দ্বিতীয়ার্ধে খেলা শুরুর ৭ ও ৯ মিনিটের মাথায় আর্জেন্টিনাকে গোল করেন অগাস্তিন রুবের্তো ও এচেভেরি। ম্যাচের ৭৮ মিনিটে ব্রাজিলের কফিনে শেষ পেরাকটি ঠুকেন সান্তিয়াগো হিদালগোর। নিশ্চিত হয় আলবিসেলেস্তাদের বিপক্ষে সেলেসাওদের ৬-০ ব্যবধানের হার। মহাদেশীয় চ্যাম্পিয়নশিপটির ৭১ বছরের ইতিহাসে শুক্রবার রাতের আগ পর্যন্ত ব্রাজিল কখনো তিন গোলের বেশি ব্যবধানেই হারেনি। দক্ষিণ আমেরিকার অনূর্ধ্ব-২০ পর্যায়ের এই চ্যাম্পিয়নশিপে সর্বশেষ কোনো দল ৬-০ গোলে হেরেছিল ২০১৩ সালে। বলিভিয়ার জালে ৬ বার বল জড়িয়েছিল কলম্বিয়া। এই হারের পূর্বে ১৯৪০ সালে রোকা কাপে ব্রাজিলকে ৬-১ গোলে হারিয়েছিল আর্জেন্টিনা জাতীয় দল। সেই প্রীতি আসরটি হারিয়ে গিয়েছে কালের বিবর্তনে। ভ্যালেন্সিয়াতে শুক্রবার রাতের ৬-০ ব্যবধানের ম্যাচটির আগে সুদীর্ঘ ৮৫ বছর ওই জয়টাই ব্রাজিলের বিপক্ষে জাতীয় দলের যে কোনো স্তরে সবচেয়ে বড় ছিল আর্জেন্টিনার।



# সাবালেঙ্কার স্বপ্নভঙ্গ করে অস্ট্রেলিয়ান ওপেনের নতুন রানী ম্যাডিসন



**স্পোর্টস ডেস্ক :** অস্ট্রেলিয়ার ওপেনের ফাইনালে যুক্তরাষ্ট্রের ম্যাডিসন কিসের মুখোমুখি হয়েছিল গত দুই আসরের চ্যাম্পিয়ন আরিনা সাবালেঙ্কা। হ্যাটট্রিক শিরোপা জয়ের স্বপ্ন দেখলেও তার পূরণ হতে দেননি ম্যাডিসন। জমজমাট ফাইনালে সাবালেঙ্কাকে হারিয়ে প্রথমবারের মতো অস্ট্রেলিয়ান ওপেনের শিরোপা ঘরে তুলেছেন তিনি। এতে নতুন রানী পেল অস্ট্রেলিয়ান ওপেন।

প্রথম সেটে ৬-৩ গেমে সাবালেঙ্কাকে পরাস্ত করেন ম্যাডিসন। তবে দ্বিতীয় সেটে ঘুরে দাঁড়িয়ে ৬-২ গেমে সেটটি নিজের করে নেন বর্তমান বিশ্বের নাম্বার ওয়ান টেনিস তারকা সাবালেঙ্কা। কিন্তু তৃতীয় সেটে দুর্দান্ত খেলায় ৭-৫ গেমে জয় তুলে নেন ২৯ বছর বয়সী ম্যাডিসন কিস। এ জয়ের মাধ্যমে টানা তৃতীয়বার অস্ট্রেলিয়ান ওপেন জয়ের স্বপ্ন থেমে যায় সাবালেঙ্কার। অন্যদিকে দীর্ঘ ১৬ বছরের অপেক্ষার পর গ্র্যান্ডস্ল্যাম জয়ের স্বপ্ন পূরণ হয়েছে ম্যাডিসনের। এত লম্বা সময়ের অপেক্ষার পর গ্র্যান্ডস্ল্যাম শিরোপা জয় করার ঘটনা টেনিস ইতিহাসে বিরল। এর আগে সেমিফাইনালে ইগা সোয়াতেকের বিপক্ষে কঠিন লড়াইয়ে জয় তুলে ফাইনালে পৌঁছান ম্যাডিসন। প্রথম সেট হারার পর দারুণ প্রত্যাবর্তন করেছিলেন তিনি। বিশ্বের ১৯ নম্বর খেলোয়াড় ম্যাডিসন কিস এবং সাবালেঙ্কার মুখোমুখি লড়াইয়ের ইতিহাসে সাবালেঙ্কার জয়ই বেশি। সেলিস থেকে যেসব সুবিধা পাবেন টেবিল টেনিস তারকা জাভেদ এর আগে পাঁচবারের মুখোমুখি সাক্ষাতে ম্যাডিসন জয় পেয়েছিলেন মাত্র একবার, তাও চার বছর আগে বার্লিনে। তবে এবারের ম্যাচে সাবালেঙ্কার টানা ১১ ম্যাচের জয়ের ধারা থামিয়ে দিয়ে নিজেকে প্রমাণ করলেন ম্যাডিসন। তাই ২০২৫ সালের অস্ট্রেলিয়ান ওপেন এখন ম্যাডিসনের ঐতিহাসিক জয় হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। টেনিস দুনিয়া তাকে অভিবাদন জানাচ্ছে এবং নতুন রাণীর উত্থানে বিশ্বজুড়ে উচ্ছ্বাস ছড়িয়েছে।

## লাইফস্টাইল

# ঘুমের মধ্যে নিশ্বাস বন্ধ?

**স্বাস্থ্য ডেস্ক :** ঘুমের মধ্যে নিশ্বাস নেওয়া ও প্রশ্বাস ছাড়ার প্রক্রিয়াটি কখনো থেমে যাওয়ার কথা নয়। কেননা, আমাদের মস্তিষ্কের রেসপিরেটরি সেন্টার সদা জাগ্রত থাকে। কিন্তু কখনো কারও কারও ঘুমের ভেতর শ্বাসনালির পথটি হঠাৎ বন্ধ হয়ে যায়। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় মস্তিষ্কের নির্দেশে ঘন ঘন ও গাঢ় নিশ্বাস নিতে থাকে মানুষটি। ১০ সেকেন্ড বা এর বেশি সময় শ্বাস এভাবে বন্ধ থাকলে মস্তিষ্কে অক্সিজেনের ঘাটতি দেখা দেয়।একে চিকিৎসাবিজ্ঞানে বলে হাইপোক্সিয়া। মস্তিষ্ক তখন বাঁধ্য হয়ে রোগীকে জাগিয়ে তোলে। যাদের এই প্রবণতা আছে, তাদের সারা রাতে বারবার একই ঘটনা ঘটতে থাকে। কিন্তু সকালে হয়তো তাদের তা মনে থাকে না। এই রোগের নাম স্লিপ এপনিয়া। **কাদের, কেন?** এটি বড়দের রোগ। মধ্যবয়সী পুরুষেরা এবং অতিরিক্ত ওজন বা স্থূলকায় লোকেরা বেশি আক্রান্ত হন। জন্মগতভাবে চোয়ালের হাড়ে সমস্যা বা অতিরিক্ত অ্যালকোহল বা ঘুমের ওষুধ সেবনকারী ব্যক্তিদেরও বেশি হয়। স্থূলকায় ব্যক্তিদের গলার ভেতর অতিরিক্ত চর্বি জমে অনেক সময় শ্বাসনালিকে সরু করে দেয়। যে কারণেই হোক, স্লিপ এপনিয়ার রোগীরা দিনের বেলা অবসাদ ও ঘুম ঘুম ভাবে সারাক্ষণ আক্রান্ত থাকেন। তাঁদের রাস্তাঘাটে দুর্ঘটনার ঝুঁকি প্রায় তিন গুণ বেশি। মনোযোগের অভাব, খিটখিটে মেজাজ, কর্মক্ষেত্রে অসাফল্য ও বিষন্নতার হারও তাঁদের বেশি। হৃদেরাগের আশঙ্কাও বেশি অন্যান্যের চেয়ে। **আপনি কি আক্রান্ত?** সারা রাত ঘুমের পরও ঘুম না হওয়ার অনুভূতি এবং দিনের বেলা বারবার ঘুমে তলিয়ে যাওয়ার ঘটনা ঘটতে থাকলে একটু সাবধান হোন। রাতে জোরে নাক ডাকা, হঠাৎ বন্ধ হয়ে যাওয়া ও জোরে শ্বাস নেয়ার মতো ঘটনা হয়তো আপনার শয্যাসঙ্গী লক্ষ করে থাকতে পারেন। কিছু পরীক্ষা-নিরীক্ষার সাহায্যে রোগ ও রোগের তীব্রতা নির্ণয় করা যায়। প্রাথমিকভাবে কিছু পদক্ষেপ নেওয়া যায়। যেমন: ১. শোয়ার ভঙ্গি পরিবর্তন করুন। চিত হয়ে শুয়ে তাকলে স্লিপ এপনিয়া বাড়ে। ওজন কমান। ১০ শতাংশ ওজন কমালে সমস্যা ২৫ শতাংশ কমে যায়। ২. সুষম খাবার খান। ৩. নিয়মিত ব্যায়াম করুন। এরপরও সমস্যা থাকলে রাতের বেলা বিশেষ শ্বাসযন্ত্রের ব্যবহার বা অস্ত্রোপচারের সাহায্য নিতে হতে পারে।



# গলা ব্যথা প্রশমনে যা করবেন

**স্বাস্থ্য ডেস্ক :** শীত আসতেই কমবেশি সবাই সর্দি-কাশিসহ গলা ব্যথায় ভুগছেন। ঋতু পরিবর্তনের জেরে এ ধরনের সমস্যা সাধারণ হলেও, যারা এসবের মধ্য দিয়ে যান তারাই জানেন কতটা কষ্টকর। বিশেষ করে গলা ব্যথার সমস্যা হলে তা সহজে সারতে চায় না। ফলে খাবার খেতে গেলে কিংবা ঢোক গেলা কষ্টকর হয়ে যায়। এ সমস্যার সমাধান চাইলে ঘরোয়া উপাদানে ভরসা রাখতে পারেন। বিশেষ ২ উপাদান আছে, যা গ্রহণে দ্রুত সর্দি-কাশির সমস্যার পাশাপাশি গলা ব্যথা থেকেও মুহূর্তেই নিস্তার মিলবে। ১ চামচ হলুদের সঙ্গে ৪ চামচ মধু মিশিয়ে খেলে উপকার পাওয়া যায় বলে মনে করেন আয়ুর্বেদ বিশেষজ্ঞরা। এই দুটি উপাদানই রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। হলুদে কারকিউমিনয়েড নামে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যৌগ থাকে। পলিফেনলের মতো, কারকিউমিনয়েডের অনেক নিরাময় বৈশিষ্ট্য আছে। এর ফলে সব ধরনের স্বাস্থ্য সমস্যার বিরুদ্ধে লড়াই করতে পারে। হলুদে থাকে অ্যান্টি অক্সিডেন্ট, অ্যান্টি সেপটিক, অ্যান্টি ব্যাকটেরিয়াল, অ্যান্টি ফাঙ্গাল ও অ্যান্টি ইনফ্লেমেটরি বৈশিষ্ট্য। যা সহজেই ক্ষত ও অ্যালার্জির চিকিৎসা করতে সাহায্য করে। অন্যদিকে মধু ব্যাকটেরিয়া ও সংক্রমণের বিরুদ্ধে লড়াই করে। বিজ্ঞানীরা বলছেন, ঐতিহ্যগত অ্যান্টিবায়োটিকের চেয়ে মধু বেশি শক্তিশালী।হলুদ ও মধু একসঙ্গে গ্রহল করলে কী হয়? ১. হলুদ প্রদাহ কমায়, ২. হজমশক্তির উন্নতি ঘটায় ৩. ব্যথা কমায়, ৪. ক্যানসার প্রতিরোধ করে।



# বাতজ্বর নিয়ে যত বিভ্রান্তি

**স্বাস্থ্য ডেস্ক :** বাতজ্বর বা রিউমাটিক ফিভার পাঁচ থেকে ১৫ বছরের শিশুদেরই বেশি হয়ে থাকে। বাতজ্বর থেকে পরে হৃদেরাগ, হৃদ্যন্ত্রের ভালভ নষ্ট হওয়া ইত্যাদি সমস্যা হতে পারে বলে অভিভাবকেরা রোগটি নিয়ে আতঙ্কে থাকেন। শিশুদের গিঁটে ব্যথা হলে অনেক সময় বাতজ্বর হয়েছে বলে ধরে নেওয়া হয়। সেই সঙ্গে এ ধরনের উপসর্গে শিশুর রক্তে ইএসআর, এএসও টাইটার ইত্যাদি পরীক্ষা করা হয়। এএসও টাইটার একটু বেশি পেলেই অনেক সময় বাতজ্বরের দীর্ঘমেয়াদি চিকিৎসা শুরু করে দেওয়া হয়। কিন্তু এ রোগ নির্ণয়ের সময় কিছু জরুরি বিষয় চিকিৎসক ও অভিভাবক উভয়েরই মনে রাখা উচিত: ১. কেবল এএসও টাইটার বাড?লেই বাতজ্বর হয়েছে তা বলা যাবে না। আবার এ রিপোর্ট স্বাভাবিক, মানে বাতজ্বর নেই তা-ও বলা যায় না। বাতজ্বরের অনেকগুলো সুস্পষ্ট উপসর্গ ও লক্ষণ রয়েছে, যেগুলোর সমন্বয়ে রোগটি নির্ণয় করতে হয়। ২. স্ট্রেপটোকক্কাস ব্যাকটেরিয়ার সংক্রমণে টনসিল বা গলার প্রদাহ হলে রক্তে এএসও টাইটার বাড়ে। যেকোনো নিরীহ টনসিল সংক্রমণেই এ পরীক্ষার রিপোর্ট অস্বাভাবিক আসতে পারে। তাই এটি বাতজ্বরের কোনো নিশ্চিত ও একমাত্র প্রমাণ নয়। ৩. বাতজ্বরে গলা, পিঠ, হাত ও পায়ের ছোট ছোট গিরা আক্রান্ত হয় না। ৪. ৫০ শতাংশ ক্ষেত্রে হৃৎপিণ্ডে প্রদাহ হয় না। বাতজ্বর নির্ণয় করা হলে একটি শিশুকে দীর্ঘদিন বছরের পর বছর পেনিসিলিন ইনজেকশন বা বড়ি সেবন করতে হয়। তাই চট করে চিকিৎসা শুরু করার আগে রোগ সম্পর্কে নিশ্চিত হয়ে নেওয়াই ভালো। এবার জেনে নিন বাতজ্বরের মুখ্য ও গৌণ উপসর্গগুলো, যার সমন্বয়ে রোগ নির্ণয়ে পৌঁছাতে হয়। মুখ্য উপসর্গ ১. অস্থিসন্ধির প্রদাহজনিত ব্যথা ও ফুলে যাওয়া, যা একটি সন্ধি ভালো হয়ে গেলে অন্যটিকে আক্রমণ করে, ২. হৃৎপিণ্ডের প্রদাহ বা কার্ডাইটিস, ৩. ত্বকের নিচে গোটা, ত্বকের লালচে দাগ, ৪. স্নায়ুজটিলতায় পেশির অস্বাভাবিক চলন, গৌণ উপসর্গ: জ্বর, সন্ধিতে ব্যথা, ইসিজিতে বিশেষ পরিবর্তন, রক্তে ইএসআর বা সিআরপি বৃদ্ধি ইত্যাদি। দুটি মুখ্য অথবা একটি মুখ্য উপসর্গের সঙ্গে দুটি গৌণ উপসর্গ মিলে গেলে এবং এর সঙ্গে স্ট্রেপটোকক্কাস ব্যাকটেরিয়ার সংক্রমণ প্রমাণিত হলেই কেবল বাতজ্বর হয়েছে বলে নিশ্চিত হওয়া যাবে। স্ট্রেপটোকক্কাস সংক্রমণ প্রমাণ করতে এএসও টাইটার করা হয়।

# স্তন ক্যান্সার চিকিৎসায় হরমোন থেরাপি

**স্বাস্থ্য ডেস্ক :** কেমোথেরাপি ক্যান্সার-কোষ ধ্বংস করে। কিন্তু হরমোন থেরাপি হিসেবে ব্যবহৃত ওষুধ শরীরের স্বাভাবিক কাজে বিঘ্ন সৃষ্টি করে এবং ক্যান্সার-কোষ জ্বাতে বাঁধা দেয়। হরমোন হলো প্রাকৃতীক রাসায়নিক যৌগ, যা শরীরের বিভিন্ন কাজের নিয়ন্ত্রণ করে থাকে। যেমন রক্তে চিনির মাত্রা, হাড়ের বৃদ্ধি এবং মায়ের স্তনে শিশুর দুধ তৈরি ইত্যাদি। অ্যাড্রেনালিন, ইনসুলিন, ইস্ট্রোজেন ও প্রজেস্টেরন প্রভৃতি হরমোনের উদাহরণ। কোনো কোনো স্তন ক্যান্সার সৃষ্টির জন্যই ইস্ট্রোজেন ও প্রজেস্টেরন হরমোনের প্রয়োজন হয়। তাই হরমোনসম ওষুধ প্রয়োগ করা হলে হরমোনের কাজে বাঁধা দেয়। ফলে ক্যান্সার-কোষ সৃষ্টি কমে একসময় একেবারেই থেমে যায়।

**হরমোন থেরাপি কীভাবে কাজ করে:**
স্তন ক্যান্সার, ইস্ট্রোজেন ও প্রজেস্টেরন হরমোন দিয়ে প্রভাবিত হয়ে থাকলে ক্যান্সার-কোষের আবরণীর স্থানে স্থানে হরমোন রিসেপটরও থাকে। হরমোন সেসব রিসেপটরে তালার মতো এঁটে যায় এবং কোষকে কোষবিভাজনের জন্য নাড়া দেয়।

হরমোন থেরাপি হিসেবে ব্যবহৃত ওষুধ (ইস্ট্রোজেন ও প্রজেস্টেরনের মতো কিন্তু হুবহু ইস্ট্রোজেন, প্রজেস্টেরন নয়) সেই রিসেপটরে লাগসই হয় এবং ইস্ট্রোজেন ও প্রজেস্টেরনের স্থান দখল করে। এর ফলে ক্যান্সার-কোষ কোষবিভাজনের জন্য উদ্বুদ্ধ হয় না, ফলে ক্যান্সার-কোষ জ্বায়ও না। হরমোন থেরাপির ভালো কাজ করা না-করা নির্ভর করে হরমোন রিসেপটরের উপস্থিতি এবং এর মাত্রার ওপর। রিসেপটরের উপস্থিতি জানার জন্য অপারেশনের সময় স্তন ক্যান্সারের পিণ্ড থেকে টিস্যু নিয়ে নিতে হয় এবং বিশেষ ল্যাবরেটরিতে এ ধরনের পরীক্ষা করা হয়। রিসেপটর নির্ণয় করা গেলে তাকে বলে রিসেপটর প্লাস এবং রিসেপটর অনুপস্থিত মানে রিসেপটর মাইনাস। **কীভাবে হরমোন থেরাপি দেওয়া হয়:** অপারেশনের কয়েক সপ্তাহ পর থেকে হরমোন থেরাপি শুরু করা হয়। সাধারণত খাওয়ার বড়ি হিসেবে এ ওষুধ প্রতিদিন সেবন করতে হয়। রোগীর যদি কেমোথেরাপি চিকিৎসারও প্রয়োজন হয়, সে ক্ষেত্রে মেডিকেল অনকোলজিস্টের তত্ত্বাবধানে হরমোন থেরাপি ও কেমোথেরাপি সমন্বয় করে চিকিৎসা নির্ধারণ করা হয়। **কত দিন হরমোন থেরাপি চালিয়ে যেতে হবে:** দীর্ঘদিন ধরে স্তন ক্যান্সারে।



# গর্ভাবস্থায় মাইগ্রেন

**স্বাস্থ্য ডেস্ক :** নারীর মাইগ্রেন বেশি হয়। মাসিকের আগে-পরে হরমোনের ওঠানামা, জন্মবিরতিকরণ বড়ি, কিছু বিশেষ খাবার-দাবার যেমন চকোলেট, পনির ইত্যাদি নারীদের মাইগ্রেনে আক্রান্ত হওয়ার কারণ হয়ে দাঁড়ায়। তবে বেশির ভাগ ক্ষেত্রে গর্ভধারণকালে এই নারীদের মাইগ্রেনের প্রকোপ অনেকটাই কমে আসে। তার পরও যদি গর্ভাবস্থায় মাইগ্রেনে আক্রান্ত হয় তবে কিছু বিশেষ সতর্কতা অবলম্বন করা উচিত। কেননা এই সময় অনেক ওষুধ চাইলেও সেবন করা যাবে না। রক্তে শর্করাস্বল্পতা ও পানিশূন্যতা মাথাব্যথার পরিমাণ বাড়াবে। তাই এ সময় ঘন ঘন কম পরিমাণে আহার করতে হবে, প্রচুর পানি খেতে হবে এবং শর্করাজাতীয় খাদ্য অল্প পরিমাণে হলেও খেতে হবে। চাই প্রচুর বিশ্রাম। ওষুধ যথাসম্ভব এড়িয়ে চলতে হবে, বিশেষ করে প্রথম তিন মাসে। প্যারাসিটামল জাতীয় ওষুধ নিরাপদ। তবে অন্য সময় মাইগ্রেনে যেসব ওষুধ দেওয়া হয় যেমন: কোডিন, ট্রিপট্যান বা আরগোটঅ্যামাইন ইত্যাদি খাওয়া নিষেধ। শিথিলায়ন পদ্ধতি কাজে আসতে পারে। মানসিক চাপ কমান, হাসিখুশি থাকার চেষ্টা করুন।

# খেজুরের রস খাওয়ার আগে যেসব বিষয় লক্ষ রাখতে হবে

**স্বাস্থ্য ডেস্ক :** খেজুরের রস হলো একটি প্রাকৃতিক এবং পুষ্টিকর পানীয়, যা শীতকালে বিশেষভাবে জনপ্রিয়। এটি খাওয়ার ফলে কয়েকটি স্বাস্থ্য উপকারিতা এবং সতর্কতা রয়েছে। গত এক দশকেরও বেশি সময় ধরে এই খেজুরের রস খাওয়ার ক্ষেত্রে নিপাহ ভাইরাস আতঙ্ক দেখা দিয়েছে। খেজুরের রস গ্লুকোজ এবং ফ্রুক্টোজ সমৃদ্ধ, যা তাৎক্ষণিক শক্তি জোগায়। এতে আয়রন, পটাশিয়াম, ম্যাগনেসিয়াম এবং ভিটামিন বি থাকে, যা শরীরের নানা কার্যক্রমে সহায়ক। এতে প্রাকৃতিক এনজাইম রয়েছে, যা হজম প্রক্রিয়াকে সহজ করে। তবে খেজুরের রস দ্রুত ফরমেন্টেড হয়ে টডি (অ্যালকোহলিক পানীয়) এ পরিণত হয়। তাই দীর্ঘ সময় রেখে দিলে এটি পান করলে ক্ষতি হতে পারে। ডায়াবেটিক রোগীদের এটি সাবধানে খেতে হবে, কারণ এতে প্রাকৃতিক চিনি থাকে।নিপাহ ভাইরাসের ঝুঁকি-বাদুড় যখন খেজুরের রসে মুখ দেয়। তখন তাদের মুখ থেকে নিঃসৃত লালা এমনকি তাদের মলমূত্র খেজুরের রসের সাথে মিশে যায়। এই দূষিত রস কাঁচা অবস্থায় খেলে নিপাহ ভাইরাস সরাসরি মানুষের মধ্যে সংক্রমিত হতে পারে। এর ফলে জ্বর, মাথাব্যথা, দুর্বলতা, শ্বাসকষ্ট, কাশি, বমি, ডায়রিয়া নানা ধরণের শারীরিক জটিলতা দেখা দেয়। যা মৃত্যুর কারণ পর্যন্ত হতে পারে। নিপাহ ভাইরাস সংক্রমণ প্রতিরোধে কোন টিকা বা কার্যকর চিকিৎসা নেই। এ কারণে খেজুরের রস খাওয়া বন্ধ করে দেবেন, বিষয়টা তা নয়, এক্ষেত্রে কিছু বিষয়ে সতর্ক হলেই হবে।সতর্কতা-চলতি বছর নিপাহ ভাইরাসে আক্রান্ত হয়েছিলেন ৫ জন। আক্রান্ত ৫ জনই মারা গেছেন। অন্যদিকে ২০২৩ সালে নিপাহ ভাইরাসে ১৩ জন আক্রান্ত হয়ে মারা যান ১০ জন। এতে ওই বছর এই ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুহার ছিল ৭৭ শতাংশ। চলতি বছর মৃত্যুহার দাঁড়িয়েছে শতভাগ।

